আর্তনাদ

পুজা করি বলে আমায় মেরো না

সত্যকে আজ হত্যা করে
অত্যাচারীর খাঁড়ায়
নেই কিরে কেউ সত্য সাধক
বুক খুলে আজ দাঁড়ায়।

—নজ(ল

সম্পাদনা
নিখিল বঙ্গ নাগরিক সংঘ

প্রকাশক ঃ সুভাষ চক্র(বর্তী
সাধারণ সম্পাদক ঃ নিখিল বঙ্গ নাগরিক সংঘ
(একটি মানবাধিকার সংগঠন)
স্কুলপাড়া, শ্রীখণ্ডা, কোলকাতা-৭০০১৫২
ফোন ঃ ৯৭৪৮৪৫৪৪৭২
ই-মেইল ঃ nbns23111977@gmail.com

প্রকাশকাল ঃ জানুয়ারী, ২০১৪

প্রকাশক কর্তৃক সর্বসত্ব সংরা(ত

প্রচ্ছদ এবং অভ্যন্তরে ঃ বাংলাদেশে বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত ছবি

ঃ প্রচ্ছদ পরিচিতি ঃ

প্রথম পাতা

১। খাগড়াছড়ির রামগড় উপজেলার বড় পিলাক এলাকায় মুসলিম দুর্বৃত্তদের হামলায় নিহত হিন্দু সুনীল চন্দ্র সরকারের স্ত্রীর আর্তনাদ। —প্রথম আলো ১৭ এপ্রিল ২০১১, ঢাকা

২। ফরিদপুরে মুসলিম দুর্বৃত্তের হামলায় নিহত ইউ পি চেয়ারম্যান মলয় বসুর স্ত্রী ববিতা বসুর আর্তনাদ।
—প্রথম আলো ৮ ফেব্রুয়ারী ২০১২

৩। নারায়ণগঞ্জের রূপগঞ্জে ডিংরাবো এলাকায় হিন্দু গৃহবধূ স্মৃতি মল্লিককে গলা টিপে হত্যা করলো কতিপয় মুসলিম দুর্বৃত্ত। মাতৃহারা সন্তান ও আত্মীয়দের আর্তনাদ। —দৈনিক ডেসটিনি

৪। মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ২ নং পুল এলাকায় ২০ মে ২০১২ হিন্দু ছাত্র এইচ. এস. সি. পরী(াত্রী পুলক পালকে ছুরিকাঘাতে হত্যা করলো কতিপয় মুসলিম দুর্বৃত্ত। নিহত পুলকের মায়ের আর্তনাদ।
—প্রথম আলো, ১৬ এপ্রিল ২০১২

৫। নিচে ৫ মার্চ ২০১৩ হেফাজত ইসলামের ঢাকা শহরে উগ্র বি(োভ।
—দৈনিক জনকণ্ঠ, ৬ মার্চ ২০১৩

চতুর্থ পাতা

১। ২৮ ফেব্রুয়ারী ২০১৩ রাতে, নোয়াখালীর বেগমগঞ্জে জামায়াত শিবির কর্মীদের নির্মম হত্যার শিকার অবুঝ হিন্দু শিশু।

২। কক্সবাজারের রামুতে প্রাচীন বৌদ্ধ মন্দির ও সংখ্যালঘুদের বাড়িতে জামায়াত শিবিরের লাগিয়ে দেওয়া আগুনে জ্বলছে।

—নেট থেকে সংগৃহীত

উৎসর্গ

পূর্ববঙ্গে নির্যাতিত ধর্মীয়
সংখ্যালঘুদের উদ্দেশ্যে
উৎসর্গ করা হলো।

ভূমিকা

নিখিলবঙ্গ নাগরিক সংঘ কলকাতা ভিত্তিক একটি মানবাধিকার সংগঠন। এই সংগঠেনের ল(্য হচ্ছে বাংলাদেশে বসবাসকারী ধর্মীয় সংখ্যালঘুদের মানবাধিকার সুনিশ্চিত করা। সংগঠনের জন্ম ২৩ নভেম্বর ১৯৭৭ সাল। জন্মলগ্ন থেকেই এন. বি. এন. এস. বাংলাদেশের সংখ্যালঘুদের মানবাধিকার র(ায় নিরলসভাবে কর্মরত। বিভিন্ন পর্যায়ে দেখা গেছে বাংলাদেশ সরকারের ব্যর্থতার কারণে গত সাত দশকে সংখ্যালঘুদের মানবাধিকার শোচনীয় পর্যায়ে পর্যবসিত হয়েছে।

বর্তমান বাংলাদেশে উগ্র ধর্মীয় সংগঠনগুলি ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। জেহাদী তত্ত্বের উপর ভিত্তি করে সংখ্যালঘুদের উপরে যে আত্র(মণ নেমে এসেছে তাতে সংখ্যালঘুদের ধর্মীয় ভাবাবেগেই শুধু আঘাত হানছে না, ভূমি পুত্রদের উত্ত(ভূখণ্ডে বসবাসের স্থায়ীত্ব নিয়ে সন্দেহ দেখা দিয়েছে। ১৯৯০-এর দশক থেকে ইসলামী রাজনৈতিক সংগঠনগুলি উত্থানের ফলে সংখ্যালঘুদের অস্তিত্বের সংকট দেখা দিয়েছে। ইতিমধ্যে সংখ্যালঘুদের এক বৃহৎ অংশ দেশত্যাগ করে ভারতে উদ্বাস্তু জীবন যাপন করছেন।

১৯৮০-এর দশকে বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায় প্রতিটি জেলায় উপস্থিতি ল(্য করা যেত। তাদের মধ্যে উল্লেখযোগ্য চট্টগ্রাম, খুলনা, যশোহর, দিনাজপুর, ফরিদপুর ও বরিশাল। ১৯৪১ সালে তদানীন্তন পূর্ব-পাকিস্থানে সমগ্র জনসংখ্যার ২৮ শতাংশ ছিল হিন্দু। কিন্তু ১৯৫১ সালে তা কমে দাঁড়ায় ২২.৫। পূর্ব-পাকিস্থান থেকে বিত্তশালী ও উচ্চবর্ণের হিন্দুদের ভারতে চলে যাওয়ার কারণে হিন্দু জনসংখ্যা ত্র(মহ্রাসমান হয়েই চলেছে। বিশেষ করে ১৯৭১ সালে পাকিস্থান সেনাবাহিনী কর্তৃক হিন্দু নরসংহার একটি উল্লেখযোগ্য কারণ।

নব্য স্বাধীনতাপ্রাপ্ত স্বাধীন বাংলাদেশের সংবিধান অনুযায়ী ধর্ম নিরপে(এবং সাম্য সকল দেশবাসীর জন্য প্রদান করা হয়েছিল। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ৮০ লাখ হিন্দু বাস্তুচ্যুত হয়েছিল। ২৭ লাখ হিন্দু গণহত্যার শিকার হয়েছিল। তথাপি সংখ্যাগু(মুসলিম সম্প্রদায়ের নিকট থেকে সামান্যতম সহানুভূতি পেল না। যা পর্যায়ত্র(মে তীব্র তিক্ত(তার সৃষ্টি করল দু'টি সম্প্রদায়ের মধ্যে। পরবর্তীকালে রাষ্ট্রপতি জিয়াউর রহমান ধর্ম নিরপে(তা সংজ্ঞাটিকে বাদ দিয়ে দেন সংবিধান থেকে এবং প্রতিস্থাপিত করেন ইসলামী জাতীয়তাবাদের যা সমাজে প্রথিত হয়েছে। জিয়াউর রহমান বহু দলীয় ব্যবস্থা পুনঃ প্রবর্তন করেন। এই সময় জামায়াতে ইসলাম পূর্ণ সংগঠিত হয়ে নির্বাচনে অংশগ্রহণ করেতে শু(করে। ১৯৮৮ সালে রাষ্ট্রপতি হুসেন মোহাম্মদ এরশাদ ইসলামকে বাংলাদেশে রাষ্ট্রধর্ম ঘোষণা করেন। বাম ছাত্র ও সংখ্যালঘু সংগঠনগুলো এই ঘোষণার তীব্র প্রতিবাদ করেন। আওয়ামীলিগ ও বি. এন. পির প(প্রতিবাদের পরিবর্তে নীরব সমর্থন করতে দেখা যায়। ১৯৯০ সালে এরশাদ প্রশাসন প্রবলভাবে ধীকৃত হয় বাবরি মসজিদ সংত্র(ান্ত সাম্প্রদায়িক দাঙ্গায় সংখ্যালঘুদের র(া করার (ে ত্রে ব্যর্থতার কারণে। ১৯৯২ সালে সংখ্যালঘুরা প্রবলভাবে আত্র(ান্ত হয় মুসলিম মৌলবাদীদের দ্বারা। ২০০ অধিক মন্দির ধ্বংস হয়। বহু হিন্দু নর নারী আত্র(ান্ত, ধর্ষিত এবং নিহত হয়। ২০০১ সালে সংসদ নির্বাচনের পরে ইসলামীপন্থী জোট বি. এন. পির নেতৃত্বে (মতায় আসেন, তখন সংখ্যালঘু সম্প্রদায় ও ধর্ম নিরপে(মুসলিমরা তদানীন্তন প্রশাসনের আত্র(মণ ও রোষের শিকার হয়। হাজার হাজার ধর্মীয় সংখ্যালঘু নাগরিক ধর্মীয় হিংসা এবং ত্র(মবর্ধমান ইসলামী সন্ত্রাসের হাত থেকে পরিত্রাণের জন্য প্রতিবেশী ভারতে আশ্রয় গ্রহণ করে। ২০১৩ সালে ২৮শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক যুদ্ধ অপরাধ বিচারালয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামের সহ সভাপতি দেলওয়ার হোসেন সাঈদিকে দণ্ডিত করেন বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধে অপরাধ করার জন্য। এই বিচারের প্রতিবাদে বাংলাদেশের বিভিন্ন স্থানে জামাত-ই ইসলাম ও তাদের অঙ্গ সংগঠন ছাত্র শিবির অন্যান্য মুসলিম মৌলবাদী সংগঠনগুলির প্রবল আত্র(মণের শিকার হয় হিন্দুরা। সম্পত্তি লুট, মন্দির ও বাড়িতে অগ্নি সংযোগ করা হয়। আত্র(মণের তীব্র নিন্দা করে সংখ্যালঘু

নেতৃবৃন্দ বিচারের দাবি জানায়। বাংলাদেশ সুপ্রিম কোর্ট প্রশাসনকে নির্দেশ দেন অবিলম্বে আত্র(মণের তদন্তের জন্য। বাংলাদেশে নিযুক্ত(মার্কিন দূত সহ আন্তর্জাতিক সমাজ সংখ্যালঘুদের উপর জামায়াতের আত্র(মণের তীব্র উদ্বেগ প্রকাশ করেন।

এই (ুদ্র পুস্তিকাটি হলো বাংলাদেশে নির্যাতীত সংখ্যালঘুদের প্রতি শ্রদ্ধার্ঘ। একটি প্রচেষ্টা বাংলাদেশে রাষ্ট্র সমর্থিত সংখ্যালঘু নাগরিকদের উপর হামলার প্রকৃত ছবি আন্তর্জাতিক সমাজের কাছে তুলে ধরা। বাংলাদেশ কি আরো একটি তালিবান রাষ্ট্র হতে চলেছে? বাংলাদেশে একটি জাতীয়তাবাদী অংশ প্রত্যাশা করে সমগ্র বি(ে ১৯৭১ কৃত যুদ্ধ অপরাধের জন্য (মা প্রার্থনা করেন। কিন্তু তারা এখন নিজেরা কি করছেন? তারা কি সংখ্যালঘু নাগরিকদের প্রতি একই আচরণ করছেন না? প্রকৃত রূঢ় সত্য হলো ১৯৭১ সালের পরে বাংলাদেশে সংখ্যালঘু নাগরিক নির্যাতন পাকিস্থান আমলের আর একটি ছবি। জঙ্গলের রাজত্ব বাংলাদেশে এখনও বর্তমান। কিন্তু সেখানকার শুভ বুদ্ধিসম্পন্ন প্রগতিশীল নাগরিক সমাজ রাজনৈতিক বাধ্যবাধকতাকে অগ্রাহ্য করে সেখানকার সংখ্যালঘু র(ার্থে উঠে দাঁড়াতে হবে। সংখ্যালঘু নাগরিকদের শ্রদ্ধা ও সম্মান করতে হবে। জাত ও ধর্মের ভিত্তিতে ভেদাভেদ করা যাবে না। জামাত ও অন্যান্য মৌলবাদী সংগঠনকে রাজনৈতিক বৃত্তের বাইরে রাখতে হবে। যথেষ্ট হয়েছে! দেশের উন্নয়ণের স্বার্থে সরকার এবং বিরোধী দলগুলোকে এক সাথে কাজ করতে হবে। জেহাদী শক্তি(কে নির্মুল করে গণতান্ত্রিক বাংলাদেশের ভিত্তিকে শক্তি(শালী এবং স্থায়ী করতে হবে।

“বাংলাদেশে ৯% মতো সংখ্যালঘু জনগোষ্ঠী আছে, তাদের ভোটাধিকার থাকার প্রয়োজন নেই। কারণ বাংলাদেশে মুসলিমরা সংখ্যাগরিষ্ঠ। সংখ্যালঘুদের সেখানে মতামতের কি মূল্য আছে? তাদের মতামত শোনাই বা হবে কেন। পূর্ণ নাগরিক অধিকার তাদের দেওয়াই উচিত নয়।”

—আল্লামা শফি, বাংলাদেশ হেফাজত ইসলাম নেতা, চট্টগ্রাম বাংলাদেশ

হিন্দু বিতাড়নের হুমকি
সাত(ীরায় জামায়াত হেফাজতের পোস্টার

দেশ থেকে হিন্দুদের বিতাড়ন করা হবে, ভেঙ্গে ফেলা হবে সকল শহীদ মিনার, প্রয়োজনে কালীগঞ্জের ফতেপুর ও চাকদাহের মতো ঘটনা আবারও ঘটানো হবে—এমন সব হুমকি দিয়ে জামায়াত ও হেফাজতের নামে সাত(ীরার কালীগঞ্জে হাতে লেখা পোস্টার সাঁটা হয়েছে। বিভিন্ন শি(া প্রতিষ্ঠানের দেয়াল ছাড়াও এই পোস্টার গ্রামের বিভিন্ন বাড়ির দেয়ালে লাগানো হয়েছে। লাল কালিতে হাতে লেখা এ ধরনের পোস্টার সাঁটার পর এলাকায় সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এ ধরনের ৬টি পোষ্টার জব্দ করার কথা স্বীকার করে মঙ্গলবার বিকেলে বলেন, এর সঙ্গে জড়িতদের খুঁজে বের করার চেষ্টা করা হচ্ছে।

বিষু(পুর প্রাণকৃষ(স্মারক বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শি(ক অজয় কুমার মণ্ডল সাংবাদিকদের জানান, মঙ্গলবার ভোরে বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্য সমীর কুমার মণ্ডলসহ কয়েকজন বাড়ি থেকে বের হয়ে প্রাতভ্রমণের সময় স্কুলের দেয়ালে আলতা দিয়ে হাতে লেখা কয়েকটি পোস্টার সাঁটা দেখতে পান। পোস্টারে বলা হয় বাংলাদেশে বিজয় দিবস, শহীদ দিবস, স্বাধীনতা দিবস পালন করা যাবে না। ভেঙ্গে ফেলা হবে সব শহীদ মিনার। নারীরা চাকরি করতে পারবে না। এ কথা উল্লেখ করে পোস্টারে আরও বলা হয় এদেশে বৈশাখী মেলা এবং জাতীয় শোক দিবস পালন করা চলবে না। যুদ্ধাপরাধীদের কোন বিচার মানি না উল্লেখ করে পোস্টারে আরও লেখা আছে দেলোওয়ার হোসেন সাঈদীর ফাঁসির রায় কার্যকর করা হলে তার ফল দেখিয়ে দেয়া হবে। হেফাজত ঘোষিত ১৩ দফা দাবি না মানা হলে তার পরিণতি হবে ভয়াবহ। এ ধরনের পোস্টার বিষু(পুরের বিভিন্ন দেয়ালে সেঁটে দেয়া হয়েছে।

এ ব্যাপারে কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলী আযম খান জানান, পুলিশ বিষু(পুর প্রাণকৃষ(স্মারক বহুমুখী উচ্চ বিদ্যালয়ের দেয়ালে সাঁটানো আলতা দিয়ে লেখা ছয়টি পোস্টার মঙ্গলবার উদ্ধার করেছে। এ ঘটনার থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে।

—দৈনিক জনকণ্ঠ ২৪ আগস্ট ২০১৩, ঢাকা

সংখ্যাগু(র দখল-মানসিকতা

আবুল মোমেন

বাঘাইছড়ি ও খাগড়াছড়ির ঘটনার পর মনে হচ্ছে এ দেশের ধর্মীয় সংখ্যাগু(মুসলিম জনগোষ্ঠীর প্রতিবেশী ধর্মীয় সংখ্যালঘু জনগোষ্ঠী সমূহের প্রতি মনোভাব ও তাদের প্রতি দায়িত্ব পালনের মান সম্পর্কে প্র(্ন তোলা যায়। ১৯৪৭-এর দেশভাগ থেকে ধরলে সংখ্যাগু(সংখ্যালঘু সম্পর্ক ও দায়িত্ব গ্রহণের প্র(্নটি জ(রি ও জোরালোভাবে উঠে আসবে। কারণ, ধর্মীয় সাম্প্রদায়িক ভেদনীতির ওপর প্রতিষ্ঠিত রাষ্ট্র পাকিস্তান তার জন্মকালীন এই ধর্মীয় প(পাত ও বিপ(তার আদর্শিক ভূমিকার জন্যই সংখ্যালঘুর আস্থা অর্জনে স(ম হয়নি।

১৯৪৬-এ কলকাতা ও নোয়াখালীর দাঙ্গার পর বাংলায় হিন্দু-মুসলিম সম্পর্কে সন্দেহ ও আস্থাহীনতা জোরদার হয়। সাধারণত প্রত্যন্ত গ্রামাঞ্চলে ধর্ম নির্বিশেষে মানুষের সহাবস্থানের সংস্কৃতি অনেক জোরালো ও বিকাশমান থাকে এবং বাংলায় তার ঐতিহ্যও সুদীর্ঘ। কিন্তু নোয়াখালীর দাঙ্গা সে ধারায় (ত সৃষ্টি করে। কেবল ১৯৪৭ সালের দেশভাগের পটভূমিতে এক বছরেই প্রায় ১১ লাখ হিন্দু এ দেশ ত্যাগ করে ভারতে চলে যায়। এদের অধিকাংশই ছিল আতঙ্কিত সর্বস্ব হারানো ছিন্নমূল উদ্বাস্তু—যদিও এদের মধ্যে সাড়ে তিন লাখ ছিল গ্রামীণ মধ্যবিত্ত, দুই লাখের মতো স্বচ্ছল কৃষক ও কারিগর শ্রেণীর মানুষ। দেশভাগের সময় পূর্ববঙ্গে (অর্থাৎ বাংলাদেশে) শতকরা ২৯ ভাগ সংখ্যালঘুর বসবাস ছিল। কিন্তু ১৯৫১ সালের জনসংখ্যা জরিপে দেখা যায় সে সংখ্যা নেমে দাঁড়িয়েছে শতকরা ২২ ভাগে। এভাবে দশকওয়ারি জনসংখ্যা জরিপগুলো পর্যবে(ণ করলে দেখা যাবে তাতে সংখ্যালঘুর অনুপাত ধারাবাহিকভাবে কমেছে। কমতে কমতে সরকারি হিসাবে এ সংখ্যা এখন শতকরা ১২ ভাগের মতো। এই পরিসংখ্যানগুলো বি(ে-ষণ করে গত ৬০ বছরে এ দেশ থেকে কত সংখ্যালঘু দেশত্যাগ করেছে তার মোট হিসাব বের করা সম্ভব এবং তা যে বিরাট একটি সংখ্যা হবে সে বিষয়ে কোনো সন্দেহ নেই। দুঃখের বিষয় হলো, সংখ্যালঘুর দেশত্যাগ এখনো অব্যাহত রয়েছে। রাষ্ট্র এবং সমাজ এ বিষয়ে যথেষ্ট সতেচন নয়, প্রতিকারের সচেষ্ট নয় এবং অবস্থার শিকার যারা, তাদের প্রতি প্রয়োজনীয় সংবেদনশীল নয়।

এ বিষয়টিকে ভারতের হিন্দু মুসলিম দাঙ্গার সংখ্যাগত ও ব্যাপকতার প্রে(াপটে বাংলাদেশের দাঙ্গা-পরিস্থিতির বিচারে মূল্যায়ন করার মানসিকতা দেখা গেছে। ভারতবর্ষে রাষ্ট্র যেহেতু সাম্প্রদায়িক নয়, আইন ও প্রতিষ্ঠান যেহেতু সবার সমানাধিকার র(ায় স্পষ্টভাবে অঙ্গীকারবদ্ধ, তাই সামাজিক যে সাম্প্রদায়িকতা, তাকে মোকাবিলা করার মতো সাহস ও উদ্দীপনা মুসলমান ও অন্য সংখ্যালঘুরা পেয়ে থাকে। তাতে দেখা যায়, ভারতবর্ষে গত ৬০ বছরে ছোট-বড় অনেক সাম্প্রদায়িক দাঙ্গা হলেও '৪৭- ও '৫০ এবং '৬৪-র দাঙ্গা ব্যতীত অন্য সময়ে ধারাবাহিক দেশত্যাগের ঘটনা ভারতের দিক থেকে ঘটেনি। বাংলাদেশের বহির্মুখী ও দেশমুখী অভিবাসনের পরিসংখ্যান পেলে তা থেকে বিষয়টি সহজেই পরিষ্কার হবে। তবে সমাজের দিকে চোখ রাখলেও প্রবণতা কোন দিকে তা বুঝতে অসুবিধা হয় না।

পাকিস্তান রাষ্ট্রটি সাম্প্রদায়িক ভেদনীতির ওপর সৃষ্টি হয়েই (ান্ত হয়নি, সংখ্যালঘুর আস্থা ও মনোবল ভেঙে দেওয়ার জন্য সরকারে বহু পদ(পকেই দায়ী করা যাবে। ১৯৫০ সালের দাঙ্গার পটভূমিতে পাকিস্তান ও ভারতের তৎকালীন দুই প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহ(ও লিয়াকত আলী খানের মধ্যে উভয় রাষ্ট্রে সংখ্যালঘুদের ধর্ম-নির্বিশেষে নাগরিক সামনাধিকারের নিশ্চয়তা দিয়ে চুক্তি(স্বা(রিত হলেও পাকিস্তান সরকার সে অনুযায়ী পদ(েপ নেয়নি। বরং বিপরীত ব্যবস্থাই গ্রহ করেছে, যাতে এ দেশের ধর্মীয় সংখ্যালঘু জনগোষ্ঠীর মনোবল আরও ভেঙে পড়ে। কয়েকটি

উদাহররণ দেওয়া যাক। ১৯৫১ সালে পাকিস্তানের আইনসভায় এমন দুটি আইন পাস করা হয়, যাতে সংখ্যালঘুদের স্থাবর অস্থাবর সম্পত্তি হুমকির সম্মুখীন হয়। এ দুটো আইন হচ্ছে—ইস্টবেঙ্গল ইভাকুই প্রোপার্টি (রেস্টোরেশন অব পোজেশন) অ্যা অব ১৯৫১ এবং ইস্টবেঙ্গল ইভাকুইস (অ্যাডমিনিষ্ট্রেশন অব ইমমুভেবল প্রোটার্টি) অ্যা অব ১৯৫১।

এখানে একটা কথা স্মরণ করা দরকার যে বাংলায় (এবং ভারতবর্ষেও) ইংরেজের সঙ্গে সহযোগিতার নীতি গ্রহণ করার ফলে চাকরি, আয়-উপার্জন ও স্থাবর অস্থাবর সম্পত্তি মালিকানার দিক থেকে হিন্দুসমাজ মুসলমানদের চেয়ে এগিয়ে ছিল। ফলে সংখ্যাগত দিক থেকে পূর্ববঙ্গ হিন্দু সংখ্যালঘু হলেও তার হাতে স্থাবর-অস্থাবর সম্পত্তির পরিমাণ ছিল আনুপাতিক এবং সামগ্রিক উভয় হিসেবেই বেশি।

এদিকে দেশভাগের ফলে অনাস্থা ও আতঙ্কের মধ্যে ভিটেমাটি ছেড়ে দেশত্যাগ এবং সহায় সম্পত্তি নিয়ে চরম ভোগান্তির অশনিসংকেত প্রদানকারী এই দুটি আইন তথা রাষ্ট্রীয় সন্ত্রাসের মুখে অসহায় মানুষের দেশত্যাগ সংখ্যাগু(সমাজের মধ্যে একশ্রেণীর উচ্চভিলাষী নৈতিকতা বর্জিত মানুষেরও জন্ম দেয়, যারা সস্তায় কিংবা গায়ের জোরে সংখ্যালঘুর সম্পত্তি দখলের দিকে মনোযোগী হয়।

এখানে কয়েকটি কথা সবিনয়ে জানাতে চাই। বাংলাদেশে একশ্রেণীর মানুষের মধ্যে তারা সংখ্যায় বাড়ছে কেন, কখন, কীভাবে একটি দখল-দারির মনোবৃত্তি ও তাদের ভূমিকার ফলে রাজনীতি প্রশাসনসহ সমাজে একটি দখলদারির সংস্কৃতি গড়ে উঠল, তা আমাকে অনেক দিন ধরে ভাবাচ্ছে। এ প্রবণতা মজ্জাগত হয়ে পড়েছে কি না এবং তার ব্যাপকতা কতখানি তা আরও গভীর পর্যবে(ণের বিষয়, তবে তা যে উদ্বেগজনক পর্যায়ে ও মাত্রায় পৌঁছেছে সে বিষয়ে সন্দেহ নেই। এ প্রবণতা বজায় রেখে যেমন গণতন্ত্র চর্চা ও গণতান্ত্রিক সংস্কৃতির বিকাশ সম্ভব নয়, তেমনি সম্ভব নয় স্বাধীনতার মতো কোনো অর্জনকে রাষ্ট্র ও সমাজের জন্য ফলপ্রসু করে তোলো।

রাষ্ট্রের সহযোগিতার প্রধানত হিন্দুদের এ দেশে দ্বিতীয় শ্রেণীর নাগরিক, প্রান্তি অভাজন এবং অসহায় সংখ্যালঘুতে পরিণত করা হয়েছে। ১৯৫২ ও ১৯৫৪ সালে পাকিস্তানের আইনসভা এমন দুটি আইন পাস করে, যাতে সংখ্যালঘুদের মনোবল একেবারেই ভেঙে পড়ে। এ আইন দুটি হলো—ইস্টবেঙ্গল প্রিভেনশন অব ট্রান্সফার অব প্রোপার্টি অ্যাণ্ড রিমুভেবল ডকুমেণ্টস অ্যাণ্ড রেকর্ডস অ্যাণ্ড অব ১৯৫২ এবং ইস্ট পাকিস্তান ডিণ্টার্বড পারসনন (রিহ্যাবিলিটেশন) অর্ডিন্যান্স অব ১৯৫৪। এ আইনগুলোর ফলে সরকারি অনুমতি ছাড়া সংখ্যালঘুরা তাদের নিজস্ব সম্পত্তি বিক্রি(র অধিকার হারায়। ১৯৫৭সালে জারিকৃত 'পাকিস্তান (অ্যাডমিনিষ্ট্রেশন অব ইভাকুইজ প্রোপাটি) আ* XII অব ১৯৫৭ এবং ১৯৫৯ সালে সামরিক শাসক আইউব যখন ছয়জন বিশিষ্ট সংখ্যালঘু নেতাকে নির্বাচনের অযোগ্য ঘোষণা করেন। (EBDO) তখন আরেকবার হিন্দুরা উপলব্ধি করে রাষ্ট্র ও সরকারের ভূমিকা তাদের প্রতি কতটা বৈরী ও আত্র(মণাত্মক,।

১৯৬৫ সালের স্বল্পস্থায়ী পাকিস্তান ভারত যুদ্ধের প্রতিফলন হিসাবে প্রণীত হয় দীর্ঘস্থায়ী শত্রু সম্পত্তি আইন, যা প্রায় নির্বিচারে হিন্দু সম্প্রদায়ের স্বার্থের পরিপন্থীভাবে ব্যবহৃত হয়েছে। এই কালাকানুন এখনো অর্পিত সম্পত্তি আইন নামে বহাল রয়েছে। ১৯৬৪ সালের যুদ্ধ ও পরবর্তীকালের এই কালাকানুনের কারণে হিন্দুদের দেশত্যাগ বেড়ে যায়।

মুক্তি(যুদ্ধের সময় পাকিস্তানি সরকার, পাকিস্তানি সামরিক বাহিনী এবং তাদের এ দেশীয় দোসরদের দিক থেকে নির্বিচারে সম্প্রদায় হিসেবেই হিন্দুমাত্রই শত্রু হিসেবে বিবেচিত হয়ে তাদের সম্মিলিত সর্বাত্মক হামলার সম্মুখীন হয়। তাই সেদিন প্রায় ৭০ লাখ হিন্দু উদ্বাস্তু হয়ে ভারতে আশ্রয় নেয়।

এক বৈরিতা ও প্রতিকূলতার মধ্যেও পাকিস্তান আমলে কি রাজনীতি কি সাংস্কৃতিক সংগ্রামে হিন্দুসহ সব সংখ্যালঘু মুলধারায় যুক্ত(ছিল। সেটি ত্র(মহ্রাসমান হলেও প্রভাবক ভূমিকায় তখনো ছিল তারা। সবার মতো তাদেরও স্বাধীন

বাংলাদেশে সব অন্যায় অবিচারের অবসান হয়ে সমানধিকারের ভিত্তিতে কারও অনুকম্পা ব্যতিরেকে মর্যাদার সঙ্গে বসবাস করার ইচ্ছা ছিল। কিন্তু স্বাধীন বাংলাদেশও সেই স্বপ্ন র(া তো করেইনি, বরং তাকে ফিকে করেছে, এমনকি ভেঙে দিয়েছে। স্বাধীনতার পরপর পূজামণ্ডপে ব্যাপকভাবে প্রতিমা ভাঙার বিষয়টিকে আমি স্বাধীনতা পরবর্তী সরকারকে নাকাল করার জন্য পরাজিত পাকিস্তানি পন্থীদের অপতৎরতা হিসেবে দেখতে রাজি আছি। কিন্তু রাষ্ট্র কী করল? '৭৫-এর পর আবার পাকিস্তানের পথ ধরল, কেবল যে সংবিধান থেকে ধর্মনিরপে(তা তুলে দেওয়া বা রাষ্ট্রধর্ম বিল পাস হলো তা নয়, কুখ্যাত কালাকানুন অর্পিত সম্পত্তি আইনের মাধ্যমে সংখ্যালঘুর সম্পত্তির বিষয়টি সুরাহা না হয়ে আরও মারাত্মক জটিলতায় পড়ল। ১৯৮৯ সালে ভারতে বাবরি মসজিদ ভাঙার পর এবং ১৯৯০ সালে স্বৈরাচারী এরশাদের পতনের প্রাক্কালে সংখ্যালঘু সম্প্রদায় আত্র(ান্ত হয়।

এখন দেশভাগ ও তৎপরবর্তীকালের ইতিহাস বিচার করলে দেখা যায় রাষ্ট্র—প্রথমে পাকিস্তান ও পরে বাংলাদেশ—কখনো সংখ্যালঘুর স্বার্থ (ুন্ন হওয়ার মতো আইন তথা ধর্মীয় বিভেদমূলক অবস্থান থেকে ঊর্ধ্বে উঠে নাগরিকদের জন্য সমানাধিকার ও সমান সুযোগ সুবিধার অবস্থানে আসতে পারেনি। পাশাপাশি যখন দেখি সমাজে দুর্বলের সম্পত্তি ভোগদখলের মানসিকতা অব্যাহত রয়েছে, এমনকি তা জাতিগত ব্যাধি হয়ে দাঁড়ানোর উপত্র(ম হচ্ছে তখন শঙ্কিত না হয়ে পারি না।

বিষয়টা এভাবে কড়া ভাষায় প্রকাশ করার কারণ, দীর্ঘ ৬০ বছরের অবিচার ও অন্যায় সম্পর্কে সংখ্যাগু(সম্প্রদায় উদাসীন, প্রতিবেশীর নীরব দেশত্যাগ কিংবা সহায়-সম্পত্তি চাকরি-ব্যবসা নিয়ে বৈষম্যের শিকার হওয়া ও নিত্য অপদসত হওয়ার ঘটনা সম্পর্কে সংখ্যাগু(উদাসীন, অসচেতন, নিষ্ি(য়। লাখ লাখ মানুষের দীর্ঘশ্বাস, অশ্রুজল ও বুকভাঙা হাহাকার পুঞ্জীভূত হতে থাকলে কীভাবে একটি জাতি গর্ব ও আত্মমর্যাদায় সামনে এগোবে। এটা কি সম্ভব? সব ধরনের ভ্রান্তিরই খেসারত দিতে হয়। ঔদাসীন্য, অসচেতনতা, নিশ্চেষ্টতার ফল এই দাঁড়ায় যে আমাদের নির্বাচনে বিজয়ী রাজনৈতিক দল (তাদের সাঙ্গপাঙ্গদের মাধ্যমে) বিজয় দখলে রূপান্তরিত করে ছাড়ে এবং রাজনীতি ত্র(মে দেশগড়া ও জাতির সেবায় পরিবর্তে ব্যক্তি(গত সম্পত্তি ও (মতার বৈভব অর্জনের হাতিয়ার হয়। ছাত্র-যুবকর্মীরা দিকে দিকে হল টেণ্ডার, এলাকা, মার্কেট, ভূমি দখলের প্রতিযোগিতায় নেমে পড়ে। রঙ্গ মঞ্চে নতুন নতুন অধিকতর চতুর ও নিষ্ঠুর দখলদারেরা নেমে পড়েছে, যাদের দুঃসাহস বেপরোয়া মনোভাব, দুর্বৃত্তপনা সকল সীমা ছাড়িয়ে যাচ্ছে।

নতুন দিন আনতে হলে, দিন বদলাতে হলে একটি বড় কাজ হলো—সকল নাগরিকের জন্য রাষ্ট্র কর্তৃক নিরপে(ভাবে সমানাধীকার ও সমান সুযোগ সৃষ্টি করা। বাঘাই-ছড়িতে দরিদ্র মুসলিমরাও পাল্টা হামলা ও আঘাতের শিকার হয়েছে। তাদের উসকানি না দিয়ে পার্বত্য শান্তিচুক্তি(র আলোকে ভূমি সমস্যার সমাধান করে সবার মধ্যে আস্থা ও সম্প্রীতি সৃষ্টির ল(্যই সবাইকে কাজ করতে হবে। তবে তার আগে ইতিহাসের প্রে(াপটে আমাদের জানতে হবে, এ অঞ্চলে কীভাবে সংখ্যালঘু জনগোষ্ঠী রাষ্ট্রীয় ও সামাজিক অবিচার ও নির্যাতনের শিকার হয়েছে আর কীভাবে সংখ্যাগু(সম্প্রদায়ের একটি বড় অংশ দিনে দিনে দখলদারের মানসিকতার পরিপুষ্ট হচ্ছে ও দখলদারির সাংস্কৃতির বিস্তার ঘটাচ্ছে।

ভুলগুলো স্বীকার করতে হবে এবং শোধরাতে হবে আমাদের।

(সৌজন্যে ঃ প্রথম আলো, ঢাকা)

প্রে(াপট বাংলাদেশ

দেশে সংখ্যালঘুদের সংখ্যা কমছে

শেখ সাবিহা আলম

দেশে ধর্মীয় সংখ্যালঘুদের সংখ্যা কমছে। গত ১১টি আদমশুমারির তথ্য পর্যালোচনা করে দেখা গেছে, হিন্দু ধর্মাবলম্বীদের সংখ্যা কমেছে প্রায় ২৪ শতাংশ। বাংলাদেশ পরি সংখ্যান ব্যুরোর (বিবিএস) নাম প্রকাশে অনিচ্ছুক কর্মকর্তাদের আশঙ্কা, আগামী বছর যে আদমশুমারী হতে যাচ্ছে, তাতে ওই জনগোষ্ঠীর সংখ্যা বর্তমানের চেয়েও কমে আসতে পারে।

আদমশুমারীর তথ্য পর্যালোচনায় দেখা যায়, ১৯০১ সালে বর্তমান বাংলাদেশ অঞ্চলে হিন্দু জনগোষ্ঠী ছিল মোট জনগোষ্ঠীর ৩৩ শতাংশ। স্বাধীন বাংলাদেশে অনুষ্ঠিত প্রথম আদমশুমারীতে এই স্থান দাঁড়ায় ১৩ দশমিক ৫ এবং ২০০১ সালের শুমারিতে ৯ দশমিক ৩ শতাংশ। তবে, একই সময়ে বৌদ্ধ, খ্রীষ্টান ও অন্যান্য ধর্মীয় সংখ্যালঘুর সংখ্যা তেমন কোনো পরিবর্তন হয়নি। আর ইসলাম ধর্মাবলম্বীদের সংখ্যা অনেক বেড়েছে।

বিবিএসের কর্মকর্তাদের বি(েষণ অনুযায়ী হিন্দু ধর্মাবলম্বীদের মধ্যে জন্মহার কম এবং অভিবাসনের হার বেশি হওয়ায় দেশে তাদের সংখ্যা কমে আসছে। কিন্তু জন্মহার কম হওয়ায় একটি জনগোষ্ঠী ছোট হয়ে আসছে, এই বক্ত(ব্যের যৌক্তি(কতা নিয়ে প্র্ন তুলেছেন ন্যাশনাল ইনস্টিটিউট অব পপুলেশন রিসার্চ অ্যাণ্ড ট্রেনিংয়ের (নিপোর্ট) কয়েকজন কর্মকর্তা। ও গবেষক। নিপোর্টের কর্মকর্তাদের মতে, মূলত দেশ ছেড়ে চলে যাওয়ার কারণেই হিন্দু ধর্মাবলম্বীদের সংখ্যা কমছে। এর পেছনে অর্থনৈতিক ও সামাজিক বৈষম্য এবং বিদেশে সামাজিক মর্যাদা ও উন্নততর জীবন পাওয়ার সুযোগ বড় ভূমিকা রাখছে। এ ছাড়া, ২০০১ সালের নির্বাচনের পর সহিংসতায় উল্লেখযোগ্য সংখ্যক হিন্দু ধর্মাবলম্বী দেশ ছেড়েছে। **ধর্মীয় অনুষ্ঠান পালনে বাধা, চাঁদাবাজি, লুটপাট, সম্পদ ধ্বংস, দৈহিক নির্যাতন, বিশেষত, ধর্ষণও পরিবারের সদস্যদের প্রাণহানির কারণে এরা দেশ ছাড়ে**। এর একটি প্রভাব ২০১১ সালের আদমশুমারিতে পড়বে বলেও ধারণা করছেন তাঁরা।

বিবিএসের হিসাব অনুযায়ী, একসময় হিন্দু ধর্মাবলম্বীদের সংখ্যাধিক্য ছিল যেসব জেলায় সেই গোপালগঞ্জ, মৌলভীবাজার, ঠাকুরগাঁও, খুলনা, দিনাজপুর ও বাগেরহাটে হিন্দু ধর্মাবলম্বীদের সংখ্যা কমে গেছে। একমাত্র নড়াইল ছাড়া অন্যসব জেলায় ১৯৯১ সালের পর হিন্দু ধর্মাবলম্বীদের সংখ্যা কমেছে। **শুধু নড়াইলে '৯১ সালে হিন্দু জনসংখ্যা ছিল ২৫ দশমিক ৫ শতাংশ, যা ২০০১ সালে বেড়ে দাঁড়ায় ৩১ দশমিক ৪৯ শতাংশ।**

বিবিএসের তথ্য অনুযায়ী দেশের সবকটি বিভাগে মুসলমান জনগোষ্ঠীর খানার (হাউসহোল্ড) তুলনায় সংখ্যালঘুদের খানা আকারে ছোট। ১৯৯১ সালের আদমশুমারি অনুসারে একটি সংখ্যালঘু খানার গড় সদস্যসংখ্যা ৪ দশমিক ৯। সেই তুলনায় একটি মুসলমান খানায় সদস্যসংখ্যা গড়ে ৫ দশমিক ৬।

অন্যদিকে, বাংলাদেশ ভূখণ্ডে ১৯০১ সালে মুসলমানদের সংখ্যা ছিল ৬৬ দশমিক ১ শতাংশ। স্বাধীন বাংলাদেশে এই সংখ্যা ৮৫ শতাংশ থেকে বেড়ে ২০০১ সালের আদমশুমারিতে ৮৯ দশমিক ৬ শতাংশে উন্নীত হয়। দেশ বিভাগের কারণে ১৯৪১-৪৭ সাল পর্যন্ত তৎকালীন পূর্ব পাকিস্তানে মুসলমানদের আগমন এবং প্রায় সব সময়ই মুসলমানদের মধ্যে উচ্চ জন্মহার তথ্য থেকে জানা যায়। অন্যান্য ধর্মীয় সংখ্যালঘুর মধ্যে ১৯৭৪ সাল এ দেশে বৌদ্ধদের সংখ্যা ছিল মোট জনগোষ্ঠীর দশমিক ৬ শতাংশ। ২০০১ সালেও এই হার অপরিবর্তিত ছিল। একই সময়ে খ্রিষ্টানদের সংখ্যা ছিল দশমিক ৩ শতাংশ। এই সংখ্যারও কোনো পরিবর্তন হয়নি।

বিষয়টি সম্পর্কে জানতে চাইলে ঢাকা বি(বিদ্যালয়ের পপুলেশন সায়েন্স বিভাগের চেয়ারম্যান এ কে এম ন(ন্নবী প্রথম আলোকে বলেন, জনসংখ্যার কাঠামোতে ধর্মভিত্তিক জনগোষ্ঠীগুলোর বাড়া-কমা এবং এর কারণ সম্পর্কে বাংলাদেশে

খুব একটা গবেষণা হয়নি। তবে কোনো সম্প্রদায়ের মধ্যে জনসংখ্যা বৃদ্ধির হার কম হলে শেষ পর্যন্ত মোট জনসংখ্যার ওই সম্প্রদায়ের মানুষের সংখ্য কম হতে পারে।

কিন্তু নু(ন্নবীর এই বক্ত(ব্যের সঙ্গে দ্বিমত পোষণ করেছেন নিপোর্টের পরিচালক ও গবেষক আহমেদ আল সাবির। তিনি বলেন, এ কথা সত্য যে হিন্দু ধর্মাবলম্বীদের মধ্যে জন্মাহার কম এবং পরিবার পরিকল্পনা কার্যত্র(মে তাদের অংশগ্রহণের হার বেশি। কিন্তু এর অর্থ এই নয় যে, এতে সংখ্যালঘুদের সংখ্যা কমে আসবে। যেমন, এক পরিবারে যদি আট তাদের একটি করেও সন্তান হয়, তাহলে জনসংখ্যা না কমে বরং বেড়ে ১৬ জনে পৌঁছায়। বাংলাদেশের মতো জনবহুল দেশে জন্মহার কম হলেই সংখ্যা কমে আসার যুক্তি(এখনো বাস্তবসম্মত নয়।

ধর্মভিত্তিক কোনো গবেষণা হয়নি বলে উল্লেখ করে তিনি বলেন, অভিবাসনের কারণে জনসংখ্যা কমে আসার বিষয়টি অধিকতর সত্য বলে তিনি মনে করেন। আদমশুমারির প্রতিবেদনে অভিবাসনের কথা উল্লেখ করা হলেও ঠিক কত সংখ্যক হিন্দু ধর্মাবলম্বী স্বাধীনতাপরবর্তী সময়ে দেশ ছেড়েছে এবং কেন ছেড়েছে, সে সম্পর্কে সুনির্দিষ্ট কোনো কথা নেই।

বেসরকারি পর্যায়ে কয়েকজন গবেষক বিষয়টি নিয়ে কাজ করেন। অর্থনীতিবিদ আবুল বারাকাত তাঁদের অন্যতম। তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতার সময় এ দেশে ৪৫ শতাংশ ভূমির মালিক ছিল হিন্দুরা। অর্পিত সম্পত্তি আইনের সুযোগ নিয়ে অনেকে এই জমিগুলো গ্রাস করেছে। ফলে দেশ ছাড়তে হয়েছে অনেক হিন্দু পরিবারকে।

বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাকের গবেষণা ও মুল্যায়ন বিভাগের গবেষক মোহাম্মদ রফি প্রথম আলোকে বলেন, তিনি গবেষণায় দেখেছেন, অত্যাচারের কারণে অনেক সময় হিন্দুরা দেশ ছাড়ছে। এ ছাড়া, অষ্টম থেকে দ্বাদশ শ্রেণীতে পড়ুয়া সন্তান আছে যে পরিবারগুলোর তারা সন্তানের ভবিষ্যতের কথা চিন্তা করে বাংলাদেশ ছাড়ছে। শুধু ভারত নয়, এখন মার্কিন যুক্ত(রাষ্ট্র, ইউরোপের বিভিন্ন দেশেও অভিবাসন হচ্ছে। মুসলমানেরাও কাজের খোঁজে এসব দেশে যাচ্ছে। তবে, নির্যাতনের জন্য দেশ ছেড়ে যাওয়ার যে ধারা, তা বন্ধে কোনো সরকারই কার্যকর উদ্যোগ নেয় না।

রফি তাঁর একটি গবেষণা গ্রন্থে দেখিয়েছেন, ২০০১ সালে নির্বাচনের মাস অক্টোবর থেকে ২০০২ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ১২০ টি উপজেলায় সংখ্যালঘুদের, বিশেষ করে হিন্দুদের ধর্মীয় আচার অনুষ্ঠান পালনে বাধ্য দেওয়া হয়েছে। ১৯০ টি উপজেলায় এরা চাঁদাবাজির শিকার হয়েছে। ১৩৭টি উপজেলায় সংখ্যালঘুদের দেশত্যাগে বাধা করা হয়। ১২৮টি উপজেলার সহায় সম্পদ লুটের ঘটনা ঘটে। ১৬২টি উপজেলায় সম্পত্তি ধ্বংস হয় এবং ২০২ টি উপজেলায় হিন্দুরা শারীরিক নির্যাতনের শিকার হয়। হিন্দু ধর্মাবলম্বীরা প্রতিবাদ না জানিয়ে দেশ ছাড়ে বলে সম্পত্তি দখলের জন্য তাদের ভয়ভীতি দেখানোর চেষ্টা হয়। সরকার সংখ্যালঘুদের দেশ ছেড়ে যাওয়া বন্ধে কোনো উদ্যোগ নেয় না। বরং কিছুটা নির্বিকার আচরণ করে।

বিবিএসের আদমশুমারি উইংয়ের প্রধান অসীম কুমার দে বলেন, শতকরা হিসাবে হিন্দু ধর্মাবলম্বীদের সংখ্যা কমছে বলে মনে হতে পারে। কিন্তু সংখ্যার হিসাবে এই সম্প্রদায়ের জনসংখ্যা কমছে না। মুসলিম পরিবার এবং হিন্দু পরিবারগুলোর মধ্যে মোট সদস্যদের যে পার্থক্য, তা ত্র(মেই বড় হচ্ছে। অভিবাসনের কারণটিও স্বীকৃত। কিন্তু কত মানুষ দেশ ছাড়ছে, সে বিষয়ে কখনো বিশদ কোনো জরিপ হয়নি। ভবিষ্যতে বিষয়টি তাঁরা জরিপে অন্তর্ভুক্ত(করবেন।

সৌজন্যে ঃ দৈনিক প্রথম আলো ঢাকা ৫.৯.২০১০

সূত্র ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

২০০১ ও ২০১১ সালের সুমারির জেলাভিত্তিক তথ্য পাশাপাশি রাখলে দেখা যায়, ১৫টি জেলায় হিন্দু জনসংখ্যা কমে গেছে। বিবিএসের কর্মকর্তারা বলেছেন, এসব জেলার হিন্দুরা দেশের অন্য কোনো জেলায় চলে গেছে, পরিসংখ্যান তা বলছে না। অর্থাৎ অন্য জেলায়ও হিন্দু জনসংখ্যা বাড়েনি। কর্মকর্তারা এদের বলছেন, 'মিসিং পপুলেশন' বা 'হারিয়ে যাওয়া মানুষ'।

বরিশাল বিভাগের কোনো জেলাতেই হিন্দুদের সংখ্যা বাড়েনি। বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা—এই ছয়টি জেলায় ২০০১ সালের আদমসুমারিতে হিন্দু জনসংখ্যা ছিল আট লাখ ১৬ হাজার ৫১জন। ২০১১ সালের সুমারিতে সংখ্যা কমে দাঁড়িয়েছে সাত লাখ ৬২ হাজার ৪৭৯ জনে।

খুলনা বিভাগের বাগেরহাট, খুলনা ও সাত(ীরা—পাশাপাশি এই তিন জেলায় হিন্দুদের সংখ্যা আগের চেয়ে কমেছে। বিভাগের নড়াইল ও কুষ্টিয়া জেলার প্রবণতা একই। ঢাকা বিভাগের মধ্যে এ তালিকায় আছে গোপালগঞ্জ, মাদারীপুর ও কিশোরগঞ্জ জেলা। অন্যদিকে রাজশাহী বিভাগের পাবনা জেলায়ও জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে তাল রেখে হিন্দু বাড়েনি।

স্বাধীনতার আগের দুটি ও পরের পাঁচটি সুমারির তথ্য বি(েষণ করলে দেখা যায়, মোট জনসংখ্যার তুলনায় হিন্দুদের সংখ্যা ও হার কমেছে। মুসলমানদের সংখ্যা ও হার সব সময়ই বেড়েছে। বৌদ্ধ, খ্রিষ্টান ও অন্যান্য ধর্মাবলম্বীদের হার মোটামুটি একই ছিল বা আছে।

প্রবীণ রাজনীতিক ও গণ ঐক্য কমিটির আহ্বায়ক পঙ্কজ ভট্টাচার্য প্রথম আলোকে বলেন, সাম্প্রদায়িক আবহ তৈরি করে সম্প্রীতি নষ্ট করায় এমনটা ঘটছে। জামায়াতের মতো শক্তি(গুলো পরিকল্পিত ও নিয়মিতভাবে নানা ঘটনা ঘটাচ্ছে। সাম্প্রতিককালে চট্টগ্রামের হাটহাজারী, সাত(ীরার কালীগঞ্জ, কুড়িগ্রামের চিরির বন্দরে ধর্মীয় জিগির তুলে মানুষের মধ্যে বিভাজন তৈরির চেষ্টা ল(করা গেছে। তিনি বলেন, সংখ্যালঘুদের পাশে কেউ দাঁড়াচ্ছে না, তাদের আশ্বস্ত করছে না। নীরবে তাই দেশত্যাগ হচ্ছেই।

কেন কমছে ঃ একাধিক শুমারির প্রতিবেদনে হিন্দু জনগোষ্ঠীর মধ্যে মোট প্রজনন হার (টোটাল ফার্টিলিটি রেট—টিএফআর) তুলনামূলকভাবে কম বলে দাবি করা হয়েছে। কিন্তু এর প(কোনো তথ্য পরিসংখ্যান বুরোর কাছে চেয়ে পাওয়া যায়নি।

তবে গোপালগঞ্জ, বরিশাল, ভোলার বিভিন্ন গ্রামে কথা বলে জানা গেছে, হিন্দুদের সংখ্যা কমে যাওয়ার বড় কারণ দেশত্যাগ। কয়েকটি জেলার লোকজন বলেছেন, ১৯৪৭ সালে উপমহাদেশ ভাগের সময় থেকে এই ভূখণ্ড ছেড়ে যাওয়া হিন্দু সম্প্রদায়ের একটা স্বাভাবিক প্রবণতা। কেউ বলেছেন, মূল কারণ শত্রু সম্পত্তি আইন। বলেছেন, নির্বাচনকে কেন্দ্র করে নানা ধরনের চাপ ও নির্যাতনে পড়তে হয় হিন্দুদের। অন্যদিকে ভারতে সাম্প্রদায়িক উত্তেজনা দেখা দিলে তার আঁচও এ দেশের হিন্দুদের গায়ে লাগে।

'বুক বেঁধে দাঁড়াবার সংস্কৃতি কমে গেছে'—এমন মন্তব্য করেছেন ড. আনিসুজ্জামান। ঢাকা বি(-বিদ্যালয়ের এই ইমেরিটাস অধ্যাপক বলেন, সংখ্যালঘুদের নিরাপত্তার অভাববোধ বাস্তব ও অনুদিত। সম্পত্তি দখলের উদ্দেশ্যে কিছু লোক নানা ঘটনা ঘটাচ্ছে। তিনি বলেন, কেন্দ্রীয়ভাবে কিছু নেতা বা রাজনৈতিক দল সংখ্যালঘুদের ব্যাপারে প্রতিশ্রুতি দেয়। তবে স্থানীয় পর্যায়ে সেই প্রতিশ্রুতি পালিত হয় না, কর্মী পাওয়া যায় না। আতঙ্ক আছে চাঁদশী-ইল্লা-ধানডোবায়, বরিশাল জেলার গৌরনদী ও আগৈলঝাড়া উপজেলা থেকে বেশ কিছু হিন্দু পরিবার ২০০১ সালের পর এলাকা থেকে চলে গেছে।

ধানডোবা গ্রামে গিয়ে জানা যায়, মনোজ বৈদ্য তাঁর স্ত্রীকে নিয়ে ২০০১ সালের নির্বাচনের দুই তিন দিন পর বাড়ি ছেড়ে চলে যান। আর ফিরে আসেননি। মনোজের প্রতিবেশী সাইফুল ইসলাম প্রথম আলোকে বলেন, ওই নির্বাচনের

পরদিনই বিএনপির কর্মীরা গ্রামের হিন্দু ও খ্রিষ্টান বাড়িতে আত্র(মণও লুটপাট করেন। তাঁরা মনোজের বাড়ি থেকে গ(, ধান নিয়ে যান। পানের বরজ নষ্ট করেন।

ইল্লা গ্রামের কালীপদ দফাদার, সুবল দফাদার, মণ্টু দফাদার, জয়দেব নন্দীর পরিবারও দেশ ছেড়ে চলে যায় ২০০১ সালের নির্বাচনে পরবর্তী সন্ত্রাসের কারণে। একই কারণে সুতারবাড়ি গ্রামের আদিত্য নাগ ও সুবল দে পরিবার নিয়ে দেশ ছেড়েছেন।

৩ নম্বর চাঁদশী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কৃষ(কান্ত দে প্রথম আলোকে বলেন, তাঁর নিজের পরিবার, আত্মীয়, প্রতিবেশীসহ অনেক পরিবারে আত্র(মণ, লুটপাট ও নির্যাতনের ঘটনা ঘটেছিল। এই ইউনিয়ন থেকে কোনো পরিবার এলাকা ছেড়ে যায়নি। তবে অনেক পরিবারের অংশবিশেষ দেশে থাকে না। তিনি বলেন, 'ধরেন, কোনো পরিবারে পাঁচ ভাই আছে, তাদের দুই ভাই দেশে থাকে না।

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সভাপতিমণ্ডলীর সদস্য কাজল দেবনাথ বলেন, সম্মান র(ায় অনেক বাবা-মা অল্প বয়সের মেয়েকে বিয়ে দিয়েছেন অথবা ভারতে রেখে স্কুল বা কলেজে পড়াচ্ছেন। তবে তিনি দাবি করেন, দেশত্যাগের প্রবণতা কমেছে। শত্রু সম্পত্তি (অর্পিত সম্পত্তি) নিয়ে সরকারের উদ্যোগে পুরোপুরি সফল না হলেও সংখ্যালঘুরা আশা করছে, সম্পত্তি হাতছাড়া হয়েছে সে সম্পত্তি ফেরত পাবে। এখন বড় বড় শহরে হিন্দুরা বাড়ি করছে, ফ্ল্যাট কিনছে।

ভোলার পরিস্থিতি ঃ বিবিএস পরিসংখ্যান বলছে, ভোলা জেলায় ২০০১ সালে হিন্দু ছিল ৭২ হাজার ২৭৫ জন। সর্বশেষ শুমারিতে দেখা যাচ্ছে, জনসংখ্যা কমে দাঁড়িয়েছে ৬১ হাজার ১৬২ জনে।

ভোলা জেলার দৌলতখান উপজেলার চরপাতা ইউনিয়নের নলগোডা গ্রামের সাধু সিংয়ের বাড়িতে ছিল ছয়টি পরিবার। পরিবারের প্রধান ছিলেন লক্ষ্মী নারায়ণ সিং। লক্ষ্মী নারায়ণ ১৯৯২ সালের পরে জমিজমা বিত্রি(করে চলে যান। ওই গ্রামের লোকজন বলেছেন, ১৯৯২ সালের পর থেকে হিন্দু পরিবারগুলো চলে যেতে শু(করে। ওই সময় বাবরি মসজিদ ভাঙাকে কেন্দ্র করে ভারতে যে সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছিল, তাতে সাম্প্রদায়িক সন্ত্রাসের শিকার হয় এই গ্রামের মানুষ।

২০০১ সালের সংসদ নির্বাচনের পরও অনেক পরিবার চলে গেছে। গ্রাম ঘুরে মানুষের সঙ্গে কথা বলে জানা যায়, ১৯৯২ সালের পর থেকে সুতারবাড়ির চারটি, ডাক্ত(ারবাড়ির ১০, মাঝের সিংবাড়ির ছয়, রাস কমল হাওলাদার বাড়ির সাত, লক্ষ্মীকান্ত হাওলাদার বাড়ির তিন, তীর্থবাস হাওলাদার বাড়ির সাত, পরেশ হাওলাদার বাড়ির সাত, তেপীবাড়ির তিন, রাধেশ্যাম সুতার বাড়ির সব কটি পরিবারসহ গ্রামের ৭৫টি বাড়ির দুই শতাধিক পরিবার চলে গেছে।

উপজেলার নলগোড়া, লেজপাতা ও চরগুমানী—এই তিনটি গ্রাম হিন্দু-অধ্যুষিত। স্বাধীনতার সময় এই গ্রামে চার শতাধিক বাড়ি ছিল। এই গ্রামগুলোর ১৭২ টি বাড়ির কয়েক শ পরিবার চলে গেছে।

বোরহানউদ্দিন উপাজেলার টবগী ইউনিয়ানের মূল্যইপত্তল গ্রামে ১৯৯১ সাল পর্যন্ত এক হাজারের বেশি হিন্দু পরিবার ছিল। বর্তমানে সেখানে আছে ৪৪টি পরিবার।

লালমোহন উপজেলার লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নে চারটি গ্রাম ছিল হিন্দু অধ্যুষিত। ১৯৯১ সাল পর্যন্ত এই ইউনিয়নের চার হাজার ৬০০ হিন্দু ভোট ছিল। ইউনিয়নের অন্নদাপ্রসাদ গ্রামের যাত্রামণি লস্কর বলেন, ১৯৯২ সালে বাবরি মসজিদের ঘটনা ও ২০০১ সালে নির্বাচন-পরবর্তী সময়ে গ্রামগুলোর অধিকাংশ হিন্দু পরিবার এলাকা ছেড়ে চলে যায়। স্থানীয় ইউনিয়ন স্বাস্থ্যসেবাকেন্দ্রের দেওয়া তথ্যে বলা হচ্ছে, বর্তমানে ইউনিয়নে হিন্দু ভোটারের সংখ্যা ৬০০।

গোপালগঞ্জ ঃ গোপালগঞ্জ জেলায় আওয়ামী লীগের একক প্রাধান্য। সাধারণভাবে ধারণা করা হয়, দলটির সঙ্গে সংখ্যালঘুদের সুসম্পর্ক আছে। স্বাধীনতার পর জেলায় সাম্প্রদায়িক সংঘাত-সংঘর্ষের ঘটনাও উল্লেখ করার মতো নয়। তার

পরও এই জেলা থেকে নিয়মিতভাবে হিন্দুরা চলে যাচ্ছে। ২০০১ সালে এই জেলায় হিন্দু ছিল তিন লাখ ৭১ হাজার ৬২৯ জন। ১০ বছরে তা কমে দাঁড়িয়েছে তিন লাখ ৫৩ হাজার ৭৯৪ জনে। জেলার নাম প্রকাশে অনিচ্ছুক একজন প্রবীণ সাংবাদিক প্রথম আলোকে বলেছেন, 'শত্রু সম্পত্তির' নির্যাতন চেপে আছে প্রায় ৫০ বছর ধরে। এরপর বড় আঘাত আসে ইসলামকে রাষ্ট্রধর্ম করার মধ্য দিয়ে। এসব ব্যাপারে আওয়ামী লীগ প্রতিশ্রুতি র(া করেনি।

একটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেছেন, উপযুক্ত(হওয়ার পরও জেলা আওয়ামী লীগে সভাপতি বা সাধারণ সম্পাদকের পদ ধর্মীয় সংখ্যালঘুরা পায় না। সরকারি বঙ্গবন্ধু কলেজের সংসদে হিন্দু শি(ার্থীদের সর্বোচ্চ পদ সহ-সাধারণ সম্পাদক (এজিএস)। গোপালগঞ্জ শহরে বড় দলের নেতারা সংখ্যালঘুদের বাড়ি-সম্পত্তি দখল করে দিব্যি বসবাস করছেন। এসব দৃশ্য দেখে নিরাপদ বোধ করে না হিন্দুরা।

গোপালগঞ্জের পরিস্থিতি সম্পর্কে কাজল দেবনাথের মন্তব্য, 'প্রদীপের নিচে অন্ধকার।'

উদ্যোগ নেই ঃ দেশত্যাগ বন্ধের উদ্যোগ এসব এলাকা ঘুরে দেখা যায়নি। নাম প্রকাশে অনিচ্ছুক গোপালগঞ্জ জেলার চেয়ারম্যান বলেছেন, 'নিরাপদে জমি-বাড়ি যেন বিক্রি(করতে পারে, সে ব্যাপারে কিছুটা সাহায্য করার চেষ্টা করি। থেকে যেতে বলতে পারি না।

হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদ, পূজা উদ্‌যাপন পরিষদ মাঝেমধ্যে জেলা, উপজেলা পর্যায়ে সভা ও সেমিনার করে। এসব সভা-সেমিনারে দেশ না ছাড়ার, নির্যাতনের প্রতিবাদ করার কথা বলা হয়। কাজল দেবনাথের দাবি, এতে কাজ হচ্ছে।

(প্রতিবেদন তৈরিতে সহায়তা করেছেন লেয়ামত উল্লাহ (ভোলা প্রতিনিধি, সুব্রত সাহা (গোপালগঞ্জ প্রতিনিধি) ও জহু(ল ইসলাম (গৌরনদী, বরিশাল প্রতিনিধি)।

* প্রথম আলো, ২২ সেপ্টেম্বর ২০১২, ঢাকা।

বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন বিশিষ্ট ব্যক্তি(দের প্রতিক্রি(য়া

১। যুদ্ধাপরাধীদের বিচারকে কেন্দ্র করে বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতা ও সংখ্যালঘুদের ওপর হামলার ঘটনা অত্যন্ত উদ্বেগজনকও বেদনাদায়ক।

—ড্যান ডব্লিউ মজেনা, ঢাকায় নিযুক্ত(মার্কিন রাষ্ট্রদূত।

২। যুদ্ধাপরাধের বিচারকে কেন্দ্র করে সারা দেশে জামায়াত—শিবিরেরর সহিংসতা সংখ্যালঘু নির্যাতনের ঘটনা অনভিপ্রেত ঃ বাবাটুণ্ডে সোটাইমেহন, জাতিসংঘের জনসংখ্যা তহবিলের নির্বাহি পরিচালক। ১১ মার্চ ঢাকা সফরকালে এ মন্তব্য করেন।

—দৈনিক জনকণ্ঠ ১২ মার্চ ২০১৩, ঢাকা।

৩। স্বাধীনতা বিরোধিরা জঙ্গীদের মাধ্যমে রাষ্ট্রের বি(দ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। তারা চট্টগ্রামের বাঁশখালী সহ সংখ্যালঘু এলাকায় মন্দির, বসতঘর ও ব্যবসা প্রতিষ্ঠানে এবং সরকারী অফিস, আদালত ভবন সহ গু(ত্বপূর্ণ দফতর ভাংচুর ও ধ্বংসযজ্ঞ চালিয়ে যাচ্ছে। এটি বাংলাদেশের হৃদয়ে রক্ত((রণ। জঙ্গী জামায়াত নিষিদ্ধ করতে আলাদা আইনের প্রয়োজন নেই। সরকারের নির্বাহী আদেশই যথেষ্ট, —ডঃ মিজানুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ মানবাধিকার কমিশন।

—দৈনিক জনকণ্ঠ, ১০ মার্চ ২০১৩ ঢাকা।

৪। ঢাকা ও অন্যান্য জেলায় সাম্প্রতিক সহিংসতায় উদ্বেগ প্রকাশ করেছে কানাডা। বিশেষ করে সাধারণ মানুষ ও সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর সহিংস হামলায় গভীর উদ্বিগ্ন তার দেশ। —জন বেয়ার্ড, পররাষ্ট্রমন্ত্রী, কানাডা।

৫। সারা দেশে একের পর এক সংখ্যালঘু সম্প্রদায়ের মন্দির ও বিহারে হামলা করে বাঙালীর হাজার বছরের সভ্যতা সংস্কৃতিতে আঘাত হেনেছে।

—দিলীপ বড়ুয়া, শিল্পমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৬। জামায়াত—শিবির সম্প্রতি যে ধরণের হত্যাকাণ্ড সংখ্যালঘুদের ওপর নির্যাতন, বাড়িঘর ও যানবাহনে ভাঙচুর ও অগ্নি সংযোগ করছে তা গণতান্ত্রিক প্রতিবাদের ভাষা নয়।

—ডঃ মহিউদ্দিন খান আলমগীর, স্বরাষ্ট্রমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, দৈনিক জনকণ্ঠ, ১০ মার্চ ২০১৩ ঢাকা।

৭। সংখ্যালঘু সম্প্রদায়ের উপাসনালয় এবং বাড়িঘরে যারা অগ্নি সংযোগ, হামলা, লুটপাট চালাচ্ছে, তাদের পবিত্র ইসলামের শত্রু হিসাবে চিহ্নি(ত করতে হবে।

—হুসেইন মুহম্মদ এরশাদ, চেয়ারম্যান, বাংলাদেশ জাতীয় পার্টি। দৈনিক জনকণ্ঠ, ৯ মার্চ ২০১৩, ঢাকা।

৮। বাংলাদেশে চলমান সহিংসতা, সংখ্যালঘুদের ওপর আত্র(মণ এবং প্রাণহানির ঘটনা নিয়ে আমরা উদ্বিগ্ন।

—প্যাট্রিক ডেনট্রেল, উপ-মুখপাত্র, মার্কিন পররাষ্ট্র মন্ত্রক। দৈনিক জনকণ্ঠ, ৬ মার্চ ২০১৩, ঢাকা।

৯। সংখ্যালঘুরা অসহায়। তারা আতংকের মধ্যে আছে। আমরা এ আতংকের অংশীদার। মুক্তি(যুদ্ধের চেতনায় সব মানুষকে একত্রিত হয়ে এ সংখ্যালঘুদের পাশে দাঁড়াতে হবে।

—ওবায়দুল কাদের, যোগাযোগমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, দৈনিক সংবাদ, ৩ মার্চ ২০১৩, ঢাকা।

১০। আমি উপাসনালয় এবং ব্যক্তি(গত সম্পত্তির ওপর নিষ্ঠুর ও অসংগত হামলার নিন্দা জানাই।

—বরার্ট গিবসন, ঢাকায় নিযুক্ত(ব্রিটিশ হাইকমিশনার, দৈনিক জনকণ্ঠ, মার্চ ২০১৩, ঢাকা।

১১। মাদ্রাসা হচ্ছে জঙ্গী প্রজনন কেন্দ্র

—শহীদুল ইসলাম, আইন মন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বাংলাদেশের রাজনীতিতে ধর্মের তাৎপর্যপূর্ণ প্রভাব রয়েছে

কূটনৈতিক প্রতিবেদন ও নিউইয়র্ক প্রতিনিধি ঃ

বাংলাদেশের রাজনীতিতে ধর্মের তাৎপর্যপুর্ণ প্রভাব রয়েছে এবং বেশিরভাগ নাগরিকের ধর্মীয় অনুভূতির ব্যাপারে সরকার সংবেদনশীল। গত ১৭ নভেম্বর মার্কিন পররাষ্ট্র দপ্তর প্রকাশিত আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা প্রতিবেদন ২০১০-এ কথা বলা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, সরকার ধর্মীয় স্বাধীনতার প(প্রকাশ্য সমর্থন জানালেও ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলা বাংলাদেশে একটি সমস্যা হিসেবে বিরাজ করছে। এ কথা বলার পাশাপাশি ধর্মীয় স্বাধীনতা ও সংখ্যালঘুদের অধিকার নিশ্চিত করতে সরকারের বিভিন্ন উদ্যোগেরও প্রশংসা করা হয়েছে। ২০০৯ সালের ১ জুলাই থেকে ২০১০ সালের ৩০ জুন পর্যন্ত ১৯৮টি দেশের ওপর তৈরি করা এই প্রতিবেদন প্রকাশ করেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন।

প্রতিবেদনে বলা হয়, এই প্রতিবেদন প্রস্তুতকালে ধর্মীয় স্বাধীনতাকে সম্মান জানানোর ব্যাপারে সরকারের অবস্থানের কোনো পরিবর্তন হয়নি। তবে বাংলাদেশের হাইকোর্টের বেশ কয়েকটি সিদ্ধান্ত ধর্মনিরপে(অবস্থানকে সংহত করেছে। সরকারের উচ্চপর্যায়ে ধর্মীয় সংখ্যালঘুদের প্রতিনিধিত্ব রয়েছে। সরকার মাদ্রাসা শি(াব্যবস্থায় সংস্কারের উদ্যোগ নিয়েছে। **এতে আরও বলা হয়, হিন্দু, খ্রিষ্টান, বৌদ্ধ ধর্মাবলম্বী এবং আহমদিয়া সম্প্রদায় এখনো হয়রানি ও নির্যাতনের শিকার হচ্ছে।** তবে এর সংখ্যা আগের প্রতিবেদনের চেয়ে উল্লেখযোগ্য পরিমাণে কমেছে।

প্রতিবেদনে আদিবাসী সম্প্রদায় এবং হিন্দু ও খ্রিষ্টানদের ওপর নির্যাতনের ঘটনার বেশ কয়েকটি উদাহরণ তুলে ধরা হয়েছে। স্থানীয় একাধিক বাংলা ও ইংরেজি জাতীয় দৈনিকের বরাত দিয়ে এসব ঘটনার বর্ণনা দেওয়া হয়েছে। এ ছাড়া আহমদিয়া মুসলিম সম্প্রদায়ের ওপর এ বছর নির্যাতনের ঘটনা প্রতিবেদনে স্থান পেয়েছে।

প্রতিবেদনে ধর্মীয় স্বাধীনতার প্রতি সম্মান জানানোর ব্যাপারে সরকারের অবস্থান নিয়ে তৈরি পরিচ্ছেদে বলা হয়েছে, চলতি বছরের ফেব্রুয়ারিতে হাইকোর্টের একটি আদেশে সংবিধানের পঞ্চম সংশোধনী বাতিল করা হয়। এর মাধ্যমে সংবিধানে ধর্মনিরপে(তা ফিরে আসে এবং ধর্মীয় রাজনৈতিক দলগুলো কার্যত নিষিদ্ধ হয়। তবে সরকারি কর্মকর্তারা জানিয়েছেন, এই নিষেধাজ্ঞা কঠোরভাবে প্রয়োগ করা হয়নি। এ ছাড়া হাইকোর্টে ফতোয়াকেও বেআইনি ঘোষণা করেছে বলে এতে উল্লেখ করা হয়। তবে ২০০৯ সাল থেকে প্রতিবেদনটি প্রস্তুত করা পর্যন্ত ৩৩টি ফতোয়া জারি করার ঘটনার খবর জানিয়েছে মহিলা পরিষদ নামে নারী অধিকার বিষয়ক সংগঠন। '

ধর্মীয় স্বাধীনতার ওপর বাধানিষেধের ব্যাপারে এতে বলা হয়েছে, দেশের সংবিধানে সব ধর্মের প্রচার, পালন ও চর্চার ব্যাপারে অধিকার দেওয়া হয়েছে। কোনো মিশনারির কর্মকাণ্ডের বি(দ্ধে গোয়েন্দা নজরদারির খবর পাওয়া যায়নি। ধর্মীয় বি(্বাসের ওপর ভিত্তি করে কোনো আর্থিক জরিমানা চাপিয়ে দেওয়া হয়নি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন মন্ত্রিসভায় চারজন ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের মন্ত্রী রয়েছেন। প্রতিবেদনে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের বিষয়টিও তুলে ধরা হয়। পাশাপাশি পার্বত্য চট্টগ্রামের আদিবাসী বাঙালি সংঘর্ষের ঘটনা উল্লেখ করা হয়। এ (ে ত্রে গত ১৯ ফেব্রুয়ারি রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার সংঘর্ষের ঘটনা তুলে ধরা হয়।

এদিকে এই প্রতিবেদনের ব্যাপারে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ধর্মীয় স্বাধীনতা দেওয়ার (ে ত্রে বর্তমান সরকারের কার্যত্র(মের ভুয়সী প্রশংসা করেছে মার্কিন পররাষ্ট্র দপ্তর।

প্রথম আলো ঃ ২২ নভেম্বর ২০১০, ঢাকা।

Âবাংলাদেশে বিভিন্ন স্থানে সংখ্যালঘু নির্যাতনের সং(প্ত তালিকা

● ৪ মার্চ ২০১০ সকাল ৯টায়, ঢাকা শহরে অবস্থিত ২০ নং কৈলাশ ঘোষ লেনের হিন্দু বাসিন্দা ব্যবসায়ী জেমস জুয়েলার্স এণ্ড ওয়ার্কশপের মালিক প্রেমকৃষ(রায়কে (৩৮)। কমাণ্ডো স্টাইলে গুলি করে ইসলামী সন্ত্রাসীরা হত্যা করেছে। এই হত্যাকাণ্ডের পূর্বে, সন্ত্রাসীরা উক্ত(ব্যবসায়ীর নিকট অর্দ্ধকোটি টাকা জিজিয়াকর বাবদ ফোন যোগে দাবি করে। দাবিকৃত টাকা দিতে অপারগতা জানালে—একদল টহল পুলিশের সম্মুখে প্রেমকৃষ(রায়কে গুলি করে হত্যা করে। এসময় পুলিশকে নীরব দর্শকের ভূমিকা পালন করতে দেখা যায়।

● ১৭ এপ্রিল ২০১০ বেলা একটার সময়, নারায়ণগঞ্জ জেলা শহরে চাষাঢ়া পৌরসভা এলাকায় হিন্দু বাসিন্দা এবং রায়পুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউ এন ও) গোপাল চন্দ্র দাসের পৈতৃক সম্পত্তিতে ছয়তলা ভবন নির্মাণ করতে গেলে, আগ্নেয়াস্ত্রধারী ইসলামী সন্ত্রাসীরা দশ লাখ টাকা জিজিয়াকরের দাবিতে হামলা চালায়। ঘটনাস্থলে পাঁচ ব্যক্তি(কে আহত করে আনুমানিক তিন লাখ টাকার ইমারতি দ্রব্য লুট করে নিয়ে গেছে।

● সম্প্রতি কিশোরগঞ্জ জেলার সদর উপজেলার বিভিন্ন গ্রামে হিন্দু কৃষকদের গ(চুরির দৌরাত্ম বৃদ্ধি পেয়েছে। কিছু সংঘবদ্ধ মুসলিম দুর্বৃত্ত কালাটিয়া গ্রামের নিরঞ্জন, কিশোর দাশগুপ্ত, খোকন কিশোর দাশগুপ্ত, প্রদীপ কিশোর দাশগুপ্ত, পরিতোষ ভৌমিক, বিন্নাটী গ্রামের মনোরঞ্জন সরকার, হেমেন্দ্র চত্র(বর্ত্তী, পরমানন্দ গ্রামের সুনীল সরকারের সর্বমোট ৪০ টি গ(গত ২৫ দিনে চুরি হয়েছে। এলাকার হিন্দুদের ধারণা কৃষিজীবি হিন্দুদের চাষ বন্ধ করতেই এই পাইকারী চুরি অভিযান শু(হয়েছে।

● ১৭ এপ্রিল ২০১০ বেলা একটায় খুলনায় একটি ঠিকাদারি সংস্থার ব্যবস্থাপক হিন্দু আশীষ মল্লিককে (৩৮) কতিপয় মুসলিম দুর্বৃত্ত ছয় লাখ টাকা জিজিয়াকর না পেয়ে আশীষকে নির্মমভাবে হত্যা করে লাশ গাছে ঝুলিয়ে দিয়েছে।

● ৯ এপ্রিল ২০১০ বিকাল পাঁচটায়, নারায়ণগঞ্জ জেলা শহরে কালীর বাজার এলাকার হিন্দু স্বর্ণ ব্যবসায়ী বৈশাখী জুয়েলার্স-এর মালিক বিপ-ব দাসের নিকট তিন লাখ টাকা জিজিয়াকর না পেয়ে, কতিপয় আগ্নেয়াস্ত্রধারী মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ২৬ লাখ টাকা লুঠ করে নিয়েছে। দুর্বৃত্তদের গুলিতে বিপ-ব বাবু গু(তর আহত অবস্থায় স্থানীয় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

● ৪ এপ্রিল ২০১০ সকাল ৯টায়, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার দাসপাড়া (জেলেপাড়া) এলাকার হিন্দু বাসিন্দা দীলিপ দাসের বাড়িতে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালায়। ওই হামলায় নারী ও শিশু সহ ১০ হিন্দু গু(তর আহত হয়েছেন। হামলাকারী আবদুল আলী ও তার সহযোগিয়া ৮০ বছর বয়স্কা এক হিন্দু মহিলাকে বেদম প্রহার করে পাশের ডোবায় জলে ধাক্কা দিয়ে ফেলে দেয়।

● ২০ এপ্রিল ২০১০ রাত ১১ টায়, ডিউটি শেষ করে বাসায় ফেরার পথে ইসলামী সন্ত্রাসীদের আগ্নেয়াস্ত্রের গুলিতে লুটিয়ে পড়লো এস আই হিন্দু গৌতম রায়। নিহত পুলিশ অফিসার ঢাকা মহানগর পুলিশের বংশাল থানার উপ-পরিদর্শক। তাঁকে খুব কাছ থেকে গুলি করে হত্যা করা হয়।

● ১০ মে ২০১০ মধ্যরাতে, ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলার ধারখার গ্রামের হিন্দু কর্মকার পাড়ায় স্থানীয় মুসলিম সন্ত্রাসী আহিদ মিএ(ার নেতৃত্বে একদল সশস্ত্র সন্ত্রাসী হামলা চালায়। ধারালো অস্ত্রের আঘাতে ঘটনাস্থলে দুই মহিলাসহ ৯ জন গু(তর আহত হয়েছে। সাতটি হিন্দু পরিবারের সর্বস্ব লুঠপাট করে নিয়েছে। স্বপন কর্মকার (৩২) দুলাল কর্মকার (৩১) চিত্তরঞ্জন কর্মকার (৩৪) ডাঃ গৌরাঙ্গ চন্দ্র কর্মকার (৪৫) ও নীলচন্দ্র কর্মকারকে ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। গু(তর আহত নীলচন্দ্র কর্মকার ও সাবিত্রী কর্মকারকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। উল্লেখ্য ৮ অক্টোবর ২০০৮ সালে আগ্নেয়াস্ত্রের মুখে অহিদ বলপূর্বক স্বপন কর্মকারের স্ত্রী লক্ষ্মী রাণী কর্মকারকে অপহরণ করে নিয়ে গেছে। অদ্যবধি অপহৃতাকে পুলিশ উদ্ধার করতে পারে নাই।

● ২ মার্চ ২০১০ সন্ধ্যায়, রাঙ্গামাটি জেলার জুরাইছড়ি উপজেলার বড়ইতলী এলাকায়, রাজু চাকমা (২৮) ও

জনপেদা চাকমা (২২) আদিবাসী চাকমা নামে দুই আদিবাসী যুবককে ইসলামী সন্ত্রাসীরা গুলি করে হত্যা করেছে। ঘটনাস্থলে অন্য আদিবাসী যুবক লক্ষ্মীরাজ চাকমা গু(তর আহত হয়েছে।

● সম্প্রতি হবিগঞ্জ জেলার যাদবপুর উপজেলার, খিলাতলি গ্রামের হিন্দু বাসিন্দা প্রিয়লালের ওপর মুসলিম দুর্বত্তরা হামলা চালিয়ে তিন লাখ টাকার মালপত্র লুঠ করে নিয়েছে।

● সম্প্রতি দিনাজপুর জেলার পার্বতীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যাণ্ড কলেজের সপ্তম শ্রেণীর হিন্দু ছাত্র তুষার কান্তিকে (১৩) শ্বাসরোধ করে হত্যার অভিযোগ ইফতেখা(ল ইসলাম নামে এক মুসলিম সন্ত্রাসীকে পুলিশ গ্রেপ্তার করেছে।

● সম্প্রতি কক্সবাজার জেলার রামু উপজেলার, পানের ছড়া এলাকায় কর্তব্যরত অবস্থায় বৌদ্ধধর্মাবলম্বী পুলিশের নায়েক সুষময় চাকমা (৩৫) ইসলামী সন্ত্রাসীদের ছোড়া গুলিতে নিহত হয়েছে।

● সম্প্রতি ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া পৌরশহরে, বড় বাজার এলাকায় মনা নামে এক দলিত হিন্দুর সাতশতক জমি স্থানীয় মুসলিম দুর্বৃত্ত রউফ দখল করে নিয়েছে।

● ২ ডিসেম্বর ২০০৯, ঢাকা জেলার সাভার উপজেলার শাহীবাগ এলাকায় 'শ্রীশ্রীরামকৃষ(ও পঞ্চবটী আশ্রমে' মুসলিম দুর্বৃত্ত ফয়সাল ও তার সঙ্গীরা হামলা চালিয়ে রাধাকৃষ(মূর্তি ভাংচুর করেছে।

● ৩০.৪.২০১০ সকাল ৭টার সময়, মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলার রাঘুলী গ্রামের হিন্দু বাসিন্দা অমর সরকারের বাসস্থানে স্থানীয় ইউনুস মিয়ার নেতৃত্বে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালায়। ঘটনাস্থলে আনন্দ সরকার, শ্রীমতি বাসন্তি সরকার সহ উক্ত(পরিবারের পাঁচ সদস্য গু(তর আহত হয়েছে। সংকটজনক অবস্থায় গৃহকর্তা অমর সরকারকে (৬৫) ও আনন্দ সরকারকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

● সম্প্রতি মৌলভীবাজার জেলার, শ্রীমঙ্গল বাজারে জুয়েলারী দোকানের হিন্দু মালিক বাবুল দেবনাথকে (৩৫) দোকান থেকে বাড়ি ফেরার পথে, কতিপয় মুসলিম দুর্বৃত্ত ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে নির্মমভাবে হত্যা করেছে।

● সম্প্রতি ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার পোথাইল গ্রামে বসবাসকারী হিন্দু বাসিন্দা হেমন্ত দাস, পার্বেনাথ দাস, দীনেশ দাস, শ্রীধাম দাস ও জীবন দাসের বাড়িতে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ১৫ লাখ টাকার মালপত্র লুটপাট করে নিয়েছে।

● সম্প্রতি নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলার আশ্রাবাদী গ্রামে, শ্রীশ্রীমহার(াকালী মন্দিরে হামলা চালিয়ে ছয়টি প্রতিমা ভাংচুর করা হয়েছে। এলাকার চিহ্নি(ত মুসলিম দুর্বৃত্ত রকিবুল মিয়ার নেতৃত্বে ভাংচুরের পর, পার্শ্ববর্তী হিন্দু বাসিন্দা নরেশ চন্দ্র, গোপাল চন্দ্র ও সেণ্টু চন্দর বাড়িতে হামলা চালিয়ে অজয় চন্দ্র, মহিমতি, লতারানী ও প্রদীপ চন্দ্রকে গু(তর আহত করেছে।

● ৪ মার্চ ২০১০ রাতে, রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার বাঘাইঘাটে বসবাসকারী বৌদ্ধধর্মাবলম্বী আদিবাসীদের ওপর দলবদ্ধভাবে মুসলিম দুর্বৃত্তরা হামলা চালিয়ে বাড়ি-ঘর ভাংচুর লুটপাট করে। এক পর্যায়ে আগুন লাগিয়ে দিলে ১২টি আদিবাসী বাড়ী পুড়ে ছাই হয়ে যায়।

● সম্প্রতি পুরাণ ঢাকার কোতোয়ালী থানার গোয়ালনগরে 'মেসার্স রতন স্বর্ণ বিতানের' মালিক হিন্দু ব্যবসায়ী সুমন কর্মকারের ওপর কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে দশ লাখ টাকার স্বর্ণালংকার লুট করে নিয়েছে। দুর্বৃত্তদের ছোড়া গুলিতে সুমন গু(তর আহত হয়েছে।

● সম্প্রতি ঢাকা জেলার সাভার উপজেলার সাদুল্যাপুর শিবমন্দির থেকে ৮০ কেজি ওজনের কস্টি পাথরের নির্মিত শিবলিঙ্গ চুরি হয়ে গেছে। গত ১০০ বছর যাবত ওই শিবলিঙ্গ স্থানীয় হিন্দুদের দ্বারা পূজিত হয়ে আসছে। একদল মুসলিম দুর্বৃত্ত লোহার গ্রীল কেটে মন্দিরের ভিতর থেকে কয়েক কোটি টাকা মূল্যের শিবলিঙ্গ চুরি করে নিয়ে গেছে।

● সম্প্রতি ঢাকা শহরে, মোহাম্মদপুর এলাকায় সুলতানা রোডে আমিত রেমা ও সো হাগ চিসিম নামে দুই খ্রীস্টধর্মীয় আদিবাসী ছাত্র মুসলিম দুর্বৃত্তদের হামলায় অমিত নিহত এবং সোহাগ গু(তর আহত হয়েছেন।

● সম্প্রতি টাঙ্গাইল জেলার, গোপালপুর উপজেলার মধুপুর পাহাড় এলাকায় আদিবাসী হিন্দুদের বৈষ(ব মন্দির ৬ একর জমির ওপর প্রতিষ্ঠিত। এলাকা উন্নয়নের অজুহাতে স্থানীয় ইসলামী প্রশাসন উক্ত(মন্দিরে দুই একর (৬ বিঘা) জমি জবর দখল করে নিয়েছে বলে মন্দির সেবাইত সিমা দরং অভিযোগ জানিয়েছে।

● ১৭ মে ২০১০ রাত্রি তিনটার সময়, মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার সিংগুর এলাকায় বসবাসকারী খ্রীষ্ট ধর্মাবলম্বী আদিবাসীদের ছয় দশকের প্রাচীন খাসিয়া কবরস্থান মুসলিম দুর্বৃত্তরা ভেঙ্গে গুড়িয়ে দিয়েছে। বর্তমানে উক্ত(এলাকায় ৫০ টি খাসিয়া আদিবাসী পরিবারের বসবাস।

● সম্প্রতি পিরোজপুর জেলার, জিয়ানগর উপজেলার চরনীপত্তাশী গ্রামের হিন্দু বাসিন্দা সুরেশচন্দ্র মণ্ডল ও রমেশচন্দ্র মণ্ডলের ১০ কাঠা জমি একই গ্রামের মুসলিম দুর্বৃত্ত মোশারফ কাজী, কাত্তসার কাজী ও মকবুল কাজী সশস্ত্র হামলা চালিয়ে দখল করে নিয়েছে। জমির মালিক সুরেশচন্দ্র বাধা দিতে গেল দুর্বৃত্তরা কুপিয়ে পিটিয়ে তাকে গু(তর আহত করে। মুমুর্ষু অবস্থায় খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। মুসলিম দুর্বৃত্তরা দলবদ্ধ ভাবে গ্রামের হিন্দুদের ভারতে চলে যাবার জন্য হুমকি দিচ্ছে। এ ছাড়া উপজেলার পাড়ের হাট বন্দরে হিন্দুদের শতবর্ষ ব্যবহৃত শ্মশানঘাটের ১৩ শতাংশ জমি এক মাস পূর্বে আওয়ামী লীগের স্থানীয় নেতা লতিফ হাওলাদার দখল করে ল্যাট্রিন তৈরী করেছে। গত ২০ মে ২০১০ শতাধিক হিন্দু নাগরিক পিরোজপুর প্রেস ক্লাবে উপস্থিত সাংবাদিক সম্মেলনে এ অভিযোগ করেন।

● ৯ মে ২০১০, বরিশাল জেলার গৌরনদী উপজেলার বাসুদেব পাড়া গ্রামের হিন্দু বাসিন্দা শ্রীমতি বীণারানী ভৌগোল (৬৫) বাড়িতে আওয়ামী লিগ সমর্থক ও মুসলিম দুর্বৃত্ত নজ(ল মোল্লার নেতৃত্বে হামলা চালিয়েছে। হামলা কারীরা অবাধ লুটপাট ভাংচুর চালিয়েছে। বীণা রাণী, শ্রীমতি বিউটি রানী, কুমারী ঈষিতা (৭) ও শক্তি((৫) দুই মহিলা সহ দুই শিশু হামলাকারীদের বেদম প্রহারে গু(তর আহত হয়েছেন। আহতদের গৌরনদী জেনারেল হাসপাতালে বর্তমানে চিকিৎসা চলছে।

● ২৯ মে ২০১০ গভীর রাতে, সাত(ীরা জেলার তালা উপজেলার জালালপুর গ্রামের হিন্দু বাসিন্দা উত্তম কুমার দত্তের বাড়িতে হামলা চালিয়ে লুটপাট করা হয়েছে। আগ্নেয়াস্ত্রধারী ১৫/১৬ জনের একদল মুসলিম দুর্বৃত্ত রাত্রি দুইটার সময় হামলা চালিয়ে ওই পরিবারের সোনার গহনা, টেলিভিশন, মোবাইল ফোন সহ বিভিন্ন মালামাল লুট করে নিয়ে গেছে। যার বর্তমান বাজার মুল্য দেড় লাখ টাকা।

● ৩০ মে ২০১০ সন্ধ্যায়, ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বলুহর রামচন্দ্রপুর গ্রামের হিন্দু কিশোর বিপ্-ব গড়াইকে (১৫) কতিপয় মুসলিম দুর্বৃত্ত ধারালো অস্ত্র দিয়ে নির্মমভাবে কুপিয়ে হত্যা করেছে। ওই দিন বেলা একটায় অস্ত্রের মুখে বিপ্-বকে অপহরণ করে নিয়ে যায়। রাত্রি ১১টার সময় পুলিশ (তবি(ত বিপ্-বের মৃতদেহ উদ্ধার করে।

● ২৯ মে ২০১০ সকালবেলা, নোয়াখালী জেলার লক্ষ্মীপুর উপজেলার চর চামিতা বাজারের হিন্দু মুদি দোকানের মালিক স্বপনচন্দ্র কুরি কতিপয় মুসলিম দুর্বৃত্তের ছুরিকাঘাতে গু(তর আহত হয়েছে। দুর্বৃত্তরা দোকানের মালপত্র লুটের পর স্বপনকে এলোপাথাড়ি ছুরিকাঘাত করে।

● ২৮ মে ২০১০ গভীর রাতে, বাগের হাট জেলা শহরে হিন্দু বাসিন্দা মিলন সাহার বাড়িতে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ২৫ ভরি স্বর্ণালংকার সহ নগদ একলাখ টাকা লুট করে নিয়ে গেছে।

● সম্প্রতি চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলার নাপিডাটিয়া এলাকায়, অর্দ্ধশতাব্দী যাবৎ বসবাসকারী ৩৫টি আদিবাসী পরিবারকে তাদের বসতভিটা থেকে উচ্ছেদের অপচেষ্টা শু(হয়েছে। মহসীন আলী নামক এক মুসলিম দুর্বৃত্ত

উক্ত(টিলার সাত একর ৩৫ শতক জমি তার নিজস্ব সম্পত্তি বলে দাবি করে উক্ত(জমিতে সাইনবোর্ড লাগিয়ে দিয়েছে। এলাকার বাসিন্দা ল(ী ত্রিপুরা (৮০), মঙ্গরং ত্রিপুরা (৪০) ও রামরায় ত্রিপুরা (৫১) জানিয়েছেন, অবিলম্বে উক্ত(টিলা ছেড়ে চলে যাবার জন্য আদিবাসীদের ওপর হামলাও হয়েছে।

● ২ জুন ২০১০, মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার সালন এলাকার এক আদিবাসী খ্রীস্টান যুবককে (৩০) কতিপয় মুসলিম দুর্বৃত্ত ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে নির্মমভাবে হত্যা করেছে। পুলিশ লাশ উদ্ধার করে একটি হত্যা মামলা দায়ের করেছে।

● ২ জুন ২০১০, রাতে, পুটুয়াখালী জেলার দশমিনা উপজেলার রন গোপালদী ও যৌতা এলাকায় আওয়ামী লীগের সাংসদ গোলাম মওলা মদতপুষ্ট—কতিপয় মুসলিম দুর্বৃত্ত স্থানীয় হিদুদের ওপর ব্যাপক হামলা চালিয়েছে। বাড়ি ঘর ভাংচুর ও লুটপাটের ফলে হিন্দুরা সর্বহারা হয়ে পড়েছে। হামলাকারীদের প্রহারে হিন্দু বাসিন্দা জয়দেব দেবনাথ (৩০), দিগেন্দ্রনাথ দেবনাথ (৩২), শীতল দেবনাথ (২৮), নির্মল হালদার (৩৫) ও শ্রীমতি রেণুবালা দেবনাথ (৬০) গু(তর আহত হয়েছেন।

● ১১ এপ্রিল ২০১১ গভীর রাতে, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার উলুকান্দি গ্রামের সংখ্যালঘু হিন্দু বাসিন্দা ব্যবসায়ী হরিপদ দাস-এর বাড়িতে সশস্ত্র আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা হরিপদবাবুর নগদ টাকা, স্বর্ণালংকার সহ প্রায় ১২ লাখ টাকা মূল্যের সম্পদ লুট করে নিয়ে গেছে।

● ২১ এপ্রিল ২০১১, সন্ধ্যায় যশোর জেলার অভয়নগর উপজেলার চন্দনগাতি গ্রাম এলাকায় বাজার থেকে বাড়ি ফেরার পথে গোবিন্দ পাল (৫৫) নামে এক হিন্দু ব্যবসায়ীকে হত্যা করা হয়েছে। কতিপয় মুসলিম দুর্বৃত্ত রাস্তা থেকে গোবিন্দকে অস্ত্রের মুখে অপহরণ করে নিয়ে গলা কেটে জবাই করে হত্যা করে।

● সম্প্রতি সিরাজগঞ্জ জেলার তারাশ উপজেলা সদরে হিন্দু বাসিন্দা মিলু কর্মকারের পৌনে ৭ বিঘা কৃষি জমি, স্থানীয় মুসলিম দুর্বৃত্ত ও আওয়ামী লীগ নেতা জাকির হোসেন জুয়েল জাল দলিলের মাধ্যমে জবর দখল করে নিয়েছে। থানা-পুলিশ, আইন আদালত করে ও সন্ত্রাসী দুর্বৃত্তদের নিকট জমি-হারিয়ে দেশত্যাগ করে ভারতে চলে আসতে চাইছে।

● হত দরিদ্র, দিনমজুর হিন্দু হেমন্ত কুমার বেপারীর পরিবারকে গত সাত বছর একঘরে করে রেখেছে গ্রাম্য কতিপয় টাউট। অসামাজিক কার্যকলাপের মিথ্যা অপবাদ দিয়ে টাউটরা ওই দরিদ্র পরিবারের সামান্য সম্বল বসত বাটি দখল করে নিতে চাইছে বলে অভিযোগ। পিরোজপুর জেলার নজিরপুর উপজেলার বলিবাবলা গ্রামে এ ঘটনা। স্থানীয় থানায় অভিযোগ জানালে ও পুলিশ অদ্যবধি কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই।

● ২৮ এপ্রিল ২০১১, বাগেরহাট জেলার কচুয়া উপজেলার গোপালপুর ফুলতলা গ্রামের হিন্দু বাসিন্দা সুনীল মৃধার বাড়িতে, মুসলিম দুর্বৃত্ত আওয়ামী লীগ নেতা সোনা মীরের নেতৃত্বে হামলা চালিয়েছে। হামলায় গৃহকর্তা সুনীল মৃধা (৫০) ও পুত্র শয়ন কুমার মৃধা (১৮) গু(তর আহত হয়েছেন। ইউ পি নির্বাচনে আওয়ামী লীগকে ভোট না দেওয়ার অপরাধে এ হামলা করা হয়েছে বলে অভিযোগ।

● ২৩ এপ্রিল ২০১১, বরগুণা জেলার পাথরঘাটা উপজেলার চরদোয়ানী ইউ পি নির্বাচনে পরাজিত আওয়ামী লীগ প্রার্থী খলিলুর রহমানের নেতৃত্বে ১নং ওয়ার্ডে বসবাসকারী সংখ্যালঘু হিন্দুদের ওপর ব্যাপক হামলা চালিয়েছে। হামলায় মহিলা সহ ১৫ জন হিন্দু গু(তর আহত হয়েছে। অর্দ্ধশতাধিক ঘর বাড়ি লুটপাট, ভাংচুর করা হয়েছে। হামলাকারীদের বেদম প্রহারে হিরেন মিস্ত্রী, শ্রীমতি মিনতি রানী, শেফালী রানী, অবলা রানী, ননী মিস্ত্রি, বাদল ব্যাপারী, স্বপন মিস্ত্রি ও গোপাল বৈরাগী গু(তর আহত হয়েছেন।

● ১৪ এপ্রিল ২০১১ রাতে, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার ২নং ব্রীজ এলাকার সংখ্যালঘু হিন্দু ছাত্র এইচ. এস. সি পরী(ার্থী পুলক পালকে (১৯) কতিপয় মুসলিম দুর্বৃত্ত ছুরিকাঘাতে হত্যা করেছে। হত্যাকারী মোঃ এমরান হককে এখনও পুলিশ গ্রেপ্তার করতে পারেন নাই।

● প্রাইভেট কারের সঙ্গে ঘষা লেগেছে রিকশার চাকা। প্রাইভেট কারের মালিক মোঃ মাকসুদুল হাসান (ুব্ধ হয়ে দরিদ্র রিক্সা চালক হিন্দু অমূল্য বর্মনকে (৫০) আমানবিকভাবে প্রহার করে। গু(তর আহত অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়ার পথে অমূল্যর মৃত্যু হয়। নিহতর পুত্র রতন চন্দ্র বর্মণ রাজধানী ঢাকার সবুজবাগ থানায় একটি হত্যা মামলা দায়ের করলে ও হত্যাকারীকে পুলিশ এখন পর্যন্ত গ্রেপ্তার করেন নাই। গত ১৪ এপ্রিল ২০১১ এ ঘটনা ঘটেছে।

● ১২ মে ২০১১ রাতে, সিলেট জেলা শহরে জিন্দাবাজারের হিন্দু ব্যবসায়ী চন্দন দেব এর 'স্বর্ণ জুয়েলার্সে' আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ৫৮৬ ভরি সোনা লুট করে নিয়ে গেছে। পুলিশ আলি হোসেন নামে এক দুর্বৃত্তকে আটক করেছে।

● ৪ মে ২০১১ রাতে, ঢাকা শহরের টঙ্গীর পাগার শিল্প এলাকায় সংখ্যালঘু খ্রীষ্ট ধর্মাবলম্বী রিতা রোজারিও ও মাইকেল সুজয় রোজারিওর বাসস্থানে কতিপয় আগ্নেয়াস্ত্রধারী কতিপয় দুর্বৃত্ত হামলা চালিয়ে তিনলাখ টাকার সম্পদ লুট করে নিয়ে গেছে। দুর্বৃত্তদের গুলিতে উইলিভারসন নামে এক যুবক গু(তর আহত হয়েছে।

● ৬ মে ২০১১ গভীর রাতে, নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার বারদীতে সংখ্যালঘু হিন্দুদের পবিত্র তীর্থস্থান ঐতিহ্যবাহী শ্রীশ্রীলোকনাথ ব্রহ্মচারী আশ্রমের দেবোত্তর সম্পত্তি চার দিকের মাঠ দখল করে নিয়েছে স্থানীয় আওয়ামী লীগ দলের নেতা মোশারফ হোসেনের দলবল। বাঁশ ও টিন দিয়ে তৈরী করা হয়েছে ছোট ছোট দোকান ঘর। ৮/১০ হাজার টাকার বিনিময়ে ঘরগুলি চুক্তি(র মাধ্যমে বিক্রি(করে দেওয়া হচ্ছে। প্রশাসনকে এ বিষয়ে অভিযোগ জানানো হলেও তারা উদাসীন।

● ১২ মে ২০১১ বেলা ১২ টার সময়, নরসিন্দী ব্রাহ্মণী কে কে এম কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ের হিন্দু মেধাবী ছাত্র দীপ চৌধুরী এসএসসি পরি(ায় বিশেষভাবে কৃতকার্য হওয়ার অপরাধে দৈহিক নির্যাতনের শিকার হয়েছে। তার মুসলিম সহপাঠীদের সশস্ত্র আক্র(মনে গু(তর আহত হয়ে বর্তমানে চিকিৎসাধীন।

● ১৩ মে ২০১১ সন্ধ্যায়, খাগড়াছড়ি জেলার দীঘিনালা উপজেলার কামুকাছড়া এলাকায় বৌদ্ধ ধর্মাবলম্বী সুনিকা চাকমা (১৩) তৃতীয় শ্রেণীতে পাঠরত আদিবাসী ছাত্রীকে গণসম্ভ্রম লুটের পর নির্মমভাবে হত্যা করা হয়েছে। এলাকার কতিপয় মুসলিম দুর্বৃত্ত এ ঘটনার সঙ্গে যুক্ত(বলে জানা গেছে।

● ৮ মে ২০১১ দিনের বেলা, খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলার নোয়াইতলা গ্রামের হিন্দু বাসিন্দা শ্রীমতি কালিদাসী সানা, মিঠুরানী সানা ও দীনবন্ধু সানা স্থানীয় মুসলিম দুর্বৃত্ত জাহিদ শেখের আক্র(মণে গু(তর আহত হয়েছেন।

● ৩ মে ২০১১, গাজীপুর (জয়দেবপুর) জেলা সদরে মির্জাপুর গ্রামের স্থায়ী বাসিন্দা সংখ্যালঘু ১০ টি হিন্দু পরিবারের ওপর আওয়ামী লীগ নেতা সিরাজউদ্দিন ও নেত্রী হাসনা হেনার নেতৃত্বে একদল মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। ঘটনাস্থলে শ্রীমতি রবিদাস (২৫), শ্রীমতি তারামনি রবিদাস ও শ্রীজিতেন্দ্র রবিদাস গু(তর আহত হয়েছে। বিশেষ সূত্রে জানা গেছে, ৬০ শতক জমির ওপর ১০টি দরিদ্র হিন্দু পরিবার নিজ সম্পত্তিতে বংশ পরম্পরায় বসবাস করে আসছে। উক্ত(জমি থেকে ১০ পরিবারকে উচ্ছেদ করে ছলে-বলে সম্পত্তি দখল করে নেওয়াই প্রধান উদ্দেশ্য।

● ১০ মে টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার গয়হাটা গ্রামের সংখ্যালঘু হিন্দু মনিতোষ দাসের পরিবারের ওপর স্থানীয় কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা ৮ লাখ টাকা মূল্যের ৫০টি গাছ, ঘরের আসবাব পত্র লুট করে নিয়েছে। দাস পরিবারকে অবিলম্বে বাংলাদেশ ত্যাগ করে ভারতে চলে যাবার নির্দেশ দিয়েছে। অন্যথায় পরিবারের সবাইকে হত্যা করে লাশ গুম করে দেবার হুমকি দিয়েছে। হামলকারী মোঃ বিপ-ব আওয়ামী লীগের স্থানীয় এমপির ঘনিষ্টজন হওয়ায় প্রশাসন নীরব রয়েছে। অসহায় হিন্দু পরিবারটি এ বিষয়ে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন।

● ৬ জুন ২০১১ গভীর রাতে, মৌলভীবাজার জেলার কুলাউড়া শহরের দ(িণ বাজার এলাকায় লাবণী ড্রাগ হাউসের ভেতর কতিপয় মুসলিম সশস্ত্র দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা উক্ত(প্রতিষ্ঠানের হিন্দু কর্মচারী অরবিন্দ চক্র(বর্তীকে (৩৫) নির্মমভাবে হত্যা করেছে। ড্রাগ হাউসের ক্যাশবাক্স ভেঙ্গে ল(াধিক টাকা লুটপাট করে নিয়ে গেছে।

● ৬ জুন ২০১১ সন্ধ্যায়, যশোর জেলার যশোর সদর উপজেলার চাঁচরা বর্মণ পাড়ার হিন্দু বাসিন্দা নিতাই বর্মণকে (৪০) কতিপয় মুসলিম দুর্বৃত্ত জবাই করে (গলা কেটে) নির্মমভাবে হত্যা করে লাশ রাস্তার পাশে ফেলে রেখে যায়।

● ৭ জুন ২০১১ গভীর রাতে, চট্টগ্রাম শহরের পাহাড়তলী থানার অন্তর্গত দ(িণ কাটালী এলাকার দরিদ্র হিন্দু যুবতী পান্না রানী দাসকে (২০) কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করেছে। যুবতীর সম্ভ্রম লুটের পর তাকে শ্বাস(দ্ধ করে হত্যা করা হয়েছে। প্রমাণ লোপ করতে লাশ স্থানীয় হরিমন্দির শ্মশানে দাহ করা হয়। কিন্তু অর্দ্ধদগ্ধ অবস্থায় লাশ ফেলে দুর্বৃত্তরা পালিয়ে যায়। পুলিশ উক্ত(লাশ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। ঘটনায় জড়িত সন্দেহে মোঃ ইকবাল (২২) নামে একজনকে গ্রেপ্তার করেছে।

● সম্প্রতি বান্দরবান জেলার লামা উপজেলার নাই(্যং মৌজায় আদিবাসী বৌদ্ধ ধর্মাবলম্বী লাইপুং মু(ং এর আনুমানিক ৩৫০০০০ টাকা মূল্যের সাতটি সেগুন গাছ, এলাকার প্রভাবশালী (মতাসীন আওয়ামী লিগ নেতা জাহিদুল ইসলামের দলবল লুট করে কেটে নিয়ে গেছে। জমির মালিক ও তার প্রতিবেশীরা বাধা দিতে যেয়ে দুর্বৃত্তদের হাতে প্রহৃত হয়েছেন।

● ৬ জুন ২০১১ সকাল ৯টায়, দিনাজপুর জেলার বিরল উপজেলার উত্তর কাজীপাড়া গ্রামের হিন্দু বাসিন্দা, দ্বিজেন্দ্রনাথ রায়ের একমাত্র কন্যা এইচ. এস. সি. পরি(ার্থী কলেজ ছাত্রী প্রিয়াংকা রায় (১৮) কলেজ যাবার পথে অপহৃত হয়েছে। এলাকার চিহ্নি(ত মুসলিম দুর্বৃত্ত মোঃ নয়ন শেখ আগ্নেয়াস্ত্রের মুখে উক্ত(কিশোরীকে লোকালয় থেকে অপহরণ করে নিয়ে যায়। কিশোরীর আর্ত চিৎকার শুনে কোন মানুষ তাকে উদ্ধার করতে এগিয়ে আসে নাই। স্থানীয় থানায় একটি অপহরণ মামলা দায়ের করা হলেও পুলিশ অদ্যবধি কিশোরীকে উদ্ধারের কোন ব্যবস্থা গ্রহণ করে নাই।

● সম্প্রতি ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার বাচকান্দা হিন্দু পরিবারের ওপর কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারী মোমতাজ আলী, কলিম উদ্দিন, ছলিম উদ্দিন আসাদ, সাদ্দাম, বাচ্চু মিয়া ও নজ(ল সেখদের বেদম প্রহারে পল্লী চিকিৎসক সুধীরচন্দ্র দাস ও সুবোধচন্দ্র দাস গু(তর আহত হয়েছে।

● ২ জুলাই ২০১১ রাতে, টাঙ্গাইল জেলার বাসাইল উপজেলার মিরিকপুর গ্রামের হিন্দু বাসিন্দা সঞ্জয় সূত্র ধরকে (৩৫) কতিপয় মুসলিম দুর্বৃত্ত ধারালো অস্ত্র, দিয়ে (জবাই) করে গলা কেটে নির্মমভাবে হত্যা করেছে।

● ২৭ মে ২০১১ রাতে, দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার খাট্টাউমা গ্রামে হিন্দু সম্প্রদায়ের রাধাগোবিন্দ মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে তিনটি পুজিত প্রতিমা ভেঙ্গে দিয়েছে। মন্দির কমিটির লোকজন স্থানীয় থানায় এবিষয়ে একটি মামলা দায়ের করেছেন।

● ২৯ মে ২০১১ বিকাল সাড়ে তিনটার সময়, রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলা সদরে তালুকদার পাড়া এলাকায় আদিবাসী বৌদ্ধ ধর্মাবলম্বী শনীময় চাকমা (৩২) সশস্ত্র ইসলামী সন্ত্রাসীদের গুলিতে নিহত হয়েছে।

● ২৮ মে ২০১১ গভীর রাতে, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলা সদরে বাংলাদেশ অশ্বিনী সেবাশ্রম মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে তিনলাখ টাকা মন্দিরের সম্পত্তি লুট করে নিয়ে গেছে।

● ৭ জুন ২০১১ সন্ধ্যায়, গোপালগঞ্জ জেলার রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে পরাজিত আওয়ামী লীগ প্রার্থীর সমর্থকরা এলাকায় সংখ্যালঘু হিন্দুদের ওপর ব্যাপক হামলা চালিয়েছে। হামলাকারীরা সিলনা গ্রামে বসু মার্কেটে ২০টি হিন্দু দোকান লুটপাট করেছে, বেদম প্রহারে নারী ও শিশু সহ ২৫ জন গু(তর আহত হয়েছে।

● ১৯ মে ২০১১ সন্ধ্যায়, নড়াইল জেলার নড়াগাতি থানায় অন্তর্গত ঐ সোনা ইউনিয়ন পরিষদ নির্বাচনে পরাজিত আওয়ামী লীগ প্রাথী মোঃ ওহাব মোল্লার নেতৃত্বে একদল মুসলিম দুর্বৃত্ত এলাকায় হিন্দু বাসিন্দাদের ওপর ব্যাপক হামলা চালিয়েছে। হামলাকারীরা নলামারা গ্রামের বিমল পাল, সুবোধ বালা, অপরেশ বিশ্বাসের দোকান ভাংচুর এবং লুটপাট করে। (িতিশ নন্দী, বিদ্যুৎ নন্দী, শংকর বিশ্বাস, সমর বিশ্বাস, পীযুষ দাস, ব(ণ পাল, প্রভাষ ব্যাপারী, শৈলেন দাস, অ(ণ বিশ্বাস ও নীতিশ বিশ্বাসের বাড়ী ঘর ভাংচুর লুটপাট চালিয়ে আনুমানিক দশ লাখ টাকার মালপত্র নিয়ে গেছে। দুর্বৃত্তদের আয়ত্বে আনতে পুলিশকে তিন রাউণ্ড শূন্যে গুলি ছুঁড়তে হয়েছে।

● ২১ মে ২০১১ মধ্য রাতে, মৌলভী বাজার জেলার বড়লেখা উপজেলার হাবালুকি হাওরে ভাসমান জলে মৎস শিকার অবস্থায় হিন্দু যুবক সুজিত বিশ্বাস (৩০) কতিপয় মুসলিম দুর্বৃত্তের গুলিতে নিহত হয়েছেন। এ ঘটনায় স্থানীয় থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে।

● ১০ জুন ২০১১ সন্ধ্যায়, যশোর জেলার কেশবপুর সদর এলাকায় হিন্দু বাসিন্দা সুবল পাল কতিপয় মুসলিম দুর্বৃত্তের হামলায় গু(তর আহত হয়েছে। স্থানীয় থানায় এ ঘটনায় একটি মামলা দায়ের করা হয়েছে।

● ৯ ও ১১ জুন ২০১১ দিবালোকে, মৌলভী বাজার জেলার শ্রীমঙ্গল ইউনিয়নের সবুজবাগ গ্রামের হিন্দু বাসিন্দা পরিমল দাশ, জ্যোর্তিময় রায় ও রথীন্দ্রনাথ রায়ের মালিকানাধীন তিনটি পুকুর থেকে আনুমানিক ৯ লাখ টাকার মাছ একদল মুসলিম দুর্বৃত্ত লুট করে নিয়ে গেছে।

● ২৯ মে ২০১১ রাতে, রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার তালুকদার পাড়ায় কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। আগ্নেয়াস্ত্রধারী দুর্বৃত্তদের গুলিতে আদিবাসী বৌদ্ধ ধর্মাবলম্বী সোহেল চাকমা (২৮) নিহত হয়েছে।

● ৭ জুন ২০১১ সন্ধ্যায়, রংপুর জেলা শহরে কারমাইকেল কলেজের অধ্য(হিন্দু দীপকেন্দ্র নাথ দাসকে হত্যার চেষ্টা করে। কতিপয় মুসলিম দুর্বৃত্ত বোমা ফাটিয়ে অধ্য(ে র ঘরের দিকে গুলি ছুঁড়ে হত্যার চেষ্টা করে।

● ৮ জুন ২০১১ দুপুরে, খুলনা থেকে প্রকাশিত দৈনিক পত্রিকা প্রবাহ যশোর ব্যুরো প্রধান প্রদীপ ঘোষ ও রাজু আহামেদের ওপর কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলায় দুই সাংবাদিক গু(তর আহতে হয়েছেন।

● ২৬ জুন ২০১১ ভোরে, রাঙামাটি জেলার জুরাছড়ি উপজেলার খিলাতলি গ্রামের আদিবাসী বৌদ্ধধর্মাবলম্বী বিজয় সিংহ চাকমাকে (৩১) আগ্নেয়াস্ত্র ধারী কতিপয় মুসলিম দুর্বৃত্তগুলি করে হত্যা করেছে।

● ১০.১১.২০১১ সকালে, রাঙামাটি জেলার জুরাছড়ি উপজেলার ঘিলাতলা বাজার এলাকায় অমূল্য ধন চাকমা (৪৫) নামে এক আদিবাসী বৌদ্ধ ধর্মাবলম্বীকে, আগ্নেয়াস্ত্রধারী মুসলিম দুর্বৃত্তরা গুলি করে হত্যা করেছে। সমীরণ চাকমা (২০) নামে এক যুবক গুলিতে গু(তর আহত হয়েছে।

● গত ৯.১১.২০১১ সকাল ৮ টার সময়, রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার ভুঁইওছড়া এলাকায়, আগ্নেয়াস্ত্রধারী মুসলিম দুর্বৃত্তদের গুলিতে বৌদ্ধধর্মাবলম্বী হৃতেশ দেওয়ান (৩০) নিহত হয়েছেন।

● গত ১৪.১১.২০১১ বেলা ১২ টার সময়, ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার শিকারীপাড়া ইউনিয়ন পরিষদে আওয়ামী লীগ প্রার্থী আবদুর সালাম পরাজিত হয়। পরাজিত প্রার্থীর ভাগনে আলমগীরের নেতৃত্বে ৫০/৬০ জনের একদল মুসলিম দুর্বৃত্ত দেশীয় অস্ত্র নিয়ে হিন্দু সন্তোষ বর্মণের বাড়ীর ওপর হামলা করে। দুর্বৃত্তদের বেদম প্রহারে ঘটনাস্থলে সন্তোষ বর্মণ (৫৫) মারা গেছেন।

● সম্প্রতি গাজীপুর (জয়দেবপুর) জেলার কালীগঞ্জ উপজেলার উত্তর ভাদার্ত্তী গ্রামের খ্রীষ্টান ধর্মাবলম্বী অমল কাস্তা ১৫ শতক জমি ও গ্যাবিয়েল কস্তার ২৪ শতক জমি স্থানীয় আওয়ামী লিগ নেতাওমুসলিম দুর্বৃত্ত রফিকুল ইসলাম বলপূর্বক দখল করে নিয়েছে।

● ৫ নভেম্বর ২০১১, নীলফামারী জেলার সদর উপজেলার ইটাখোলা এলাকায় হিন্দু ধর্মীয় গৌড়ীয় মিশনের এক একর পঁচিশ শতক দেবোত্তর জমি মুসলিম দুর্বৃত্তরা দখল করে নিয়েছে। স্থানীয় চিহ্(ত দুর্বৃত্ত শাহিনুর আলমসহ তার দলবল সংখ্যালঘুদের ধর্মীয় প্রতিষ্ঠানের জমি দখলের প্রতিবাদে, হাজার হাজার হিন্দু জেলা শাসকের অফিস ঘেরাও, মানববন্ধন কর্মসূচী পালন করেছে।

● ৫ নভেম্বর ২০১১, গভীর রাতে, ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলার ব্রাহ্মনদী গ্রামে হিন্দু ধর্মীয় রাধা-কৃষ(মন্দির অজ্ঞাত পরিচয় কতিপয় মুসলিম দুর্বৃত্ত আগুন লাগিয়ে পুড়িয়ে দিয়েছে।

● ১২ নভেম্বর ২০১১, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার কালাইয়া বন্দর ধানহাট সংলগ্ন সার্বজনীন শ্যামা কালীবাড়ি মন্দিরের ৫টি মূল্যবান গাছ, আওয়ামী লিগ নেতা ও মুসলিম দুর্বৃত্ত লুট করে কেটে নিয়ে গেছে। মন্দির কমিটির সভাপতি কার্তিকচন্দ্র সাহা উত্ত(নেতা এ বি এম রেজা মোল্লার বি(দ্ধে অভিযোগ দায়ের করেছেন। বর্তমানে বাজার অনুসারে পাঁচটি গাছের মূল্য আনুমানিক দশ লাখ টাকা বলে জানা গেছে।

● ৫ নভেম্বর ২০১১ গভীর রাতে, ঢাকা জেলার সাভার মডেল থানার অর্ন্তগত রাজকুলবাড়ীয়া এলাকায় 'মা র(াকালী মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্তরা হামলা চালিয়েছে। তারা দেব মূর্তি ভাংচুর সহ প্রতিমার স্বর্ণালংকার লুট করে নিয়ে গেছে। মন্দির কমিটি সম্পাদক জানিয়েছেন লুণ্ঠিত অলংকারের মূল্য তিন লাখ টাকা।

● সম্প্রতি গাইবান্ধা জেলা শহরে পশ্চিমপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পিছন দিকে, একটি পুকুর থেকে লক্ষ্মণ মোহন্ত (৩২) নামে এক হিন্দু ব্যক্তি(র মৃতদেহ পুলিশ উদ্ধার করেছে। স্থানীয় মানুষের ধারণা তার সম্পত্তি গ্রাসের আশায় মুসলিম দুর্বৃত্তরা ল(ণকে শ্বাস(দ্ধ করে হত্যা করেছে।

● সম্প্রতি বাংলাদেশে বিভিন্ন স্থানে মহানবী হজরত মুহাম্মদ (সা.) সম্পর্কে কুটক্তি(অজুহাত দেখিয়ে, চক্র(ান্তমূলক জালে জড়িয়ে সংখ্যালঘু হিন্দু শি(কদের সরকার অনুমোদিত স্কুলে চাকুরী থেকে বহিষ্কার করা হচ্ছেও সংখ্যাগরিষ্ঠ মুসলিমদের পরিকল্পিত ভাবে উত্তেজিত করা হচ্ছে। ৫ নভেম্বর ২০১১ ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলা সদরে জর্জ একাডেমির হিন্দু শি(ক সমর বাগচীর বি(দ্ধে মুসলিমদের উত্তেজিত করা হয়। মানিকগঞ্জ, কুমিল্লা ও চট্টগ্রামে একইভাবে হিন্দু শি(ক-শি(িকার বি(দ্ধে উত্তেজনা ছড়িয়ে শি(ক শি(িকাদের চাকুরীচ্যুত করা হয়েছে।

● সম্প্রতি চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড পৌর এলাকার মাধ্যম মহাদেবপুর গ্রামের হিন্দু মহিলা মালতি রানী দাসকে (৬৫) স্থানীয় মুসলিম দুর্বৃত্ত আক্ত(ার হোসেন (৪০) আগ্নেয়াস্ত্রের মুখে অপহরণ করে নিয়ে নির্মমভাবে হত্যা করেছে। পুলিশ ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা থানার নয়নপুর এলাকা থেকে ৪০ দিন পর একটি ড্রামের ভিতর থেকে মালতি রানীর গলিত লাশ উদ্ধার করেছে।

● সম্প্রতি মামলা প্রত্যাহার না করায় ধর্ষক পিটিয়ে গু(তর আহত করলেন ধর্ষণের শিকার হিন্দু কিশোরী বাবা ও কাকাকে। গত ১৩ নভেম্বর ২০১১ দিবালোকে শতশত মানুষের সম্মুখে এ ঘটনা ঘটেছে। পটুয়াখালী জেলার সদর থানার পাশারিবুনিয়া গ্রামের হিন্দু বাসিন্দা পলাশ বি(াসের ৭ বছরের শিশু কন্যাকে ২০০৬ সালে আগষ্ট মাসে স্থানীয় মুসলিম দুর্বৃত্ত জহি(ল হক অপহরণ করে নিয়ে ধর্ষণ করে।

● ১১ ডিসেম্বর ২০১১, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলার বন্যাবাড়ি—মিত্র ডাঙ্গা খাল থেকে বালু উত্তোলন করে বেড়িবাঁধ নির্মাণ করছেন স্থানীয় আওয়ামী লিগ নেতা ঠিকাদার মোঃ ইমদাদ বি(াস। এ কারণে শতাধিক সংখ্যালঘু হিন্দুর বসতবাড়ি ধসে পড়ার আশংকা দেখা দিয়েছে। গত একমাস ধরে বালু উত্তোলন করা হলেও প্রশাসনের প(থেকে

কোন বাধা নিষেধ নেই। (তিগ্রস্থ পরিবারগুলো এ বিষয়ে আপত্তি জানালে তাদের বলা হয় "বেশী কথা বলবি না, এদেশে থাকতে হলে চুপচাপ থাকবি না হলে পিঠের চামরা তুলে ইণ্ডিয়ায় পাঠিয়ে দেব।" ইতিমধ্যে ১৯টি হিন্দু বাড়ি ধসে ভেঙ্গে পড়েছে।

● ৯ ডিসেম্বর ২০১১, রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার কানাইগারা গ্রামে হিন্দু বাসিন্দা গোবিন্দচন্দ্র প্রামাণিক, গৌরচন্দ্র প্রামানিক, গু(পদ প্রামাণিক, তারাপদ প্রামাণিক, নিরাপদ প্রামাণিক, ভক্ত(লাল প্রামাণিক, কানু প্রামাণিক, শ্যাম প্রামাণিক ও অধীর প্রামাণিককে তাদের পূর্বপু(ষের বাসস্থান থেকে আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে উচ্ছেদ করেছে। বাড়ি ঘর গাছপালা লুট করে নিয়েছে। মহিলা ও শিশুদের ওপর দৈহিক নির্যাতন চালিয়েছে। নির্যাতিত পরিবারগুলি এলাকা ছেড়ে পালিয়ে বেড়াচ্ছে। দুর্বৃত্তরা (মতাসীন আওয়ামী লিগের স্থানীয় নেতা ও কর্মী বলে অভিযোগে বলা হয়েছে। স্থানীয় পুলিশ বিষয়টি ধামাচাপা দেয়ার চেষ্টা করছে।

● ১৮ নভেম্বর ২০১১, লালমনির হাট জেলার আদিত্যমারী উপজেলার রজবপাড়া গ্রামের মুসলিম বাসিন্দা মমতাজ উদ্দিনের বাড়িতে বন্ধু হিসাবে বেড়াতে গিয়েছিল হিন্দু জলধর বর্মণ। ঘুমন্ত অবস্থায় জলধর বর্মনের গলা ধারালো অস্ত্রদিয়ে কেটে (জবাই করে) হত্যা করা হয়েছে। এ ঘটনার ২২ দিন পর পুলিশ মমতাজকে গ্রেপ্তার করেছে।

● ১৪ ডিসেম্বর ২০১১, পিরোজপুর জেলার নাজিপুর উপজেলার লেবুজিলবুনিয়া গ্রামের হিন্দু বাসিন্দা হরেন্দ্রনাথ মণ্ডলের সম্পত্তি থেকে উচ্ছেদ করবার তৎপরতা শু(করে দিয়েছে স্থানীয় মুসলিম দুর্বৃত্তরা। দুর্বৃত্তদের বি(দ্ধে মামলা করায়, জামায়াত নেতারা হরেন্দ্রনাথকে দেশ ত্যাগ করে ভারতে চলে যাবার নির্দেশ দিয়েছে। অন্যাথায় তার পরিবারের সব সদস্যদের হত্যা করা হবে হুমকি দিয়েছে।

● ৬ ডিসেম্বর ২০১১ রাতে, ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার বালুচর গ্রামের হিন্দু বাসিন্দা শম্ভু মণ্ডলের স্ত্রী শুভারানী মণ্ডলকে (৫০) গলা কেটে জবাই করে নির্মমভাবে হত্যা করেছে মুসলিম দুর্বৃত্ত মোঃ রাকির হোসেন (২২) শুভারানীর নিকট ওই দুর্বৃত্ত ৫০ হাজার টাকা জিজিয়াকর বাবদ দাবি করেছিল। টাকা দিতে রাজী না হওয়ায় শুভারানীকে নির্মমভাবে খুনের শিকার হতে হয়েছে।

● ১৪ ডিসেম্বর ২০১১, রাঙামাটি জেলার বাঘাইছড়ি, খাগড়াছড়ি ও দীঘিনালা উপজেলার বিভিন্নস্থানে দলবদ্ধ মুসলিম দুর্বৃত্তদের হামলায় আদিবাসী মুকুট ত্রিপুরা, শংশাঙ্ক চাকমা গু(তর আহত হয়েছেন। চিগোনমিলে চাকমা (৪৭) নামে এক মহিলা নিহত এবং তার স্বামী জীতেন চাকমাও আহত হয়েছেন। সংবাদ সূত্র জানায় প্রশাসনের পরো(সহযোগিতায় তিন ঘণ্টা ধরে এই তাণ্ডব চলতে থাকে।

● ১৬ ডিসেম্বর ২০১১ বেলা তিনটার সময়, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি(বি(বিদ্যালয়ের দুই শি(ার্থী মুসলিম খায়(ল কবির ও হিন্দু দিপঙ্কর ঘোষ অনিক পার্বেতী সুরমানদীতে নৌভ্রমণে বের হয়। চেঙ্গিরখাল এলাকায় একদল মুসলিম দুর্বৃত্ত লাঠিসোটা নিয়ে ওই ছাত্রদের ওপর হামলা করে। দুর্বৃত্তদের বেদম প্রহারে ঘটনাস্থলে দুই ছাত্র নিহত হয়েছে।

● ২৩ নভেম্বর ২০১১ রাতে, বাংলাদেশ ইউনিভারসিটি অব বিজনেস এণ্ড টেকনোলজি এম. বি. এ. শেষ সেমিস্টারের ছাত্র হিন্দু সঞ্জীব কুমারকে (২৫) মুসলিম দুর্বৃত্তরা (াস (দ্ধ করে হত্যা করেছে।

● ২৫ নভেম্বর ২০১১ সকাল ১০ টায়, ব্রাহ্মণবাড়ীয়া জেলার আখাউড়া উপজেলায় হিন্দু সাংবাদিক দুলাল ঘোষের বাড়িতে মুসলিম দুর্বৃত্তরা আগুন লাগিয়ে দিয়েছে। আগুনে দু'টি ঘর ভস্মীভূত হয়ে গেছে। আনুমানিক তিন লাখ টাকার মালপত্র (তিগ্রস্থ হয়েছে।

● ২১ নভেম্বর ২০১১ রাতে, চুয়াডাঙ্গা জেলার দামুরহুদা উপজেলার লোকনাইপুর বেলে মাঠ এলাকায় রাখাল শাহ

বাউল আশ্রমে আওয়ামী লিগের মুসলিম দুর্বৃত্তরা হামলা চালিয়েছে। হামলাকারীরা বাউলদের বাদ্যযন্ত্র ভাংচুর, লুট ও অগ্নি সংযোগ করে চলে যায়। স্থানীয় থানা এ বিষয়ে অভিযোগ গ্রহণে অস্বীকার করেন।

● ২৭ নভেম্বর ২০১১, দিনাজপুর জেলার বোদাগঞ্জ উপজেলার ধনঞ্জয়পুর গ্রামের খ্রীষ্টান আদিবাসী বাসিন্দা পাল সরেন (৪২) মুসলিম দুর্বৃত্তদের হামলায় নিহত হয়েছে।

● ভোটার তালিকায় নাম থাকলেও বাংলাদেশ সরকার পারিচালিত ২০১০ সালে আদমশুমারিতে ৭০ লাখ দলিত হিন্দুর নাম হিসাব নেই পরিসংখ্যান বইতে। বেসরকারী প্রতিষ্ঠান শারির হয়ে এ সংত্র(ান্ত জরিপে তথ্য প্রকাশ করেছেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও জনতা ব্যাংকের চেয়ারম্যান ডাঃ আবুল বরকাত।

● ২৮ নভেম্বর ২০১১ রাতে, রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার লাইল্যা ঘোনা গ্রামে বৌদ্ধধর্মাবলম্বী জ্যোতিবিকাশ চাকমাকে (৩০) মুসলিম দুর্বৃত্তরা গুলি করে হত্যা করেছে।

● সম্প্রতি সাত(ীরা জেলা প্রশাসকের কার্য্যালয়ের সামনে মুসলিম দুর্বৃত্তদের হামলার শিকার হলেন মানবাধিকার কর্মী শম্পা গোস্বামী। গু(ত্বপূর্ণ কাগজপত্র সেখানে জমা দিতে যাওয়ার সময় পূর্বে থেকেই উৎপেতে থাকা দুর্বৃত্তরা ঝাঁপিয়ে পড়ে কাগজপত্রের ফাইলগুলি ছিনতাই করার চেষ্টা করে। শম্পা দেবী বাধা দিলে গলায় শাড়ী পেচিয়ে কিল-চড়-ঘুষি মেরে দুর্বৃত্তরা পালিয়ে যায়। থানায় অভিযোগ জানালে পুলিশ দুর্বৃত্তদের বি(দ্ধে কোন ব্যবস্থাই গ্রহণ করেন নাই।

● ১৮ জানুয়ারী ২০১২, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার কলাগাজী এলাকায়, মুসলিম দুর্বৃত্ত জালাল বাহিনীর সশস্ত্র হামলায় হিন্দু পুলিশ পরেশ কুমার কারবারী (৩২) নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ৫ পুলিশ। বি(ুব্ধ মানুষ দুর্বৃত্তদের ৯টি বাড়ি আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছে।

● ১৮ জানুয়ারী ২০১০, কুমিল্লা জেলা শহরে অবস্থিত রস মালাই খ্যাত মিষ্টির দোকান শীতল ভাণ্ডারে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। প্রতিষ্ঠানের হিন্দু মালিক শীতলচন্দ্র ঘোষ জানিয়েছেন, ৫০ লাখ টাকা জিজিয়া করের দাবি জানিয়ে আসছিল হামলাকারীরা। তিনি এ বিষয়ে কর্ণপাত না করায় হামলার শিকার হলেন। এই সময় দোকানের মালিক ও কর্মচারীরা বেদম প্রহৃত হন এবং নগদ ৭০ হাজার টাকা লুট করে নিয়েছে।

● ১৮ জানুয়ারী ২০১২, পিরোজপুর জেলার স্বরূপকাঠি উপজেলার আটঘর কুড়িয়ানা এলাকায় দ(িণ মাহামুদকাঠি গ্রামে হিন্দু বাসিন্দা অমল হালদার ও মিঠু হালদার মুসলিম দুর্বৃত্তদের আগ্নেয়াস্ত্রের ছোড়া গুলিতে গু(তর আহত হয়েছেন।

● ১৯ জানুয়ারী ২০১২ গভীর রাতে, মুন্সীগঞ্জ জেলার টঙ্গীবাড়ি উপজেলার পুরা বাজার এলাকায় ৩টি হিন্দু দোকান লুট করেছে মুসলিম দুর্বৃত্তরা। জয় চন্দ্র দাসের 'তন্ময় স্বর্ণ শিল্পালয়, শ্যামল ঘোষের' কৃষ(গোপাল স্বর্ণ শিল্পালয় এবং পলাশচন্দ্র দেবনাথের 'স্বর্ণ শিল্পালয়' থেকে নগদ তিন লাখ টাকা, ৩৬ ভরি সোনা ১৬০ ভরি রূপা লুট করে নিয়ে গেছে। এ বিষয়ে স্থানীয় থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

● ১৯ জানুয়ারী ২০১২ গভীর রাতে, খাগড়াছড়ি জেলা সদরে কমলছড়ি হেডম্যান পাড়ায় মুসলিম দুর্বৃত্তদের আগ্নেয়াস্ত্রের গুলিতে বৌদ্ধধর্মাবলম্বী সবলেশ চন্দ্র চাকমা (৫০) নিহত হয়েছেন। শান্তিরঞ্জন চাকমা ও রঙু চাকমাকে অপহরণ করে নিয়ে গেছে।

● ১৪ জানুয়ারী ২০১২, গভীর রাতে, চট্টগ্রাম জেলা শহরে অন্দরকিল্লা এলাকায় বৌদ্ধধর্মাবলম্বী গৌরাঙ্গ বড়ুয়ার বইয়ের দোকানে মুসলিম দুর্বৃত্তরা আগুন লাগিয়ে দিলে, ১৫ লাখ টাকার বই পুড়ে ছাই হয়ে যায়।

● ১৪ জানুয়ারী ২০১২ ঝিনাইদহ জেলা শহরে সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের দশম শ্রেণীর হিন্দু ছাত্র অন্তর রায় চৌধুরীর (১৬) মুসলিম দুর্বৃত্তরা ফাঁস লাগিয়ে হত্যা করেছে। হত্যার পর মৃতদেহ কম্বল জড়িয়ে আগুন লাগিয়ে দিয়ে মুখ বিকৃত করা হয়। এর পর এই দেহ রাতের অন্ধকারে উত্ত(স্কুলের মাঠে ফেলে দিয়ে দুবৃর্ত্তরা চলে গেছে।

● ১২ জানুয়ারী ২০১২, গভীর রাতে, রাজধানী শহর ঢাকার পল্টন এলাকায় হিন্দু ব্যবসায়ী সত্যব্রত নাগের

সানফ্লাওয়ার জুয়েলারী দোকান লুট হয়েছে। মুসলিম দুবৃর্ত্তরা দেয়াল কেটে ১২০০ ভরি স্বর্ণালংকার, বর্তমান বাজার মূল্য সাত কোটি টাকা লুট করে নিয়েছে। ২০০১ সালে ওই দোকানে অনুরূপভাবে লুট হয়েছিল।

● ৯ জানুয়ারী ২০১২ সন্ধ্যায়, নড়াইল জেলা শহরে সীতারামপুর ব্রিজ সংলগ্ন একটি পুকুর থেকে হিন্দু সুমন কর্মকার (১৬) মৃতদেহ উদ্ধার করা হয়েছে। কতিপয় মুসলিম দুবৃর্ত্তরা সুমনের ইজিবাইক ছিনতাই করে নিয়ে, তার হাত পা বেঁধে গলা কেটে (জবাই) করে হত্যা করা হয়েছে। সুমন মহিষখোলা এলাকার সনাতন কর্মকারের ছেলে।

● ৮ জানুয়ারী ২০১২ সকালবেলা, ঢাকা শহরে কাকরাইল এলাকায় হিন্দু সাংবাদিক দীনেশ দাস (৪৭) নিহত হয়েছেন। মোটর সাইকেল যোগে তার কর্মস্থলে যাবার পথে, একটি বাস পিছন দিক থেকে ছুটে এসে দীনেশ বাবুকে পিষে দিয়ে যায়। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। অতি সূক্ষ্ম পরিকল্পনায় দীনেশ বাবুকে হত্যা করা হয়েছে বলে মানুষ মনে করছে।

● ৯ জানুয়ারী ২০১২ রাত ৮ টায়, মাগুরা জেলা শহরে নান্দুয়ালী এলাকায় প্রীতি রায় (২১) নামে এক হিন্দু শি(কার মৃতদেহ স্থানীয় পুলিশ উদ্ধার করেছে। একটি ভাড়া বাড়িতে থেকে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শি(কতা করতেন। ঘটনার দিন সন্ধ্যায় কতিপয় মুসলিম দুর্বৃত্ত ওই শি(কার ঘরে হানা দিয়ে নগদ পয়সা এবং সম্ভ্রম লুট করার পর শ্বাস (দ্ধ করে হত্যা করে। পুলিশ আত্মহত্যা বলে মামলাটি প্রচার করে প্রকৃত অপরাধীদের আড়াল করতে চাইছে। ময়না তদন্ত না করে প্রীতির আত্মীয়দের দিয়ে স্বা(র করিয়ে দ্রুত লাশ দাহ করিয়েছে।

● ৬ জানুয়ারী ২০১২, খুলনা জেলার কয়রা উপজেলার হাতির ভাঙ্গা গ্রামে হিন্দু বাসিন্দা ত(ন কুমার সরদারের বাড়িতে আগ্নেয়াস্ত্রধারী মুসলিম দুর্বৃত্তরা হামলা চালিয়েছে। হামলাকারীরা তিন লাখ টাকার দ্রব্য লুট করে নিয়েছে।

● ৯ জানুয়ারী ২০১২ সকালে, খুলনা জেলার সদর উপজেলার সাহস গ্রামের হিন্দু বাসিন্দা, হরিচন্দ্র দাশের ঘরের বারান্দায় কয়েকটি তাজা বোমা রেখে কতিপয় মুসলিম দুর্বৃত্ত তিন লাখ টাকা জিজিয়া কর দাবি করে। হরিচন্দ্র জিজিয়া কর দিতে অস্বীকার করায় তার পরিবারের সবাইকে হত্যা করা হবে বলে দুর্বৃত্তরা হুমকি দিয়েছে।

● সম্প্রতি চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলার পুরাতন থানা গেইট এলাকায় শতাধিক ে রৗকার জীবী হিন্দু পরিবারের বসবাস ছিল। মুসলিম দুর্বৃত্তদের উৎপীড়ন এবং তাদের জমি দখলের ফলে ে রৗ জীবীরা ইতিমধ্যে নিশ্চিহ(হয়ে গেছে। তাদের শ্মশানটিও দখলকারীরা বলপূর্বক দখল করে নিয়েছে। বর্তমানে তিনটি পরিবার ওই এলাকায় বসবাস করছে। তাদেরকেও উৎখাত করতে দুর্বৃত্তরা তৎপরতা শু(করে দিয়েছে।

● ২৪ জানুয়ারী ২০১২ গভীর রাতে, কুমিল্লা জেলার চান্দিনা উপজেলা সদর বাজার এলাকায় হিন্দু ব্যবসায়ী অজিত চন্দ্র কর্মকারের ব্যবসা প্রতিষ্ঠান চাঁদনী জুয়েলার্সে আগ্নেয়াস্ত্রধারী মুসলিম দুর্বৃত্তরা হামলা চালিয়েছে। দোকানের লোহার গেট ভেঙ্গে ভিতরে ঢুকে তিন লাখ টাকার স্বর্নালংকার লুট করে নিয়েছে।

● সম্প্রতি কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার কলাকোপা গ্রামের হিন্দু বাসিন্দা, প্রবীর কুমার ঘোষের স্ত্রী পার্বতীরানী ঘোষও তার কিশোরী এক কন্যাকে আগ্নেয়াস্ত্রের মুখে অপহরণ করা হয়েছে। অপহরণকারী মুসলিম দুর্বৃত্ত সুবিলপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান হা(ন—অর রশীদের বি(দ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে। অপহরকারী মা ও মেয়েকে বলপূর্বক ধর্মান্তরিত করে। একটি বাড়িতে আটক রেখে ৭ দিন পার্বতীর সম্ভ্রম লুট করেছে। কৌশলে দুই অপহৃতা পালিয়ে এসে স্থানীয় পুলিশে অভিযোগ জানালে পুলিশ প্রকৃত তথ্য আড়াল করে মামলা বয়ান তৈরী করে পার্বতী ও তার মেয়েকে দিয়ে স্বা(র করিয়ে নিয়েছে।

● ২৯ জানুয়ারী ২০১২ সন্ধ্যায়, রংপুর জেলার সুন্দরগঞ্জ উপজেলার নাচনী ঘঘোয়া এলাকায় হিন্দু মানিকচন্দ্রকে (৩৫) কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে জবাই করে (গলা কেটে) নির্মমভাবে হত্যা করা হয়েছে।

● ৩ ফেব্রুয়ারী ২০১২ সন্ধ্যায়, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার বালাসীঘাট এলাকায় কতিপয় মুসলিম দুর্বৃত্ত,

বেগুনি রবিদাস (৬০) বছরের বৃদ্ধা হিন্দু মহিলাকে পিটিয়ে হত্যা করেছে। এ ঘটনায় স্থানীয় থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে।

● ২৯ জানুয়ারী ২০১২ বেলা ১২টায়, খাগড়াছড়ি জেলার ল(ীছড়ি উপজেলার মানিকছড়ি এলাকায় বৌদ্ধ ধর্মাবলম্বী এক ত(ণীকে কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে সম্ভ্রম লুট করেছে। এ ঘটনায় পার্বত্য এলাকায় আদিবাসীদের মধ্যে বি(োভ ছড়িয়ে পড়েছে।

● ২২ ডিসেম্বর ২০১১ গভীর রাতে, রাজশাহী জেলা শহরে বোয়ালিয়া মডেল থানা সংলগ্ন হিন্দু বাসিন্দা অধ্যাপক রণজিত বি◌্বাসের বাড়িতে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা তিন লাখ টাকার মালপত্র লুটের পর, ঘরের মধ্যে আগুন লাগিয়ে দেয়। ফলে বিছানাপত্র, জামাকাপড় ও আসবাবপত্র পুড়ে ছাই হয়ে যায়।

● ১৫ ডিসেম্বর ২০১১ গভীর রাতে, পুরান ঢাকার ৩৮ নং টিপু সুলতান রোডে-এ অবস্থিত ঐতিহ্যবাহী হিন্দু সম্প্রদায়ের শঙ্খনিধি মন্দির একদল মুসলিম দুর্বৃত্ত ভেঙ্গে গুঁড়িয়ে দিয়েছে। বর্তমানে উক্ত(স্থানে মন্দিরের কোন চিহ্(রাখা হয় নাই।

● ২৭ ডিসেম্বর ২০১১ গভীর রাতে, বরিশাল জেলার উজিরপুর উপজেলার কুড়ালিয়া বাজার এলাকায় পুলিশ ফাড়ি সংলগ্ন হিন্দু ব্যবসায়ী স্বপন কুমার সমাদ্দারকে (২৫) স্থানীয় পুলিশের সহযোগিতায় মুসলিম দুর্বৃত্তরা হত্যা করেছে বলে অভিযোগ। স্থানীয় হিন্দুরা এর প্রতিবাদে পুলিশ ফাঁড়ি ঘেড়াও করে বি(োভ প্রদর্শন শু(করলে, পুলিশ এলোপাথাড়ি গুলি চালায়। পুলিশের গুলিতে ৯ হিন্দু গু(তর আহত হয়েছেন। পুলিশের অভিযোগ উত্তেজিত জনতার আত্র(মনে ৭ পুলিশ কর্মী আহত হয়েছে। তাদের ছত্রভঙ্গ করতে ২১ রাউণ্ড শূন্যে গুলি ছোড়া হয়েছে।

● ২ জানুয়ারী ২০১২, পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলার কে সি (কলারন চণ্ডীপুর) টেকনিক্যাল অ্যাণ্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্য(এস এম ইউনুস আলীকে পুলিশ গ্রেপ্তার করেছে। তার অপরাধ বিতর্কিত লেখিকা তসলিমা নাসরিনের লেখা 'লজ্জা' নামক বইটি কলেজের লাইব্রেরিতে রেখে ছিলেন।

● ২৬ ডিসেম্বর ২০১১ রাতে, যশোর জেলার কেশবপুর উপজেলার মাগুড়াডাঙ্গা গ্রামে হিন্দু বাসিন্দা প্রদীপ দাসের বাড়ির খাবারে গোপনে বিষ মিশিয়ে দিয়ে হত্যা করার চেষ্টা ব্যর্থ হয়েছে। কতিপয় মুসলিম দুর্বৃত্ত বিষ মিশিয়ে দেয়। বিষত্রি(য়ায় ওই পরিবারের পাঁচ সদস্য গু(তর অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন।

● ২৮ জানুয়ারী ২০১২ রাত ১০ টায়, যশোর জেলার বাঘার পাড়া উপজেলার ঘোড়ানাজ গ্রামের হিন্দু বাসিন্দা আশুতোষ বি◌্বাসকে (৩৫) নির্মমভাবে হত্যা করা হয়েছে। পূর্বশত্রুতার কারণে মোঃ রনি ওই দিন ধারালো দাঁ দিয়ে কুপিয়ে হত্যা করে। রনিকে পুলিশ এখনও গ্রেপ্তার করতে পারেন নাই।

● ১৯ ডিসেম্বর ২০১১ গভীর রাতে, ঢাকা জেলার তুরাগ থানার অন্তর্গত তাকালিয়া গ্রামের হিন্দু বাসিন্দা জগীন্দ্র সরকারের বাড়িতে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা বাড়ী-ঘর লুটের চেষ্টায় ব্যর্থ হয়ে, ধারালো অস্ত্র দিয়ে এলোপাথারি কুপিয়ে জগীন্দ্র সরকার, গণেশ সরকার, নীলকান্ত চন্দ্র সরকার ও মহীন্দ্র সরকারকে গু(তর আহত করেছে, আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

● ২৭ জানুয়ারী ২০১২ সন্ধ্যায়, বরিশাল জেলার উজিপুর উপজেলার মশাং মাধ্যমিক বিদ্যালয়ে হিন্দু ছাত্র-ছাত্রীদের আয়োজিত সরস্বতী পূজার প্রতিমা ভাংচুর হয়েছে। মুখোশধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত সশস্ত্রভাবে হামলা চালিয়ে প্রতিমা ভাংচুর ও পূজার মালপত্র লুট করে নিয়ে যায়। এ ঘটনায় স্কুলের প্রধান শি(ক বাদী হয়ে উজিপুর থানায় অভিযোগ দায়ের করেছেন।

● ২৮ জানুয়ারী ২০১২ রাতে, চাঁদপুর জেলা শহরে জনবহুল প্রেস ক্লাব রোডে, 'স্বস্তিক সংঘ' আয়োজিত সরস্বতী প্রতিমা কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ভাংচুর করেছে। এ ঘটনায় সংখ্যালঘু হিন্দুদের মধ্যে চরম আতংক দেখা দিয়েছে। স্থানীয় থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

● ২৮ জানুয়ারী ২০১২ রাতে, মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার চোরমর্দ্দন গ্রামের মণিপাড়া এলাকায় হিন্দু ধর্মাবলম্বীদের কালী প্রতিমা কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ভাংচুর করেছে। স্থানীয় থানার ওসি শেখ মাহবুবুর রহমান এলাকা পরিদর্শ করেছেন।

● ২৬ জানুয়ারী ২০১২ রাতে, পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার ধারীসাফা গ্রামে শিকদারদের পারিবারিক শ্মশানে সিমেন্ট দিয়ে নির্মিত শিব মূর্তি কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ভাংচুর করেছে। গত পাঁচ মাসে ধরে ৯ ফুট উচ্চ দেব মূর্তি নির্মানের কাজ চলছিল বলে জানা গেছে।

● ২১ জানুয়ারী ২০১২ সকাল সাড়ে ৬টার সময়, মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার পাড়িল হিন্দু চর্মকার পাড়ায়, শ্রীকৃষ্ণের লীলাকীর্তন চলাকালে কতিপয় সশস্ত্র মুসলিম দুর্বৃত্তদের হামলায় নারী, পুরুষ ১২জন ভক্ত গুরুতর আহত হয়েছেন। স্থানীয় ইউনিয়ন পরিষদ সদস্য আবদুল কাদের, প্রাক্তন সদস্য মোহাম্মদ আলী, মোঃ সালাম, মোঃ হজু, মোঃ আরফান ও মোঃ মজিবর হামলা চালায়। কীর্তনের কুঞ্জ, রাধা কৃষ্ণের মূর্তি হামলাকারীরা ভেঙ্গে গুড়িয়ে দিয়েছে। স্থানীয় থানার ও সি শফিকুল ইসলাম এলাকা পরিদর্শন করেছেন।

● ৮ ফেব্রুয়ারী ২০১২ সকাল ১০টায়, নওগাঁ জেলা শহরে ৪০ বছরের প্রাচীন শ্রীশ্রী বুড়াকালী মন্দির ভেঙ্গে দিয়েছে। এলাকার মুসলিম দুর্বৃত্ত মোঃ আশু তার পুত্র মোঃ ডিনার ও ভাই মোঃ সাফু সশস্ত্র হামলা চালিয়ে মন্দির ভাংচুর করে। এ ঘটনার সংবাদ পেয়ে স্থানীয় পুলিশ ওই তিন দুর্বৃত্তকে ঘটনাস্থল থেকে গ্রেপ্তার করেছে।

● অপহরণের ৪ মাস পর আদিবাসী স্কুল ছাত্রী ময়নাকে উদ্ধার করা হয়েছে। মাইনরিটি ওয়াচের সভাপতি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী রবীন্দ্র ঘোষের সহায়তায় পুলিশ ৯ জানুয়ারী কিশোরী ময়নাকে উদ্ধার করে। উদ্ধারের সময় রবীন্দ্র ঘোষের ওপর অপহরণকারী মুসলিম দুর্বৃত্তরা হামলা করেও ক্যামেরা ছিনিয়ে নেয়ার চেষ্টা করেছে।

● ২৭ জানুয়ারী ২০১২, নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা থানাধীন কুতুবপুর এলাকায় হরিপদ সরকারের পৌত্রিক বিপুল পরিমান জমি পেশী শক্তির মাধ্যমে স্থানীয় কতিপয় মুসলিম দুর্বৃত্ত দখল করে নিয়েছিল। ওইদিন গ্লোবাল হিউম্যান রাইটস ডিফেন্সের চেয়ারম্যান রবীন্দ্র ঘোষ, হিন্দু মহাজোটের জেলা সভাপতি আইনজীবী রঞ্জিত চন্দ্র দে, মহাজোটের সিনিয়র যুগ্ম সচিব অনিলচন্দ্র সরকার মুক্তি যোদ্ধা কানাইলাল সরকার উপস্থিত হয়ে সাইনবোর্ড স্থাপন করে প্রকৃত মালিকের দখলেজমি ফিরিয়ে দেওয়া হয়।

● ১১ ফেব্রুয়ারী ২০১২ সকাল বেলা, দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার সানকা গ্রামের ইউক্লিপটাশ গাছে ঝুলন্ত অবস্থায় হিন্দু আদিবাসী মণ্টু সোরেনের মৃত দেহ পুলিশ উদ্ধার করেছে। কতিপয় মুসলিম দুর্বৃত্ত তাকে অপহরণ করে নিয়ে, শ্বাস রুদ্ধ করে হত্যা করে। এরপর মৃতদেহ মোটা রাশিতে বেঁধে গাছের ডালে ঝুলিয়ে দেয়।

● ১৬ ফেব্রুয়ারী ২০১২, বরগুনা জেলার বামনা উপজেলার উত্তর কাকচিরা গ্রামের হিন্দু বাসিন্দা পুলিন শীলকে জমি-বাড়ি থেকে উচ্ছেদ করতে এলাকার কুখ্যাত মুসলিম দুর্বৃত্ত সেলিম ও তার স্ত্রী ফেরদৌসী বেগম পায়তারা শুরু করেছে। এই দিন এলাকার শুভবুদ্ধি সম্পন্ন হিন্দু-মুসলিম এ ঘটনার প্রতিবাদে বিক্ষোভ প্রদর্শন করেছেন।

● সম্প্রতি চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলার ছোট কুমিরা এলাকায় বংশানুক্রমে বসবাসকারী হিন্দু ত্রিপুরি আদিবাসী ১১০টি পরিবার তাদের বাড়ি ঘর ও জমি থেকে উচ্ছেদ হওয়ার আতংকে দিন গুনছেন। জহির মিয়া চৌধুরী পরিচালিত দি চিটাগাং এগ্রিকালচার ফার্ম আদিবাসীদের চলাচলের রাস্তাও সামাজিক এবং ধর্মীয় অনুষ্ঠান বন্ধ করে দিয়েছে। পরিবার প্রতি বার্ষিক ২৫ হাজার টাকা জিজিয়াকর বাবদ আদায় করছে। এই কর দিতে না পারলে অন্ধকার কুঠরীতে হাত-পা বেঁধে নির্মম দৈহিক নির্যাতন করা হয়। আগামী তিন মাসের মধ্যে পরিবারগুলিকে এলাকা ছেড়ে চলে যেতে নির্দেশ দেওয়া হয়েছে।

● ১২ ফেব্রুয়ারী ২০১২ রাত ১০টায়, ঢাকা শহরে সুত্রাপুর থানার ৯৮ নং কে. বি. দাস লেনের নিজ বাড়িতে হিন্দু

বাসিন্দা শ্রীমতি গৌরী ঘোষ (৩২) ও তার দেবর সুমন ঘোষ (৩০) কতিপয় মুসলিম দুর্বৃত্তর আগ্নেয়াস্ত্রের গুলিতে গু(তর আহত হয়েছেন। গত এক দশক যাবত ঘোষ পরিবারের সম্পত্তি বিক্রি(করে ভারতে চলে যাবার জন্য চাপ সৃষ্টি করা হচ্ছিল বলে গোপন সূত্রে জানা গেছে।

● ১২ ফেব্রুয়ারী ২০১২ গভীর রাতে, ঢাকা শহরে আজিমপুর এলাকায় হিন্দু উজ্জ্বল কুমার দেকে (৩৫) ধাস (দ্ধ করে মুসলিম দুর্বৃত্তরা নির্মম ভাবে হত্যা করেছে।

● ১২ ফেব্রুয়ারী ২০১২ রাতে, কিশোগঞ্জ জেলার কুলিয়াচর পৌর শহরে দাসপাড়ায় হিন্দু গৃহবধু লক্ষ্মী রানী দাস (২২) স্বামীর অনুপস্থিতিতে কতিপয় মুসলিম দুর্বৃত্তের সম্ভ্রমহানির শিকার হয়ে আত্মহত্যা করেছেন।

● ১৩ ফেব্রুয়ারী ২০১২ গভীর রাতে, গাজীপুর (জয়দেবপুর) জেলার কালীগঞ্জ পৌরসভার নয়াবাড়ী এলাকা হিন্দু মহিলা লক্ষ্মীরানী চন্দ্রকে (৫৫) কতিপয় মুসলিম দুর্বৃত্ত জবাই (গলা কেটে) হত্যা করেছে।

● ১৩ ফেব্রুয়ারী ২০১২ রাত্রি ১.৩০ মিনিটের সময়, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার পাতিয়াবেড়া গ্রামের হিন্দু বাসিন্দা দিলীপ কুমার বি(াসের ভ্রাতস কন্যা কলেজ ছাত্রী পল্লবী রানী বি(াসকে (১৮) নির্মমভাবে হত্যা করা হয়েছে। এলাকার কুখ্যাত মুসলিম দুর্বৃত্ত মোঃ আল আমিন (১৯) মোঃ আশিক (৩০) আগ্নেয়াস্ত্রের মুখে পল্লবীকে অপহরণ করে নিয়ে গণ সম্ভ্রম লুটের পর ধাস (দ্ধ করে হত্যা করেছে। উল্লাপাড়া থানা কেস নং-১৯/১৪/০২/২০১২ ধারা ৩৬৪, ৩০২, ২০১ ও ৩৪ দঃ বিঃ অনুসারে একটি মামলা দায়ের করা হয়েছে। (সূত্র ঃ বাংলাদেশ মাইনোরিটি ওয়াচ)

● ২০ ডিসেম্বর ২০১২ সন্ধ্যা ৮ টার সময়, গোপালগঞ্জ জেলা সদর উপজেলার বেদগ্রামের হিন্দু বাসিন্দা অজিত মোহন্তর ৮ম প্রেণীতে পাঠরত ১৪ বছর বয়সী কন্যা লাকী মোহন্তকে কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে গেছে। অপহরকারী মোঃ রানা মোল্লা, মোঃ রাজীব মোল্লার, মোঃ তারেক মোল্লা ও ফতু বেগমের বি(দ্ধে থানায় অভিযোগ জানালেও অদ্যবধি ওই কিশোরীকে উদ্ধার করতে পুলিশ ব্যর্থ হয়েছে। (সূত্র ঃ বাংলাদেশ মাইনোরিটি ওয়াচ)

● ২২ ফেব্রুয়ারী ২০১২ বিকালে রাস্তা থেকে অপহরণ করে নিয়ে গেল এক হিন্দু গৃহবধুকে, স্থানীয় থানার পুলিশ অফিসারের পাশবিক নির্যাতনে ৮ মাসের গর্ভবতী বধূর সন্তান প্রসব হয়েছে। ঘটনা স্থলে স্থানীয় শুভবৃদ্ধি সম্পন্ন মুসলিমদের গণ ধোলাইতে পালিয়ে আত্মর(া করলেন ওই লম্পট পুলিশ। বধু পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার বেতমোড় সেনাবাহিনী সদস্য পলাশ হাওলাদারের স্ত্রী।

● কোনো ধরণের পূর্নবাসন ছাড়াই খুলনা মহানগরীর প্রায় দেড়শ বছরের পুরনো সুইপার কলোনী উচ্ছেদ করতে তৎপরতা শু(করে দিয়েছে খুলনা জেলা পুলিশ। ইতোমধ্যে কোলনীর ২০টি ঘর বুলডোজার দিয়ে ভেঙ্গে দিয়েছে পুলিশ। হিন্দু সুইপারদের ২০ পরিবার এখন খোলা আকাশের নিচে। (সূত্র ঃ বাংলাদেশ মাইনোরিটি ওয়াচ)

● ১৩ জানুয়ারি ২০১২ সন্ধ্যায়, হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার হরিশ্যামা গ্রামের নির্বাচিত ইউ পি হিন্দু সদস্য জগন্নাথ দাসকে (৩৫) স্থানীয় কতিপয় মুসলিম দুর্বৃত্ত দা দিয়ে কুপিয়ে নির্মমভাবে হত্যা করেছে। এ ঘটনায় পুলিশ মোঃ সাত্তার মিয়া, ধনু মিয়া, আবদুল আওয়াল মিয়া, শাহীন মিয়া ও সামছু মিয়াকে আটক করেছে।

● ২৪ জানুয়ারি ২০১২ গভীর রাতে, নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার দ(িণপাড়া গ্রামের হিন্দু বাসিন্দা অজিত কুমার ঘোষের বাড়িতে আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা ৩০ ভরি স্বর্ণ, নগদ ৩০ হাজার টাকা ৩টি মোবাইল ফোন লুট করে নিয়েছে। হামলাকারীদের বেদম প্রহারে গৃহ কর্তা অজিত ঘোষ তার স্ত্রী লক্ষ্মীরানী ঘোষ ও বৃদ্ধামাতা রেখা রানী গু(তর আহত হয়েছে।

● ১১ জানুয়ারি ২০১২ সকাল বেলা, রাঙামাটি জেলার বাগছড়া এলাকা থেকে বৌদ্ধ ধর্মাবলম্বী আদিবাসী নেতা অনিলচন্দ্র তঞ্চঙ্গ্যাকে অগ্নেয়াস্ত্রের মুখে অপহরণ করেছে। এ ঘটনা সমগ্র জেলায় আদিবাসীরা বি(োভ প্রদর্শন করেছেন।

● ১ মার্চ ২০১২ বেলা ১১ টায়, জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার তেঘুরিয়া কামারপাড়া এলাকায়, খ্রিস্টান মিশনারির একটি গাড়িতে মাদ্রাসা শি(ক ও ছাত্ররা হামলা করেছে। হামলায় ৩ মার্কিন নাগরিক গু(তর আহত হয়েছে। আহতরা হলেন, মিঃ রিট থ্রিচজন, বেনজামিন ফ্রাংকসও মিসেস এনরান থ্রিচজন। এ ঘটনায় উগ্র ধর্মান্ধ মাদ্রাসা অধ্য(আব্দুল বারী, শি(ক মোঃ জাকারিয়া ও ছাত্র অন্তর মিয়াকে পুলিশ গ্রেপ্তার করেছে।

● সম্প্রতি বরিশাল জেলার আগৈলঝড়া উপজেলার জে এল ৯৯ বাগধা মৌজার এস এ ৬৩৬, ৬৩৭, ৬৩৮ দাগে ১৪ শতক জমিতে ১২৫ বছর পূর্বে দেবোত্তর ভূমিতে প্রতিষ্ঠিত সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের কালী মন্দির এখন বেদখল হয়ে গেছে। মন্দিরের জমি খালেক খান নামে এক মুসলিম দুর্বৃত্ত বলপূর্বক দখল করে নিয়েছে। গত তিন মাস ওই মন্দিরে কোন 'হিন্দু' পূজার অর্চনা করতে পারছে না। মন্দিরসংলগ্ন শ্মশানে কোন হিন্দু মৃতদেহ সেখানে দাহ করতে দিচ্ছেনা। মন্দির কমিটির সভাপতি রবীন্দ্রনাথ মজুমাদর প্রশাসনের নিকট অভিযোগ জানিয়েছেন। কোন প্রতিকার আজ পর্যন্ত হয় নাই।

● ২ ফেব্রুয়ারী ২০১২, রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার গোলারামদিয়া মৌজায় সুনীলা বালা সাহা, স্বরূপ কুমার সাহা ও সুভাষ কুমার সাহা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ১৩ শতাংশ জমি স্থানীয় কতিপয় মুসলিম দুর্বৃত্ত মোঃ ফা(ক মিয়া, জরিনা বিবি, নাজমুল হাসান ও রফিকুল আলম বলপূর্বক দখল করে নিয়েছে।

● ২০ ফেব্রুয়ারী ২০১২ বেলা ৯টায়, বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলার হোগলাপালা গ্রামের হিন্দু বাসিন্দা গৌতম মৃধার বাড়িতে ৬০/৭০ জন মুসলিম দুর্বৃত্ত সোহেল খাঁ নেতৃত্বে হামলা করেছে। গৌতমের স্ত্রী-হামলাকারীদের প্রহারে গু(তর আহত হয়েছে। তিন বছরের ছোট শিশুকে মায়ের কোল থেকে কেড়ে নিয়ে ছুঁড়ে ফেলে দিয়েছে। ঘর বাড়ি ভাংচুর এবং লুটপাট হয়েছে। একটি ঘর আগুন দিয়ে পুড়িয়ে ছাই করে দিয়েছে। দুটি পান বরজ থেকে তিন ল(াধিক টাকার পান লুট করে নিয়েছে। হামলাকারী সোহেল খাঁ এলাকায় আওয়ামী লিগ সংসদ সদস্যর প্রশ্রয়ে দীর্ঘদিন যাবত সংখ্যালঘুদের ওপর হামলা করছে বলে অভিযোগ। গত ২৮ ফেব্রুয়ারী এলাকার তিনহাজার সংখ্যালঘু হিন্দু এ ঘটনার প্রতিবাদে বি(াভ প্রদর্শন করেছেন।

● গত এক মাস পূর্বে বাসের চাকার তলায় ফেলে পরিকল্পিত ভাবে হত্যা করা হয় হিন্দু সাংবাদিক গৌতম দাসকে। গত ২৩ ফেব্রুয়ারী ২০১২ রাতের অন্ধকারে তার পৈত্রিক বাড়ি ফরিদপুর জেলার ভাঙ্গা পৌরসভার ৩নং ওয়ার্ডে ৪ শতাংশ জমি জোরপূর্বক দখল করে নিয়ে তৈরী করা হয়েচে আওয়ামী লিগ কার্য্যালয় ও বঙ্গবন্ধু ক্লাব।

● ১৩ ফেব্রুয়ারী ২০১২ সন্ধ্যা ৮টায়, গাজীপুর (জয়দেবপুর) জেলার কালিয়াকৈর উপজেলার সাকিপুর বাজার এলাকায়, হিন্দু শি(ক গোবিন্দচন্দ্র অধিকারীর বাসায় কতিপয় আগ্নেয়াস্ত্রধারী মুসলিম দুর্বৃত্ত হামলা করেছে। হামলাকারীরা নগদ ৫০ হাজার টাকা ৫ ভরি স্বর্ণালংকার সহ পাঁচলাখ টাকার মূল্যবান সামগ্রী লুট করে নিয়েছে।

● ২০ ফেব্রুয়ারী ২০১২ রাতে, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার কামারপাড়া গ্রামের আদিবাসী পাড়ায় খ্রীষ্টধর্মাবলম্বী সনজোলি সরেন (৫০) নামে এক আদিবাসী মহিলাকে জবাই করে (গলা কেটে) হত্যা করা হয়েছে। স্বামী এবং ছেলের অনুপস্থিতিতে স্থানীয় কতিপয় মুসলিম দুর্বৃত্ত ওই মহিলাকে হত্যা করে। এ ঘটনায় আদিবাসীদের মধ্যে আতংক ছাড়িয়ে পড়েছে। স্থানীয় থানার এ এস আই তৌহিদুল ইসলাম সংবাদ মাধ্যমকে জানান, সনজেলিকে ধারালো অস্ত্র দিয়ে হত্যা করা হয়েছে।

● ২০ ফেব্রুয়ারী ২০১২ গভীর রাতে, মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলা সদরে থানার নিকট কর্মকার পাড়ায় হিন্দু ব্যবসায়ী চিত্তরঞ্জন কর্মকারের বাড়িতে আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা করেছে। ৭১ ভরি স্বর্ণালংকার ১০০ ভরি রূপা ও নগদ ১০ হাজার টাকা লুট করে কর্মকার পরিবারের সদস্যদের বেদম প্রহার করে চলে গেছে।

● ১৮ জানুয়ারী ২০১২, রাজশাহীতে এক খ্রীস্টধর্মাবলম্বী আদিবাসী কিশোরী এক মুসলিম দুর্বৃত্ত কর্তৃক ধর্ষণের ঘটনায়

তীব্র বিে ভ দেখিয়েছে। আদিবাসী পরিষদ, জাতীয় আদিবাসী পরিষদ, আদিবাসী যুব পরিষদ, আদিবাসী ছাত্র পরিষদ সহ ৭টি সংগঠন সম্মিলিতভাবে বিে ভে অংশগ্রহণ করেন।

● ১৮ জানুয়ারী ২০১২, নারায়ণ গঞ্জ জেলার সোনারগাঁ উপজেলার নয়াপুর বাজারে অবস্থিত হিন্দু ব্যবসায়ী তপন ধরের 'রিতা জুয়েলার্সে' আগ্নেয়াস্ত্র ধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা দোকানের নৈশ প্রহরী মোঃ চান মিয়াকে (৬৫) নির্মমভাবে হত্যা করে ৬০ ভরি সোনা নগদ ৮০ হাজার টাকা লুট করে নিয়ে চলে যায়।

● ২০ জানুয়ারী ২০১২, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার কাছিপাড়া গ্রামের হিন্দু বাসিন্দা জয়দেব পাল প্রাণনাশের আতংকে বাড়ি ঘর ফেলে পালিয়ে বেড়াচ্ছে। তার শ্যালক কমল পালের এক একর জমি দেওপাশা মৌজায় রয়েছে। উক্ত জমি জয়দেব তত্ত্বাবধান করে থাকে। স্থানীয় মুসলিম দুর্বৃত্ত মোঃ নাসিম উক্ত জমি বিনা মূল্যে লিখে দেবার দাবি জানিয়ে শ্যালক ও ভগ্নিপতির ওপর চাপ সৃষ্টি করে আসছে। অন্যথায় তাদের দু'জনকে হত্যা করা হবে বলে হুমকি দিয়েছে।

● ৭ ফেব্রুয়ারী ২০১২ বেলা ১২টার সময়, ফরিদপুর জেলার সালথা উপজেলার আটঘর ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান সংখ্যালঘু হিন্দু মলয় বসুকে (৪৫) প্রকাশ্যে হত্যা করেছে কতিপয় মুসলিম দুর্বৃত্ত। মোটর সাইকেল যোগে তার কার্য্যালয়ে যাওয়ার পথে রণকাইল নামক স্থানে সশস্ত্র দুর্বৃত্তরা তার গতিরোধ করে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতারি কুপিয়ে মলয়কে হত্যা করে।

● হিন্দুরা আমাদের ভোট দেয় নাই এই কথা বলে তাঁদের বাড়িতে হামলা চালিয়েছে স্থানীয় আওয়ামী লিগের মুসলিম সমর্থকরা। বাড়ি ঘর ভাংচুর, লুট ও পিটিয়ে আহত করা হয়েছে কয়েকজন সংখ্যালঘু নাগরিককে। ২ জুলাই ০১১, সন্ধ্যা সাতটায় এ ঘটনা ঘটেছে ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলার ফুলসুতি ইউনিয়নের রামপাশা গ্রামে। ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লিগের পরাজিত প্রার্থী সিরাজ খানের ৫০ জন সমর্থক দেশীয় অস্ত্র নিয়ে হামলা চালালে চিত্ত সাহা (৫৮), চঞ্চল সাহা (৩৬) ও শচীন কুমার সাহা (৫০) গু(তর আহত হয়েছে। আনুমানিক ৬ লাখ টাকার সম্পদ লুণ্ঠিত হয়েছে বলে অভিযোগ। স্থানীয় থানায় এ বিষয়ে একটি মামলা দায়ের করা হয়েছে।

● জোর করে তোলা আপত্তিকর ভিডিও চিত্র মোবাইল ফোনে ছড়িয়ে দেওয়ায় ে ভ ও ঘৃণায় আত্মহত্যা করেছেন স্নাতক ছাত্রী ও হিন্দু গৃহবধু সুপর্ণা বালা (২২)। বরিশাল ব্রজমোহন বি এম কলেজের গণিত বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রী ছিলেন আত্মহননকারীনি। ভিডিও চিত্র ধারণকারী দুই মুসলিম দুর্বৃত্ত মোঃ নজ(ল ইসলাম ও তার ভাই আবদুর রাজ্জাককে পুলিশ গ্রেপ্তার করেছে। সুর্পনার বাড়ি খুলনা জেলার আশাশুনি উপজেলার ল ীখালী গ্রামে। গত ১৮ জুলাই ২০১১ বরিশাল শহরে কলেজ রো লেচু শাহ রোডে এ ঘটনা ঘটেছে।

● ১৫ জুলাই ২০১১, নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলার মুছাপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন (লাঙ্গলবন্ধ) মহাত্মা গান্ধী মন্দিরের পূজারী হিন্দু রমেশচন্দ্র চত্র(বর্ত্তীর ছেলে বাবু চত্র(বর্ত্তী প্রেম করে ভিন্ন বর্ণের একটি মেয়েকে আদালতের মাধ্যমে রেজেষ্ট্রী বিবাহ করে। এলাকার মুসলিম দুর্বৃত্তরা ি প্ত হয়ে এঘটনায় প্রহসন মূলক বিচার সভায় তিনশত লোকের সামনে বাবুর শরীরে ৩০ বার বেত্রাঘাত করে। এরপর বাবুর গোপন অঙ্গে ইঁটের টুকরো বেঁধে ২ কিঃ মিঃ প্রকাশ্য রাস্তায় হাঁটতে বাধ্য করা হয়। এ ঘটনা সাংবাদিকদের জানানোর অভিযোগে বাবুর আত্মীয় বিমল রায় ও সুকুমার রায়কেও বেদম প্রহার করেছে দুর্বৃত্তরা।

● ১০ জুলাই ২০১১, রাজশাহী জেলার গোদাগারী উপজেলার সিমলা দিঘীপাড়া গ্রামের আদিবাসী খ্রীস্টধর্মাবলম্বী ও শি ি কা মরিয়ম সূর্যকে (৫৫) নির্মমভাবে হত্যা করেছে কতিপর মুসলিম দুর্বৃত্ত। তার সঞ্চিত অর্থ ও স্বর্ণলংকার লুট করা হয়েছে। পুলিশের ধারণা উক্ত মহিলার সম্ভ্রম লুটের পর শ্বাস(দ্ধ করে হত্যা করা হয়েছে। হত্যার পর বিবস্ত্র অবস্থায় লাশ একটি গাছে ঝুলিয়ে দেয়। এই বিভৎস হত্যাকাণ্ডে এলাকায় আদিবাসীদের মধ্যে আতংক দেখা দিয়েছে।

● ১১ আগস্ট ২০১১, মৌলভীবাজার জেলার কুলাউরা উপজেলার ঢুলিপাড়া এলাকায় একটি সেতুর নিচ থেকে নীলিমা দেব (৮০) নামে এক হিন্দু মহিলার লাশ পুলিশ উদ্ধার করেছে। ওই মহিলা চুনঘর গ্রামে একটি মন্দিরের সেবাইত ছিলেন। ধারণা করা হচ্ছে উত্ত(মহিলাকে ধ্বাস(দ্ধ করে হত্যা করা হয়েছে। মৃত্যু নিশ্চিত হওয়ার পর মুসলিম দুর্বৃত্তরা লাশ উত্ত(স্থানে ফেলে দিয়ে চলে গেছে।

● ১৭ই আগষ্ট ২০১১, লক্ষ্মীপুর জেলার রায়পুর পৌর শহর এলাকায় মুড়িহাটায় অবস্থিত হিন্দু সম্প্রদায়ের 'জগন্নাথ দেব' মন্দিরে মুসলিম দুর্বৃত্তদের একটি দল হামলা চালিয়েছে। হামলাকারীদের ছোড়া ইঁট পাটকেলের আঘাতে দুটি প্রতিমা চুর্ণ বিচূর্ণ হয়েছে। এ ঘটনায় মন্দির কমিটির সাধারণ সম্পাদক আদালতে একটি মামলা দায়ের করেছেন।

● ২১ জুলাই ২০১১, চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলার অষ্টম শ্রেণীতে পাঠরত হিন্দু ছাত্র তন্ময় পালকে মুসলিম দুর্বৃত্তরা অপহরণ করে নিয়ে গেছে। স্কুল থেকে ফেরার পথে তাকে অপহরণ করা হয়। ২২ জুলাই স্থানীয় থানায় অভিযোগ জানানো হলেও পুলিশ অদ্যবধি তাকে উদ্ধার করতে পারেন নাই।

● ৪ আগষ্ট ২০১১ গভীর রাতে, ঢাকা জেলার আশুলিয়া থানার ইয়ারপুর এলাকায় এক হিন্দু বাড়িতে আগ্নেয়াস্ত্র ধারী মুসলিম দুর্বৃত্তরা হামলা চালিয়েছে। হামলাকারীরা ৫০০ গ্রাম স্বর্ণালংকার ও নগদ ৫ লাখ টাকা লুট করে নিয়ে গেছে। হামলা কারীদের বেদম প্রহারে গৃহকর্ত্তা ব্যবসায়ী আশু দাস, তুষ্ট দাস, বাসুদেব দাস ও বীথিকা দাস নামে এক মহিলা গু(তর আহত হয়েছে। স্থানীয় থানায় এ ঘটনায় অভিযোগ জানাতে গেলে ও সি ১৫০ গ্রাম স্বর্ণালংকার লিপিবদ্ধ করতে বাধ্য করেছে বলে অভিযোগ।

● ২ আগষ্ট ২০১১, গোপালগঞ্জ জেলা শহরে বসবাসকারী খ্রীষ্ট ধর্মাবলম্বী বাবলু বি(শ্বাসের বাড়ি-ঘর বল পূর্বক দখল করে নিয়েছিল গোপালগঞ্জ শহর আওয়ামী লিগের যুগ্ম সাধারণ সম্পাদক মুসলিম দুর্বৃত্ত মাহবুবুর রহমান ডিগল মিয়া। এর প্রতিবাদ জানাতে গেলে স্থানীয় থানার ভিতর পুলিশের সামনে প্রহৃত হন এক খ্রীস্ট ধর্মজাক। এর পর প্রতিমন্ত্রী প্রমোদ মানকিনের হস্ত(পে দখলীয় বাড়ি ছেড়ে চলে যায় আওয়ামী নেতা।

● ৮ আগষ্ট ২০১১, জাহাঙ্গীর নগর বি(বিদ্যালয়ের ইংরাজী বিভাগের ৩৭ তম ব্যাচের হিন্দু ছাত্র পিনাকপাণি ভট্টাচার্য বেদম প্রহৃত হলেন ছাত্রলীগ নেতা মুসলিম দুর্বৃত্ত আজগর আলীর হাতে। বেলা ১২টার সময় প্রকাশ্য স্থানে শত শত লোকের সম্মুখে।

● ২০০১-২০১১ সালের বাংলাদেশ সরকারের জনগণনা তথ্য অনুসারে ১৫টি জেলায় ৯ লাখ ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক নিখোঁজ। প্রকৃতপ(ধর্মান্ধ ইসলামী মৌলবাদীদের অমানবিক উৎপীড়নে সংখ্যালঘুরা দেশত্যাগে বাধ্য হয়েছেন।

● ২ অক্টোবর ২০১২ গভীর রাতে, হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার বাসুরা গ্রামের সংখ্যালঘু হিন্দু নাগরিক লিটন ভট্টাচার্যের বাড়িতে দুর্গা মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা নির্মিয়মান দেবী দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, কার্তিক ও গণেশ মূর্তি ভাংচুর করে। গৃহকর্তা এবং মূর্তি নির্মাণ কারিগরদের বেধরক মারধোর করেছে। এই হামলার নেতৃত্বদানকারী মৌলবাদী দুর্বৃত্ত তাজুল ইসলাম (৪৫) বি(দ্ধে স্থানীয় থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

● ২ অক্টোবর ২০১২ গভীর রাতে, টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলার ধনবাড়ী গ্রামে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের সর্বজনীন রাধাগোবিন্দ আশ্রমে কতিপয় মুসলিম দুর্বৃত্ত পরিকল্পিত ভাবে হামলা চালিয়েছে। শারদীয় উৎসবের জন্য নির্মিয়মান দেবী দুর্গা, কার্তিক, গনেশ, লক্ষ্মী, সরস্বতী ও অসুর মূর্তি ভেঙ্গে গুড়িয়ে দিয়েছে, পূজা উদযাপন কমিটির সভাপতি চিত্তরঞ্জন সরকার ও সম্পাদক (িতিশচন্দ্র দত্ত বাদী হয়ে স্থানীয় থানায় একটি মামলা দায়ের করেছেন।

● ৩ অক্টোবর ২০১২ গভীররাতে, গাজীপুর (জয়দেবপুর) জেলার শ্রীপুর উপজেলার ধলজোর গ্রামের সংখ্যালঘু হিন্দু নাগরিক রবীন্দ্রনাথ সরকারের পারিবারিক মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা মন্দিরে

পূজিত লক্ষ্মী-নারায়ণ মূর্তি সহ ৬টি দেব মূর্তি ভাংচুর করে। পুজার আসবাবপত্র লুট করে নিয়ে যায়। ঘটনায় এলাকার সংখ্যালঘুদের মনে আতংক দেখা দিয়েছে। স্থানীয় পুলিশ মোঃ সজীব ইসলাম নামে এক দুর্বৃত্তকে আটক করেছে।

● 'জলে বসবাস করে কুমিড়ের সাথে যুদ্ধ করা যায় না বাবা! আমরা তো সংখ্যালঘু। বাংলাদেশেই আমাদের বসবাস করতে হবে। তাই শত অন্যায় অত্যাচার মুখ বন্ধ করে সইতে হবে। না হলে মেয়েতো মরেছে, আমাদের পরিবারশুদ্ধ মরতে হবে'(অশ্রুসজল চোখে একথা বলেন বরিশাল জেলা শহর সংলগ্ন মহিলাড়া গ্রামের হিন্দু বাসিন্দা অমূল্য মণ্ডল। গত ৮ সেপ্টেম্বর ২০১২ বেলা ১১টার সময় অমূল্য কন্যা অষ্টম শ্রেণীর ছাত্রী সেতু মণ্ডল স্কুলে যাওয়ার পথে ওই গ্রামের মুসলিম দুর্বৃত্ত মোঃ ইমন মিয়া আগ্নেয়াস্ত্রের মুখে সেতুকে অপহরণ করে নিয়ে পার্শ্ববর্তী বাঘার গ্রামে তিন দিন একটি বাড়িতে আটক রেখে সম্ভ্রম লুট করে ছেড়ে দেয়। সেতু অপমানের জ্বালায় আত্মহত্যা করে। বিভিন্ন সংগঠন প্রতিবাদে অপরাধীর শাস্তির দাবিতে আন্দোলন গড়ে তোলে। সেতুর পিতা আত্মহত্যার জন্য দায়ী ইমনের বি(দ্ধে আদালতে মামলা দায়ের করেন। এরপর সেতুর পিতার ওপর মামলা প্রত্যাহার করার জন্য স্থানীয় প্রভাবশালী ব্যক্তি(রা চাপ সৃষ্টি করতে থাকে। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইউপি সদস্য মোঃ কামাল হোসেন, হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ঐক্য পরিষদের নেতা সুশিল করাতি, প্রভাষক আলমগীর কবিরাজ সহ ১৪ জন প্রভাবশালী ব্যক্তি(র শালিশীতে ইমনের দুইলাখ টাকা জরিমানা করা হয়। অমুল্যকে মামলা প্রত্যাহারের নির্দেশ দেওয়া হয়। এলাকায় এই শালীশীকে মানুষ 'বাংলাদেশী বিচার' রসিকতা করে বলছে'।

● ২৯ আগষ্ট ২০১২, নওগাঁ জেলার ধামইর হাট উপজেলার সংখ্যালঘু আদিবাসী কৃষক জাম্বু চড়ের হত্যার প্রতিবাদে প্রচণ্ড বি(োভ ও রাস্তা অবরোধ হয়েছে। ২৭ আগষ্ট সন্ধ্যায় হাট থেকে বাড়ি ফেরার পথে কতিপয় মুসলিম দুর্বৃত্ত তার গলা কেটে (জবাই করে) হত্যা করে, এর প্রতিবাদে সহস্রাধিক আদিবাসী বি(োভ প্রদর্শন এবং নির্বাহী কর্তার নিকট হত্যাকারীদের গ্রেপ্তারের দাবিতে স্মারকলিপি প্রদান করেন।

● ২৩ আগস্ট ২০১২ রাতে, ঢাকা শহরে মহাখালী ব(ব্যাধি হাসপাতাল এলাকায়, স্টাফ কোয়ার্টারে সংখ্যালঘু হিন্দু বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের নেতা ডা. নারায়ণচন্দ্র দত্ত নিতাইকে কতিপয় মুসলিম দুর্বৃত্ত নির্মমভাবে হত্যা করেছে। পুলিশ এ ঘটনায় পাঁচ দুর্বৃত্তকে গ্রেপ্তার করেছে।

● ১৬ সেপ্টেম্বর ২০১২ দিবালোকে, সংখ্যালঘু খ্রীষ্টান সম্প্রদায়ের ধর্মীয় সম্পত্তি বরিশাল ব্যাপ্টিস্ট মিশনে মুসলিম দুর্বৃত্তরা হামলা চালিয়ে ৪৪টি খ্রীষ্টান পরিবারকে তাদের বাসস্থান থেকে উচ্ছেদ করে জমির দখল নিয়েছে। তাণ্ডব চালানোর সময় দুর্বৃত্তরা প্রধান পলকে প্রাণনাশের হুমকি দিয়েছে।

● ১৮ সেপ্টেম্বর ২০১২ বেলা ১১টায়, গোপালগঞ্জ জেলা শহরে কুয়াডাঙ্গা বাসস্ট্যাণ্ড এলাকায় সংখ্যালঘু হিন্দু কলেজ ছাত্রী চামেলী বি(্বাস এক মুসলিম দুর্বৃত্তর হাতে প্রহৃত হয়েছেন।

● ২৬ আগষ্ট ২০১২, খাগড়াছড়ি জেলার দিঘিনালা উপজেলার জামতলী এলাকায় একটি পুকুর থেকে আদিবাসী হিন্দু কিপিন্দ্র ত্রিপুরায় বস্তাবন্দি লাশ পুলিশ উদ্ধার করেছে। বৈ(পা ব্রজকুমার কার্বারীপাড়ার বাসিন্দা কৃষি কাজ শেষে সন্ধ্যায় বাড়ি ফেরার পথে কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে তাকে নির্মমভাবে হত্যা করে।

● ২৬ আগষ্ট ২০১২, খাগড়াছড়ি জেলার পানছড়ির অমরপুর এলাকায় এক আদিবাসী সংখ্যালঘু বৌদ্ধধর্মাবলম্বী ত্রিরত্ন চাকমার জমি এক মুসলিম পরিবার বলপূর্বক দখল করতে গেলে, আদিবাসী পরিবারটি বাধা দেয়। এ সময় মুসলিম পরিবারটির সশস্ত্র হামলায় আদিবাসী পরিবারের ৩ সদস্য গু(তর আহত হয়।

● সম্প্রতি মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাঘরা বাজারে শতাধিক সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের চারটি দোকান লুট করে নিয়েছে। নরেন্দ্র কর্মকারের স্বর্ণের দোকান থেকে ৮৩ ভরি স্বর্ণালংকার নগদ এক লাখ টাকা। মাধব পালের ২৫ ভরি স্বর্ণ ১ লাখ ৬৫ হাজার টাকা, বিমল পালের ৩০ ভরি স্বর্ণ এক লাখ টাকা, মদন দাসের ২৬ ভরি স্বর্ণ ও ৬৭ হাজার টাকা লুট করে নিয়ে দুর্বৃত্তরা পালিয়ে যায়।

● ১৯৭১ স্বাধীনতা যুদ্ধে, বাগেরহাট জেলার শাখারীকাঠি বাজারে ৪০ জন অসহায় সংখ্যালঘু হিন্দু হত্যার যুদ্ধপরাধীদের বি(দ্ধে মামলা করায় বাদী সংখ্যালঘু হিন্দু নিমাইচন্দ্র দাসকে সম্প্রতি হত্যার হুমকি দিয়েছে স্থানীয় জামায়াত নেতারা।

● ১২ সেপ্টেম্বর ২০১২, দিনাজপুর জেলার চিরির বন্দর উপজেলার উত্তরা পলাশবাড়ি এ এস এম উচ্চবিদ্যালয়ের অষ্টম শ্রেণীর সংখ্যালঘু হিন্দু ছাত্রী দিতি রানী দাস (১৩) এক মুসলিম দুর্বৃত্তর যৌন হয়রানীর শিকার হয়ে, গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে।

● ১৪ পেপ্টেম্বর ২০১২ রাত্রি একটায়, ঝিনাইদহ জেলা সদর উপজেলার কোরাপাড়া-বটতলা সংখ্যালঘু হিন্দু বাড়িতে হামলা চালিয়ে ১৪/১৫ জনের সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত দল ব্যাপক লুটপাট চালিয়েছে। দুর্বৃত্তদের বোমা ও ছুরির আঘাতে সুবাস সাহা, শ্যামল সাহা, শিপ্রা সাহা, লাবণী সাহা ও বৃদ্ধা কোমারানী সাহা গু(তর আহত হয়েছে, স্বর্ণালংকার সহ ৫ লাখ টাকার মালপত্র লুট করে নিয়ে দুর্বৃত্তরা চলে গেছে।

● ১০ সেপ্টেম্বর ২০১২ গভীর রাতে, টাঙ্গাইল জেলার দেলদুয়ার ডুবাইল ইউনিয়নের বাথুলী পালপাড়া গ্রামে সংখ্যালঘু মহিন্দ্র নাথ পালের বাড়িতে নির্মিয়মান দুর্গাপ্রতিমা কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ভাংচুর করেছে। সার্বজনীন এই দুর্গাপূজা কমিটির সভাপতি সীতানাথ সূত্রধর এ ঘটনায় প্রকৃত অপরাধীদের গ্রেপ্তারের দাবি জানিয়েছেন।

● ৪ অক্টোবর ২০১২ গভীর রাতে, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার চরদুয়ানী ছহেরাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শি(ক সুনীল বি(াস ও স্ত্রী ঝর্ণা বি(াসের ওপর কতিপয় মুসলিম দুর্বৃত্ত সশস্ত্র হামলা চালিয়েছে। অস্ত্রের আঘাতে শি(ক দম্পতি গু(তর আহত হয়েছেন।

● ১০ অক্টোবর ২০১২ গভীর রাতে, মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার ছোট শিকারপুর গ্রামে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের সার্বজনীন মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা দূর্গা পূজার জন্য নির্মিয়মান দেবী দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, কার্তিক, গণেশ ও অসুর মূর্তি ভেঙ্গে গুঁড়িয়ে দেয়।

● ১২ অক্টোবর ২০১২ সন্ধ্যায়, কুস্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার হিড়িমদিয়া দ(িণপাড়া গ্রামে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের ৩টি পরিবারের ওপর কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা উত্তম দেবনাথ, অমল দেবনাথ ও রাজিব দেবনাথের বাড়িতে প্রবেশ করে তিন লাখ টাকা জিজিয়াকর বাবদ দাবী করে। এই টাকা দিতে অস্বীকার করায় সশস্ত্র দুর্বৃত্তরা দলবদ্ধভাবে বাড়ি-ঘর ভাংচুর ও লুটপাট শু(করে দেয়। এ সময় বাধা দিতে গিয়ে রাজিব দেবনাথ গু(তর আহত হয়। দুর্বৃত্তরা আনুমানিক পাঁচ লাখ টাকার মালপত্র লুট করে নিয়ে চলে যায়। কুস্টিয়া জেলাশাসক বণমালী ভৌমিক ও উচ্চপদস্থ পুলিশ কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● ২৯ সেপ্টেম্বর ২০১২, কক্সবাজার জেলার রামু উখিয়া, পটিয়া ও টেকনাফ এলাকায় পরিকল্পিত ভাবে সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বীদের ওপর ব্যাপক হামলা চালালো ধর্মান্ধ ইসলামী মৌলবাদীরা। ঘটনার সূত্রপাত ওই দিন সন্ধ্যায় ফকিরবাজার অবস্থিত 'ফা(ক কম্পিউটার টেলিকম' নামক দোকানে এসে সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বী উত্তম কুমার বড়ুয়ার ফেসবুক ট্যা গ করে মুসলিম ছাত্র দুধর্ষ মোঃ আব্দুল মুত্ত(াদির আলিফ। একটি বিতর্কিত ছবির শতশত কপি প্রিন্ট করে সাধারণ মানুষের মধ্যে বিলি করে মুত্ত(াদির আলিফ। এই ছবিকে অজুহাত করে জামায়েতে ইসলামের সদস্যরা ইসলাম অপমানের কথা বলে উত্তেজনা বৃদ্ধি করতে থাকে। শত শত ইসলাম ধর্মাবলম্বী মানুষ দেশীয় অস্ত্র নিয়ে জমায়েত হয়। এক পর্যায়ে রাত্রি ১১টার পর থেকে সশস্ত্র ধর্মান্ধ মানুষ দলবদ্ধ ভাবে সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বী বাড়ি-ঘর দোকান লুটপাট, ভাংচুর, মহিলাদের (ীলতাহানি ও শতাধিক বছরের প্রাচীন মন্দিরে আগুন লাগিয়ে দেওয়া হয়। ২৯ ও ৩০ দুই দিন ধরে দফায়-দফায় এক তরফা হামলা চললেও স্থানীয় প্রশাসন ছিল নীরব। পুলিশ ঘটনার শু(থেকেই নীরব দর্শকের ভূমিকা পালন করছিল, ফলে, ১২টি বৌদ্ধ মন্দির, ৩টি হিন্দু মন্দির, ৪০টি সংখ্যালঘু বাড়ি-হামলাকারীদের গান পাউডার

ও পেট্রোল ছড়িয়ে লাগিয়ে দেওয়া আগুনে ভস্মীভূত হয়ে গেছে। শতাধিক সংখ্যালঘু বাড়ি লুটপাট ও ভাংচুর করা হয়। ইতিমধ্যে বাংলাদেশের প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, বিরোধী দলীয় নেতা নেত্রী এলাকা পরিদর্শন করেছেন। শ্রীলংকা, বার্মা, থাইল্যাণ্ড সহ বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে প্রতিবাদ বি(োভ সংগঠিত হয়েছে। বাংলাদেশে অভ্যন্তরে সমস্ত জেলা শহরে সংখ্যালঘুরা বি(োভে ফেটে পড়েছে।

● ২৩ সেপ্টেম্বর ২০১২, রাঙামাটি সরকারী কলেজে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সংখ্যালঘু আদিবাসী বৌদ্ধ ধর্মাবলম্বী ছাত্র ও ইসলাম ধর্মাবলম্বী ছাত্র সংঘর্ষের ঘটনায় ৫০ জন গু(তর আহত হয়েছে। এ সময় সংখ্যালঘু হিন্দু-বৌদ্ধদের ব্যবসায়িক প্রতিষ্ঠান ভাংচুর করা হয়। আদিবাসী ছাত্ররাও পাল্টা প্রতিরোধ গড়ে তোলে। ছাত্র, শি(ক, সাংবাদিক ও পথচারি গু(তর আহত হওয়ার ঘটনায় প্রশাসন ১৪৪ ধারা জারি করেন ও সেনা টহলের ব্যবস্থা করা হলে সন্ধ্যায় অবস্থা স্বাভাবিক হয়।

● ২৯ সেপ্টেম্বর ২০১২ সকাল ৮ টার সময়, খাগড়াছড়ি জেলার পানছড়ি উপজেলার দুদুকছড়ি এলাকায় কতিপয় মুসলিম দুর্বৃত্তের আগ্নেয়াস্ত্রের গুলিতে সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বী সুনীতি চাকমা ও পীযুষ কুমার চাকমা নিহত হয়েছেন।

● ২৮ সেপ্টেম্বর ২০১২, কক্সবাজার জেলার কুয়াকাটা এলাকায় সংখ্যালঘু বৌদ্ধধর্মাবলম্বী আদিবাসী নেতা উকো রাখাইন দুই মুসলিম দুর্বৃত্তর প্রহারে গু(তর আহত হয়েছে। এলাকার চিহ্নি(ত দুর্বৃত্ত সাগর মোল্লা ও তোফায়েল আহামেদ উকো'র ওপর হামলা চালায়।

● ৯ নভেম্বর ২০১২ গভীর রাতে, সুনামগঞ্জ পৌর শহরে মল্লিকপুর এলাকায় সংখ্যালঘু হিন্দু ধর্মাবলম্বীদের শ(্মোন কালিমন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা সাতটি পূজিত দেব মূর্ত্তি ভাংচুর করে চলে যায়। সুনামগঞ্জের এ ডি এম মমতাজ উদ্দিন, পৌর মেয়র আয়ুব বখত জগলু ও পুলিশের উচ্চপদস্থ কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● ১১ নভেম্বর ২০১২ গভীর রাতে, দিনাজপুর জেলার বিরামপুর উপজেলার শারঘরীয়া সংখ্যালঘু হিন্দু ধর্মাবলম্বীদের দুর্গা মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা মন্দিরে পূজিত ৪টি দেব মূর্তি ভাংচুর করে মন্দিরে আগুন লাগিয়ে দিয়ে পালিয়ে যায়। জেলা পুলিশ সুপার মোঃ ময়নুল ইসলাম, উপজেলা নির্বাহি অফিসার রোখসানা বেগম ও থানার অফিসার ইনচার্জ নাসির উদ্দিন মণ্ডল ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● সম্প্রতি নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার বিরাহিমপুর গ্রামের সংখ্যালঘু হিন্দু বাসিন্দা সঞ্জিব কুমার ভৌমিকের স্ত্রী শ্রীমতি অনামিকা ভৌমিক (২৩) ও তার দুই বছরের বয়সী কন্যাকে, দশ লাখ টাকা চাঁদার দাবিতে কতিপয় মুসলিম দুর্বৃত্ত মোঃ নন্দন শাহ, মোঃ লিটন শাহ আগ্নেয়াস্ত্রের মুখে অপহরণ করে নিয়ে যায়। অনামিকার বাবা নিকুঞ্জ দেবনাথ কন্যা ও নাতনী উদ্ধারের দাবি জানিয়ে মামলা করলে, পুলিশ দীর্ঘ টালবাহানার দেড় মাস পর তাদের উদ্ধার করেছে।

● ১২ নভেম্বর ২০১২ গভীর রাতে, বরিশাল জেলার হিজলা উপজেলার খুন্না বাজার সংলগ্ন শ্রীশ্রীমহাপ্রভু সেবাশ্রমের সর্বজনীন কালী মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারিরা পূজার জন্য নির্মিত কালী প্রতিমা ভাঙচুর করে ও আসবাবপত্র লুঠ করে নিয়ে যায়। খবর পেয়ে প্রশাসনের উর্দ্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এলাকায় সংখ্যালঘু হিন্দুদের মধ্যে আতংক বিরাজ করছে।

● ১ নভেম্বর ২০১২ সন্ধ্যায়, খাগড়াছড়ি জেলার লক্ষ্মীছড়ি উপজেলার বারদোনা গ্রামের সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বী রূপায়ন চাকমাকে (২০) কতিপয় মুসলিম দুর্বৃত্ত ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করেছে। ওই দিন সন্ধ্যায়, দোকান থেকে প্রয়োজনীয় দ্রব্য ক্র(য় করে বাড়ি ফেরার পথে রূপায়ন অপহৃত হয়। পরবর্তী দিন সকাল বেলা হাজরাছড়ি মুখ এলাকা থেকে (ত বি(ত গলা কাটা রূপায়নের মৃতদেহ উদ্ধার করে স্থানীয় থানায় খবর দেয়। পুলিশ লাশ নিয়ে গেছে।

● ১৩ অক্টোবর ২০১২ গভীর রাতে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার আতশখালী গ্রামে সংখ্যালঘু হিন্দু দাসবাড়িতে দুর্গামণ্ডপে হামলা চালিয়েছে কতিপয় মুসলিম দুর্বৃত্ত। হামলাকারীরা দুর্গা, সরস্বতী, কার্তিক, গনেশের মূর্তি ভেঙ্গে গুঁড়িয়ে দিয়েছে। এ ঘটনায় পূজাকমিটির সভাপতি শংকরচন্দ্র স্থানীয় থানায় একটি মামলা দায়ের করেছেন। ওসি জুলফিকার মোঃ গাজ্জালী বলেন, দুর্বৃত্তদের খুঁজতে ইতিমধ্যে পুলিশ কাজ শু(করে দিয়েছে, তাদের গ্রেপ্তার করা হবে।

● ১৩ অক্টোবর ২০১২ গভীর রাতে, লালমণির হাট জেলার হাতীবান্ধা উপজেলার পূর্ব নত্তদাবাস গ্রামে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের পূজিত রাধাকৃষ(মন্দিরে এক দুধর্ষ চুরি হয়েছে। কতিপয় মুসলিম চোর মন্দিরের লোহার গেট ভেঙ্গে রাধাকৃষ(ও বাল গোপালের দেড় কেজি ওজনের তিনটি রৌপ্য মূর্ত্তি নিয়ে চম্পট দিয়েছে। এ ঘটনায় মন্দির কমিটির সভাপতি শ্রীমতি মুক্ত(ারানী বাদী হয়ে স্থানীয় থানায় একটি মামলা দায়ের করেছেন। স্থানীয় থানার ওসি তাপস সরকার জানান তদন্ত শেষে উপযুক্ত(ব্যবস্থা গ্রহণ করা হবে।

● ১৩ অক্টোবর ২০১২ রাত্রি ১২ টার সময়, রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার পলাশী গ্রামে সংখ্যালঘু আদিবাসী হিন্দু বাসিন্দা রবি দাস মার্ডি ও ফণি কিস্কুর ওপর দুই সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা ধারালো অস্ত্র দিয়ে রবি ও ফণির গলা কেটে (জবাই করে) হত্যা করে। ১৪ অক্টোবর রাজশাহী বি(বিদ্যালয়ের সংখ্যালঘু ছাত্ররা প্রতিবাদে বি(ভ প্রদর্শন করেছেন।

● ২০ অক্টোবর ২০১২ সন্ধ্যায়, চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলার সুলতানা মন্দির গ্রামের সংখ্যালঘু হিন্দু বাসিন্দা রিটু আইচকে (২৮) গলা কেটে (জবাই করে) হত্যা করা হয়েছে। বাড়ি ফেরার পথে আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত তাকে অপহরণ করে নিয়ে কালী মন্দিরের সামনে তাকে গলা কেটে (জবাই) করে হত্যা করা হয়। নিহত ব্যক্তি(জিপি এইচ এ চাকরি করতেন বলে জানা গেছে। এলাকায় সংখ্যালঘুদের মধ্যে আতংক সৃষ্টি হয়েছে।

● চলন্ত ট্রেন থেকে ছুড়ে ফেলে দিয়ে হত্যা করা হলো এক সংখ্যালঘু হিন্দু যাত্রীকে। ১৮ অক্টোবর ২০১২ রাতে এ ঘটনা ঘটেছে। জামালপুর জেলার সরিষাবাড়ী স্টেশন থেকে যমুনা ট্রেন ছাড়ার সময় এ ঘটনা ঘটে। কতিপয় সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত ওই গাড়িতে ওঠে অবাধ লুটপাট শু(করে। ধুতি কাপড় পরিহিত হিন্দু বারই পটল পালপাড়া গ্রামের বাসিন্দা রেবতি পালকে (৪০) চার দুর্বৃত্ত চ্যাং দোলা করে চলন্ত ট্রেন থেকে ছুড়ে ফেলে দেয়। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে।

● ১৮ই অক্টোবর ২০১২ রাতে, ব্রাহ্মণবাড়িয়া জেলা শহরের কান্দিপাড়া এলাকার সংখ্যালঘু হিন্দু বাসিন্দা সুনীল কর্মকারের ছেলে সুমন কর্মকারকে (৩৫) সশস্ত্র মুসলিম দুর্বৃত্তরা অপহরণ করে নিয়ে নির্মমভাবে অস্ত্রাঘাতে হত্যা করা হয়েছে। আখউড়া জি.আর.পি সুমনের মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তে প্রেরণ করেছে।

● ২০ অক্টোবর ২০১২ বেলা ১২টায়, বরিশাল জেলার উজিরপুর উপজেলার নায়ারকান্দি মাধ্যমিক বিদ্যালয়ের হিন্দু প্রধান শি(ক অনাথ বন্ধু হালদারকে বেদম প্রহার করে জুতার মালা গলায় দিয়ে ঘোড়ানো হয়, অফিস সহকারী নিয়োগ না পেয়ে ওই অযোগ্য প্রার্থী শুধুমাত্র রাজনৈতিক ও মৌলবাদী প্রভাব খাটিয়ে এই অমানবিক ঘটনা ঘটিয়েছে।

● ১৪ অক্টোবর ২০১২ সন্ধ্যায়, বাগেরহাট জেলার কচুয়া উপজেলার চর সোনাকুর গ্রামের সংখ্যাগরিষ্ঠ মুসলিম সম্প্রদায়ের সাইফুল ইসলামের স্ত্রী, তিন সন্তানের জননী নিলুফাকে ৪০ বার বেত্রাঘাত করে স্বামী সন্তানসহ গ্রাম থেকে বিতাড়িত করলো স্থানীয় ইউ পি চেয়ারম্যান ও মৌলনা। নিলুফার অপরাধ তার খালাতো (মাসতুতো ভাই) এর সাথে রাস্তায় প্রকাশ্যে কথা বলছিল, এই কারণে পরকীয়ার অপবাদ দিয়ে তার ওপর নির্মম নির্যাতন করা হয়।

● ১৮ অক্টোবর ২০১২, বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলার সোমাইরপাড় গ্রামের সংখ্যালঘু হিন্দু কলেজ-ছাত্রী-মিতালী বাড়ৈ (১৮) বিষপানে আত্মহত্যা করেছেন। সূত্র জানায় গত কয়েকদিন যাবৎ কলেজে যাওয়ার পথে কয়েকজন মুসলিম দুর্বৃত্ত তাকে নানাভাবে কুপ্রস্তাব দিয়ে বিরক্ত(করতো এবং তাকে অপহরণ করবে বলে হুমকি দিত। লজ্জা ঘৃণায় মিতালী শেষ পর্যন্ত আত্মহত্যা করে তার নিজের মুক্তি(র পথ বেছে নিয়েছে বলে জানা যায়।

● ১৯ অক্টোবর ২০১২ বেলা একটার সময়, বরিশাল জেলা শহরে নতুন বাজার এলাকায় নিজ জমিতে সাইনবোর্ড লাগাতে গেলে সংখ্যালঘু হিন্দু এ্যাডভোকেট উত্তম কুমার কর মুসলিম দুর্বৃত্তদের হাতে বেদম প্রহৃত হলেন। তাকে গু(তর আহত অবস্থায় স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

● ১৬ অক্টোবর ২০১২, মৌলভীবাজার জেলার কমলগঞ্জ থানার কর্তব্যরত সংখ্যালঘু হিন্দু পুলিশ সদস্য নৃপেন চন্দ্র ধরকে (নং ৩৬৮) কতিপয় আগ্নেয়াস্ত্রাধারী মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে যায়। তিন দিন পর তাকে অচৈতন্য অবস্থায় সরকার বাজার এলাকা থেকে পুলিশ উদ্ধার করে, স্থানীয় হাসপাতালে ভর্তি করা দিয়েছে। উক্ত(পুলিশ সদস্যর বাড়ি সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার জাঙ্গাইল গ্রামে।

● ১৮ অক্টোবর ২০১২ গভীর রাতে, গোপালগঞ্জ জেলার কোটালীপাড় উপজেলার বান্ধাবাড়ি গ্রামে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের বড় ধর্মীয় উৎসবের দুর্গা প্রতিমা কতিপয় মুসলিম দুর্বৃত্ত ভাংচুর করেছে। পূজা কমিটির সভাপতি সূর্যকান্ত শিকদার ও সাধারণ সম্পাদক রতন সরকার বাদী হয়ে স্থানীয় থানায় একটি মামলা করেছেন।

● ১৬ অক্টোবর ২০১২, গাইবান্ধা জেলার পলাশবাড়ি উপজেলার ভগবানপুর গ্রামের নুড়িপাড়ার হত দরিদ্র মুসলিম মহিলা বিলকিস বেগম অমানবিক ফতোয়ার শিকার হলেন। পরকীয়ার অসত্য অভিযোগ তুলে গ্রাম্য মৌলবাদী মুসলিমরা তার ওপর মধ্যযুগীয় কায়দায় অমানবিকভাবে শারীরিক নির্যাতন চালায়। এক ঘরের মধ্যে বন্ধ করে ওই মহিলাকে সম্পূর্ণ বিবস্ত্র করে ১০-১২ জন মৌলবাদী তার গোপন অঙ্গ, পেটে, বুকে অবাধে লাথি, ঘুষি মারতে থাকে। এক পর্যায়ে বিলকিস অচৈতন্য হয়ে পড়ে। তাকে আশংকাজনক অবস্থায় স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

● ২৪ নভেম্বর ২০১২ বেলা ৩টায়, বাংলাদেশ মাইনোরিটি ওয়াচের সভাপতি, মানবাধিকার আন্দোলনের কর্মী ও আইনজীবি সংখ্যালঘু হিন্দু রবীন্দ্র কুমার ঘোষ পিরোজপুর জেলা পুলিশ সুপার অফিসের মধ্যে, পুলিশ সুপার আখতা(জ্জমানের হাতে শারিরীকভাবে নিগৃহীত হলেন। তার জামার কলার ধরে গালে চরথাপ্পর, বুকেও পেটে লাথি মারা হয়। তিনি একটি সংখ্যালঘু নির্যাতনের মামলা নিয়ে আলোচনা করতে গিয়েছিলেন। গত ১১ মে ২০১২, তার পরিবারের ওপর মুসলিম দুর্বৃত্তরা হামলা চালায়। ঘোষ পরিবার আতংক রয়েছেন।

● ৩ নভেম্বর ২০১২, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার ছড়ান নামক গ্রামের সংখ্যালঘু হিন্দু বাসিন্দা হৃদয় মোহন্তের বাড়ি ও দোকান দখলের জন্য মুসলিম দুর্বৃত্ত গোলাম মোস্তাফার নেতৃত্বে সশস্ত্র ৩০/৩৫ জন দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীদের বেদম প্রহারে ৮ জন শিশু ও নারীসহ ২০ জন হিন্দু গু(তর আহত হয়েছে।

● ১০ নভেম্বর ২০১২ গভীর রাতে, সুনামগঞ্জ পৌর শহরে মল্লিকপুর এলাকায় সংখ্যালঘু হিন্দুদের কালী মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে ৭টি পূজিত দেব মূর্তি ভাংচুর করেছে।

● ৬ নভেম্বর ২০১২ গভীর রাতে, গোপালগঞ্জ জেলার কোটালী পাড়া উপজেলায় বিখ্যাত হিন্দু সাধক 'গণেশ পাগল সেবাশ্রমে' কতিপয় সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত হামলা চলিয়ে পূজিত দেব দেবীর মূর্তি ভাংচুর করেছে। এ ঘটনায় এলাকায় সংখ্যালঘুদের মনে আতংক সৃষ্টি হয়েছে।

● ১১ নভেম্বর ২০১২, বাগেরহাট জেলার শরণখোলা উপজেলা সদরে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের মন্দিরের জমি দখলের হুমকি দিয়েছে রাজনৈতিক প্রভাবশালী মৌলবাদী মুসলিম নেতা। বাধা দিলে ওই এলাকার সমস্ত হিন্দুদের ভারতে চলে যেতে বাধ্য করা হবে বলে হুমকি দিয়েছে।

● ৯ নভেম্বর ২০১২ গভীর রাতে, নারায়ণগঞ্জ জেলার সোনার গাঁ উপজেলা সদরে সংখ্যালঘু হিন্দুদের পূজিত দুর্গা ও রাধাকৃষ(মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত আগুন লাগিয়ে দিলে, মন্দির দু'টি ভস্মীভূত হয়ে যায়।

● ১ অক্টোবর গভীর রাতে, কুমিল্লা জেলার দেবীদ্বার উপজেলার মহম্মদপুর গ্রামে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের বড় ধর্মীয় উৎসবের দুর্গা প্রতিমা কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চলিয়ে ভাংচুর করেছে।

● ১১ নভেম্বর ২০১২ আনুমানিক রাত্রি ১২ টার সময়, কুমিল্লা জেলার জাফরগঞ্জ এলাকায় সংখ্যালঘু হিন্দু বনমালী আচার্য্যের বাড়িতে কালী মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়ে পূজিত কালী প্রতিমা ভাংচুর করেছে।

● ৯ নভেম্বর ২০১২, পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলা সদরে সংখ্যালঘু হিন্দু বাসিন্দা মাখন পাল বৈরাগীকে তার বসত বাড়ি থেকে কতিপয় মুসলিম দুর্বৃত্ত উচ্ছেদের হুমকি দিয়েছে। বৈরাগী পরিবার আতংকে রয়েছে।

● ৬ নভেম্বর ২০১২, বগুড়া জেলার দুবরা এলাকার সংখ্যালঘু হিন্দু নরেশচন্দ্র দাসের কন্যা ষষ্ঠ শ্রেণীর ছাত্রীকে এলাকার মুসলিম দুর্বৃত্ত মোঃ দুলাল হোসেনের ছেলে আগ্নেয়াস্ত্রের মুখে অপহরণ করে নিয়ে গেছে। নরেশবাবু থানায় অভিযোগ জানানোর অপরাধে অপহরণকারীরা দাস পরিবারের সমস্ত সদস্যদের হত্যার হুমকি দিয়েছে।

● ২২ নভেম্বর ২০১২ সন্ধ্যায়, নাটোর জেলা শহরে 'জামায়াতে ইসলামের' উগ্র সাম্প্রদায়িক মিছিলেনর পর, ওই দলের সমর্থকরা সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের পুজিত কালী মন্দিরে আগুন লাগিয়ে পুড়িয়ে দিয়েছে।

● ১৭ নভেম্বর ২০১২ রাতে, সুনামগঞ্জ জেলা শহরে মধ্যপাড়া এলাকায় সংখ্যালঘু হিন্দুদের পূজিত কালী মন্দিরে কতিপয় মুসলিম দুর্বৃত্ত আগুন লাগিয়ে দিয়ে ভস্মীভূত করে দিয়েছে।

● ২২ ডিসেম্বর ২০১২ ভোর রাতে, ফেনি জেলার সদর উপজেলার দ(িণ গোবিন্দপুর গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু বাসিন্দা পণ্ডিত বসন্ত কুমার শীলের বাড়িতে আগুন লাগিয়ে দিলো ইসলামী মৌলবাদী দুর্বৃত্তরা। ৫টি ঘরে, কেরসিন তেল ছড়িয়ে একযোগে ঘরগুলিতে আগুন লাগিয়ে দেয়। কেরসিন তেলের গন্ধ ও আগুনের উত্তাপে ঘরের মধ্যে শীল পরিবারের সদস্যদের ঘুম ভেঙ্গে যায়। তারা দ্রুত ঘর থেকে বেড়িয়ে এসে কোনরকমে প্রাণ র(া করেছেন। ৫টি ঘর সহ আসবাবপত্র ভস্মীভূত হয়ে গেছে।

● ২০ ডিসেম্বর ২০১২ গভীর রাতে, মাদারীপুর জেলার রাজৈর উপজেলা সদরে, কালীবাড়ি বাজারে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের মন্দিরে পূজিত কালীমূর্তি ইসলামী মৌলবাদী দুর্বৃত্তরা ভাংচুর করেছে। রাজৈর থানার ওসি মোফাজ্জল হক সহ পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● ৪ জানুয়ারি ২০১৩, মাগুরা জেলার শালিখা উপজেলার বুনাগাতি গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক নিশিকান্ত সরকারের ওপর হামলা চালালো ইসলামী মৌলবাদী দুর্বৃত্তরা। পার্শ্ববর্তী হাটবাড়িয়া গ্রামের দুর্বৃত্ত মোঃ মোস্তাফা ও ওবায়দুর রহমান নিশিকান্তর নিকট এক লাখ টাকা জিজিয়া কর বাবদ দাবি করলে, তিনি ওই টাকা দিতে অপারগতা প্রকাশ করেন। এরপরই নিশিকান্তর ওপর হামলা চালায়। গু(তর আহত নিশিকান্তকে শালিখা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনার প্রতিবাদে বুনাগাতি, কুয়াতপুর, ছাবাড়ি, নরপতি, রাধাডাঙ্গা সহ ১০ গ্রামের হিন্দুরা বি(োভ প্রদর্শন করেছেন।

● সম্প্রতি ভিটে-মাটি সর্বস্য ফেলে, চোখের জল একমাত্র সম্বল নিয়ে রাতারাতি ভারতে পালিয়ে এলেন ধর্মীয় সংখ্যালঘু হিন্দু কমলেশের পরিবার। বাগেরহাট জেলার কচুয়া উপজেলার হিন্দু বাসিন্দা কমলেশ-এর স্ত্রীর সম্ভ্রম লুট করেছে উপজেলা নির্বাচিত চেয়ারম্যান শেখ মহাফুজুর রহমান। এই কথা প্রকাশ করলে ওই পরিবারের সবাইকে হত্যা করা হবে বলে ইসলামী মৌলবাদী দুর্বৃত্ত মহাফুজুর হুকমি দেয়। ১৬দিন আত্মীয় স্বজনের বাড়িতে আশ্রয়ে লুকিয়ে থেকে স্ত্রী, একমাত্র পুত্রকে নিয়ে কমলেশ জন্মভূমি ত্যাগে বাধ্য হয়। কচুয়া উপজেলা মুক্তি(যোদ্ধা সংসদের ডেপুটি কমাণ্ডার মোঃ শুকুর আলী এই ঘটনা জানতে পেরে ওই চেয়ারম্যানের বি(দ্ধে বাদী হয়ে একটি ধর্ষণের মামলা দায়ের করেছেন। ওই দুর্বৃত্তকে গ্রেপ্তারের দাবিতে এলাকায় বি(োভ অব্যাহত রয়েছে। ১৩ জানুয়ারী ২০১৩ অর্দ্ধদিবস হরতাল পালিত হয়েছে।

● ৭ নভেম্বর ২০১২, সিলেট জেলার বি(নাথ উপজেলার সাদুল্লাপুর গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক শশাংক দাসের কন্যা শিল্পী রানী দাসকে (১৪) ইসলামী মৌলবাদীরা অপহরণ করে নিয়ে গেছে। অপহৃতা স্থানীয় জনকল্যাণ হাইস্কুলের ছাত্রী। স্কুল থেকে বাড়ি ফেরার পথে, ইসলামী মৌলবাদী মোঃ ফৈজুল মিয়া, জাহাঙ্গীর হোসেনও মহিবুর রহমান আগ্নেয়াস্ত্রের মুখে অপহরণ করে নিয়ে যায়। শিল্পীর মা কল্পনা দেবী ও পিতা শশাংক দাস বাদী হয়ে বি(নাথ

থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলা নং ৯৯/১০/২০১২। ৭/৩০ধারা অনুসারে নারী ও শিশু নির্যাতন ধারা ২০০৩।

● সম্প্রতি বাউফল জেলার সদর থানার কুম্ভকালী গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক বিপেন দাসের বাড়িতে দিনের বেলা সশস্ত্র ইসলামী দুর্বৃত্তরা হামলা চালালো। হামলাকারীরা ওই পরিবারের গৃহ বধু আরতি রানী দাস (৩৫) কে বিবস্ত্র করে উল্লাস করেছে। পরিবারের শিশু ও মহিলাসহ সবাইকে মারধোর করে নগদ ল(াধিক টাকা ও প্রয়োজনীয় আসাবাবপত্র ১০লাখ টাকার মালপত্র লুট করে নিয়ে গেছে। পার্শ্ববর্তী ঝিলনা গ্রামের চিহ্নি(ত সন্ত্রাসী মোঃ লিটন শিকদারের নেতৃত্বে ২০/২৫ জন সন্ত্রাসী এই হামলা চালায়।

● ১২ জানুয়ারী ২০১৩, রাজধানী শহর ঢাকা শাহবাগ এলাকার ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক, জনপ্রিয় সঙ্গীতশিল্পী 'কৃষ(কলিকে' তিন লাখ টাকা জিজিয়াকর দেবার জন্য ফোনে ইসলামী মৌলবাদীরা হুমকি দিয়েছে। এ ঘটনায় স্থানীয় থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

● ৯ ডিসেম্বর ২০১২, রাজধানী শহর পুরাতন ঢাকার জগন্নাথ বি(েবিদ্যালয় এলাকায় নিরীহ টেলারিং দোকানের মালিক, ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক বি(েজিত দাসকে (২৮) পিটিয়ে-কুপিয়ে নির্মমভাবে হত্যা করলো ইসলামী মৌলবাদী দুর্বৃত্তরা। প্রকাশ্য দিবালোকে পুলিশের সামনে এ ঘটনা ঘটলেও নীরব দর্শকের ভূমিকা পালন করেছে পুলিশ। বাংলাদেশের প্রাক্ত(ন রাষ্ট্রপতি হুসেন মুহাম্মদ এরশাদ নিহতর মা বাবার সাথে সা(াত করে সমবেদনা জানিয়ে ৫০ হাজার টাকা হস্তান্তর করেন। বি(েজিত যে স্থানে প্রান হারিয়েছে ওই স্থানের নাম বি(েজিত চত্বর করার দাবি জানিয়েছেন। শীর্ষ শিল্পপ্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আকবর সোবাহান বি(েজিতের পরিবারকে ১০ লাখ টাকা সাহায্য দেওয়ার কথা ঘোষণা করেছেন।

● ৩০ ডিসেম্বর ২০১২ সন্ধ্যা ৭.৩০ সময়, গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলার ভাটিকামারী গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক কলেজ ছাত্রী বাসনা চক্র(বর্ত্তী (১৬) নামে এক কিশোরীকে ইসলামী মৌলবাদীরা অপহরণ করে নিয়ে গেছে। উক্ত(কিশোরীকে আগ্নেয়াস্ত্রের মুখে মোঃ জয়নাল শেখ (২০) মোঃ তারা শেখ (২৭) অপহরণ করে। বাসনার পিতা অরূপ কুমার চক্র(বর্ত্তী স্থানীয় থানায় এ বিষয়ে একটি মামলা দায়ের করেছেন। মুকসুদপুর থানা কেস নং -০২ তারিখ ৮.১.২০১৩।

● ১৫ জানুয়ারী ২০১৩ গভীররাতে, সুনামগঞ্জ জেলা শহরে অবস্থিত শতাধিক বছরের প্রাচীন কালীমন্দির আগুন লাগিয়ে ভস্মীভূত করে দিলো ইসলামী মৌলবাদীরা। আশেপাশের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিকরা নিয়মিত পূজা অর্চনা করতো বলে জানা গেছে। স্থানীয় জামায়েতে ইসলামী দলের কর্মীরা উক্ত(মন্দির নিয়ে মাঝে মধ্যে প্রকাশ্যে কূটউক্তি(করতো। এ ঘটনা তাদেরই কাজ বলে এলাকার মানুষ সন্দেহ করছে।

● ১ জানুয়ারী ২০১৩ বিকাল ৫টায়, খাগড়াছড়ি জেলার মানিকছড়ি উপজেলার গাড়িটানা এলাকায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিকদের পূজিত কালী মন্দিরে ইসলামী মৌলবাদী দুর্বৃত্তরা হামলা চালিয়েছে। হামলকারীরা মন্দিরের দরজা ভেঙ্গে ভিতরে ঢুকে পূজিত কালী মূর্তি ভাংচুর করে পালিয়ে যায়। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা সৃষ্টি হয়েছে। পুলিশ মঞ্জুর হোসেন (৪০) নামে এক ব্যক্তি(কে এ ঘটনায় জড়িত থাকার সন্দেহে আটক করেছে।

● ২১ ডিসেম্বর ২০১২ রাতে, চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার পূর্বগুজরা ধর্মীয় সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বী নাগরিকদের জ্ঞানাংকুর বিহার (মন্দিরের) জমি দখলের চেষ্টা করলো ইসলামী মৌলবাদী দুর্বৃত্তরা। ১৯ ডিসেম্বর গভীর রাতে শাহ আমানত সিণ্ডিকেট বায়না সূত্রে অত্র সম্পত্তির অর্দ্ধাংশ মালিক বলে দাবী করে।

● ৫ জানুয়ারী ২০১৩, রাঙামাটি জেলার কাউখালী উপজেলার আদিবাসী মারমা কোলনীর ধর্মীয় সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বী নাগরিক টমকিং মারমাকে (১৪) অপহরণ, ধর্ষণ ও হত্যার অভিযোগ পার্শ্ববর্তী কোলনীর ইসলামী মৌলবাদী দুর্বৃত্ত আলাউদ্দিনকে কাউখালী থানা পুলিশ গ্রেপ্তার করেছে।

● ২১ জানুয়ারী ২০১৩ গভীর রাতে, পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলার ছনেট গাবুয়া গ্রামের, ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক মনোরঞ্জন বাঘমার বাড়িতে আগুন লাগিয়ে দিল ইসলামী মৌলবাদীরা। মনোরঞ্জনের ৩ একর ৩৮ শতাংশ জমি, স্থানীয় ইসলামী মৌলবাদী, জামায়াত ইসলাম সদস্য মোঃ আজিবুর রহমান, মোঃ আনোয়ার হোসেন, জাহাঙ্গীর হাওদার জালদলিলের মাধ্যমে জবর দখল করে নিয়েছে। মনোরঞ্জন এ ঘটনায় আদালতে মামলা দায়ের করায় উক্ত(দুর্বৃত্তরা গভীর রাতে হামলা চালিয়ে বাড়ি ঘর লুট পাট করে। ওই সময় উক্ত(পরিবার ও প্রতিবেশীদের বেধরক মারধোর করে ঘরে আগুন লাগিয়ে দেয়, দুর্বৃত্তরা চলে যাবার সময় পরিবারের এক কিশোরীকে অপহরণ করে নিয়ে গেছে। আগুনে ৭টি হিন্দু পরিবারের ঘর-অসবাবপত্র ভস্মীভূত হয়ে গেছে।

● গত ছয় মাসে বাংলাদেশে ১৭ জন আদিবাসী নারী ও কিশোরী ধর্ষণ ও গণধর্ষণের শিকার হয়েছে। চারজনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে, আর যৌন হয়রানির শিকার হয়েছে দুজন। তিন পার্বত্য জেলাসহ চট্টগ্রাম ও দিনাজপুরে এসব ঘটনা ঘটেছে। আদিবাসী নারীদের ওপর সহিংসতার এই চিত্র তুলে ধরে গভীর উদ্বেগ প্রকাশ করেছে মানুষের জন্য ফাউণ্ডেশন এবং এর ১০৬ টি অঙ্গ-সংগঠন। পার্বত্য এলাকায় কর্মরত সহযোগী সংগঠনগুলোর পাঠানো তথ্য অনুযায়ী, সহিংতার শিকার এসব নারীর অধিকাংশেরই বয়স ১৪ থেকে ২৫। অভিযুক্ত(দের বি(দ্ধে মামলা হলেও কেউ কেউ রাজনৈতিক দলের ও বিশেষ বাহিনীর সদস্য হওয়ায় তাঁদের বি(দ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। দোষী ব্যক্তি(দের বি(দ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য মানুষের জন্য ফাউণ্ডেশন ও এর সহযোগী সংগঠনগুলো দাবি জানিয়েছে।

● ১৪ জুন ২০১৩ গভীর রাতে, চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার শাহমীরপুরের জেলেপাড়ায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের কালীমন্দিরে হামলা চালালো কতিপয় মুসলিম দুর্বৃত্ত। হামলাকারী মোঃ মোহাম্মদ মিয়া, মোঃ টিপু, মোঃ ইউনুস ও মোঃ জসিম মন্দিরে ঢুকে সমস্ত পূজিত মূর্তি ভাংচুর করে, কেরসিন তেল ঢেলে আগুন লাগিয়ে দেয়। এতে সম্পূর্ণ মন্দির ভস্মীভূত হয়ে গেছে। প্রায় ছয় লাখ টাকার মন্দিরের সম্পত্তি (তিগ্রস্ত হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকেয়া পারভিন ঘটনার সত্যতা স্বীকার করেছেন। হামলাকারীদের অবিলম্বে গ্রেপ্তার করা হবে জানিয়েছেন।

● ২ মার্চ ২০১৩ বেলা ২টায়, সুনামগঞ্জ জেলা পৌরশহরে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের উপাসনালয় রামকৃষ(আশ্রম মন্দিরের ওপর জামায়াত ইসলাম সদস্যরা হামলা চালিয়েছে। হামলাকারীরা মন্দিরের ওপর নির্বিচারে ইটপাটকেল নি(েপ করতে থাকে। পার্শ্ববর্তী হিন্দু ব্যবসায়িক প্রতিষ্ঠান লুটপাট ও ভাংচুরের শিকার হয়েছে।

● ১৪ মার্চ ২০১৩ সকাল ৮ থেকে, সিলেট জেলা শহরে ঈদগাহ এলাকায় কুমারপাড়ায় ধর্মীয় সংখ্যালঘু খ্রীষ্টান মিশনারীদের মালিকাধীন কবরস্থানের মাটি লুট করে নিয়েছে কতিপয় মুসলিম মৌলবাদী। ১২ জন মৌলবাদী মুসলিম খ্রীষ্টান কবরস্থানের টিলা কর্তন করার সময় পুলিশ তাড়া করলে মৌলবাদীরা পালিয়ে যায়।

● ১৩ মার্চ ২০১৩ সকাল ৯ টায়, বগুড়া জেলার শান্তাহার উপজেলা শহরে রোডস এ্যাণ্ড হাইওয়ে ওয়ার্কশপ মসজিদের সামনে থেকে এক ধর্মীয় সংখ্যালঘু হিন্দু শি(ি কাকে আগ্নেয়াস্ত্রের মুখে কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে গেছে। উৎরাইল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শি(িকা পুষ্পিতা ভৌমিক (২২) স্কুলে যাবার পথে ফিল্মি স্টাইলে দুর্বৃত্তরা অপহরণ করে নিয়ে যায়। ওই শি(িকার আর্ত চিৎকার শোনার পরও কোন মানুষ তাকে উদ্ধার করতে সাহস করেন নাই। স্থানীয় থানায় অপহৃতার পিতা সুবোধ ভৌমিক একটি অপহরনের মামলা দায়ের করেছেন।

● ৫ মার্চ ২০১৩ গভীর রাতে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার দ্বি'পাশা গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দু রনজিত হালদারের পরিবারের একমাত্র কন্যা বীথিরানী হালদারকে (১৫) অস্ত্রের মুখে অপহরণ করে নিয়ে গেছে কতিপয় মৌলবাদী মুসলিম দুর্বৃত্ত। গ্রামের মৌলবাদী জামায়াত সদস্য ফিরোজ বয়াতি (২২) তার দলবল নিয়ে হামলা চালিয়ে ওই কিশোরীকে বাড়ি থেকে অপহরণ করে নিয়ে যায়। দুর্বৃত্তদের বেদম প্রহারে রনজিত ও তার স্ত্রী গু(তর আহত হয়েছেন। স্থানীয় থানায় অভিযোগ জানালে ও পুলিশ অপহৃতাকে এখনও পর্যন্ত উদ্ধার করতে পারেন নাই।

● ১২ মার্চ ২০১৩ রাত্রি ৯ টায়, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার মশাখালী ইউনিয়ন পরিষদের অন্তর্গত মুখী গ্রামে, পুতিয়া নদীর পারে অবস্থিত ধর্মীয় সংখ্যালঘুদের প্রাচীন হিন্দু মন্দিরে মৌলবাদী জামায়াত ইসলামের সমর্থকরা হামলা চালিয়েছে। উত্ত(কালীমন্দিরের তালা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে, পূজিত দেবী মূর্তি ভাংচুর করে আগুন লাগিয়ে দিয়ে চলে যায়।

● ১২ মার্চ ২০১৩ দুপুর ১২.৩০ সময়, রাঙ্গামাটি জেলার দীঘিনালা উপজেলার দঝরপাড়া এলাকায় আগ্নেয়াস্ত্রধারী দুর্বৃত্তদের ব্রাশ ফায়ারে ধর্মীয় সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বী চার আদিবাসী প্রাণ হারিয়েছে। নিহতরা হলেন সুদীর্ঘ চাকমা (৩৯) , জীবন চাকমা (৩৪) জ্ঞানেন্দু চাকমা (২৫) ও সুপেয় চাকমা (২৪)। আলো চাকমা ২৪ গু(তর আহত হয়ে বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন।

● ২ মার্চ ২০১৩ রাত দশটায়, সিলেট জেলা শহরে আখালিয়া তপোবন এলাকায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দু ছাত্র নেতা জগৎ জুতি তালুকদারকে (২২) মৌলবাদী জামায়াত ও ছাত্র শিবির কর্মীরা নির্মমভাবে কুপিয়ে হত্যা করেছে। বাড়ি ফেরার পথে, বাংলাদেশ বর্ডার গার্ড সদর দফতরের সামনে, চার দিক থেকে ঘেরাও করে নিয়ে ধারাল অস্ত্র দিয়ে দুর্বৃত্তরা কুপিয়ে জগৎজুতিকে হত্যা করে।

● ৭ মার্চ ২০১৩ রাত ৮ টায়, যশোর জেলা সদর উপজেলায় সুড়ো বাজার এলাকার ধর্মীয় সংখ্যালঘু হিন্দু যুবক সরবিন্দু মজুমদার (২০) মৌলবাদী জামায়াত সদস্যদের হামলায় নিহত হয়েছে। ওই সময় বাজার থেকে বাড়ি ফেরার পথে দুর্বৃত্তরা তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে।

● ৭ মার্চ ২০১৩ বিকাল ৩টায়, পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার নিশানবেড়িয়া গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দু পরিবারের ওপর মৌলবাদী জামায়াত সদস্যরা হামলা চালিয়েছে। সামান্য ত্রি(কেট খেলার বিরোধকে কেন্দ্রকরে জামায়াত সদস্য মোঃ হেলাল, মোঃ শেখর, মোঃ টিপু মিয়ার নেতৃত্বে ১৫ জন দুর্বৃত্ত অস্ত্রশস্ত্র নিয়ে লুটপাট, ভাংচুর শু(করে । এ সময় বাধা দিলে, হামলাকারীদের প্রহারে সুমন শিকদার (১৬), অ(ন শিকদার (২৫), অসিত শিকদার (১৮) ও তিন বছরের শিশু অপর্ণা শিকদার গু(তর আহত হয়েছে। গ্রামের মানুষ আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য কলাপাড়া হাসপাতালে ভর্তি করে দিয়েছে।

● ৮ মার্চ ২০১৩ গভীর রাতে, মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলার হেলাচিয়া গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দু বাসিন্দা উমেশ চন্দ্র সরকারের বাড়িতে হামলা চালালো মৌলবাদী দুর্বৃত্তরা। আগ্নেয়াস্ত্রধারী দুর্বৃত্তরা ২৫০ গ্রাম স্বর্ণালংকার, নগদ ৩০ হাজার টাকা ও একটি লাইসেন্স প্রাপ্ত বন্দুক লুট করে। দুর্বৃত্তদের বেদম প্রহারে আহতদের ওই থানার ওসি আশরাফ-উল-ইসলাম মানিকগঞ্জ হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করে দিয়েছে।

● ৮ মার্চ ২০১৩ রাত একটায়, খুলনা জেলার ডুমুড়িয়া উপজেলার শাহপুর বাজারে হামলা চালিয়েছে একদল আগ্নেয়াস্ত্রধারী মৌলবাদী সন্ত্রাসী দুর্বৃত্ত। বাছাই করে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর ও লুটপাট করা হয়। শিল্পী জুয়েলার্স, জয় মা জুয়েলার্স, তনুশ্রী জুয়েলার্স, বাসন্তী বস্ত্রালয় ও নিলয় স্টোর্স থেকে নগদ টাকা। সোনা এবং (পা সহ আনুমানিক ৬০ লাখ টাকার সম্পদ লুণ্ঠিত হয়েছে।

● ৪ মার্চ ২০১৩ সন্ধ্যায়, ময়মন সিংহ জেলা সদরে শিববাড়ি এলাকার ধর্মীয় সংখ্যালঘু হিন্দু ব্যবসায়ী সুখরঞ্জন বণিককে নগদ এক লাখ টাকা জিজিয়া করের দাবিতে প্রকাশ্য রাস্তা থেকে মৌলবাদী ছাত্র শিবিরের সদস্যরা অপহরণের চেষ্টা করে। তার আর্ত চিৎকারে পথচারীরা এসে সুখরঞ্জনকে উদ্ধার করে।

● ১৫ এপ্রিল ২০১৩ গভীর রাতে, খুলনা জেলার বৈঠাঘাটা উপজেলার বিত্তশলুয়া গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু হারান মণ্ডলের বাড়িতে হামলা চালালো কতিপয় মুসলিম মৌলবাদী দুর্বৃত্তরা। আগ্নেয়াস্ত্রধারী জামায়াতে ইসলামী সদস্যরা মুখে কালো কাপড় বেঁধে ওই পরিবারের লোকদের বেধরক মারধোর করে নগদ টাকা, স্বর্ণালংকার ও রৌপ্যলংকার সহ

আনুমানিক তিন লাখ টাকার মালপত্র লুট করে নিয়ে গেছে। এলাকায় সংখ্যালঘুদের মধ্যে আতংক দেখা দিয়েছে। স্থানীয় থানার পুলিশ কর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● ২৫ জুলাই ২০১৩ গভীর রাতে, নওগাঁ জেলার ধামইরহাট উপজেলা সদরে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের কেন্দ্রীয় মন্দিরে হামলা চালালো একদল মুসলিম দুর্বৃত্ত। হামলাকারীরা পূজিত দুর্গা ও বাসুদেব মন্দিরে ১০টি মূর্তি ভাংচুর ও পূজার ল(াধিক টাকার উপকরণ লুট করে নিয়ে চলে যায়। ঘটনার খবর পেয়ে স্থানীয় থানার ওসি একরামুল হক সরকার ঘটনা স্থল পরিদর্শন করেছেন।

● ২৬ জুলাই ২০১৩ রাতে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার টাকিপাড়া ইউনিয়ন পরিষদের অন্তর্গত দেউপাসা গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের দুর্গা মন্দিরে হামলা চালালো মুসলিম দুর্বৃত্তরা। হামলাকারীরা সর্বজনীন পূজিত দুর্গা মূর্তি সহ ১১টি দেব মূর্তি ভেঙ্গে গুঁড়িয়ে দেয়। এলাকায় সংখ্যালঘুদের মধ্যে আতংক ছড়িয়ে পড়েছে।

● ১৭ জুন ২০১৩, শত বছরের প্রথা ভেঙ্গে ফরিদপুর জেলার মধুখালীতে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের গঙ্গা স্থানের মেলা বন্ধ করে দিয়েছে প্রশাসন। মধুখালী উপজেলার জাননগর গ্রামে সার্বজনীন মন্দিরে পূজা উপল(কয়েকলাখ হিন্দু গড়াই নদীতে স্নান করেন। স্নানকে কেন্দ্র করে ৭ দিনের গ্রামীন মেলা বসে। প্রশাসন এবার মেলা বন্ধ করে দিয়েছে। পূণ্যার্থীরা কোনরকমে ধর্মীয় অনুষ্ঠান সেরে বিষন্ন মনে বাড়ি ফিরে গেছেন।

● ২০ জুন ২০১৩ গভীর রাতে, গোপালগঞ্জ জেলার কাশীয়ানী উপজেলার ভাদুলিয়া গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের পূজিত সর্বজনীন শ(্মোন ঘাট কালীমন্দিরে হামলা চালালো কতিপয় মুসলিম দুর্বৃত্ত। তারা পূজিত কালীমাতার দেবীমূর্তি ভাংচুর করে, প্রণামী বাক্সের দানের টাকা, এবং তামা-পিতল-কাঁসা পূজার আসবাবপত্র লুট করে নিয়ে চলে যায়। উপজেলা চেয়ারম্যান সুব্রত ঠাকুর ও থানার ইন্সপেক্টর বেলায়েত হোসেন ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● ২৪ জুন ২০১৩ গভীর রাতে, কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলার ভোগবেতাল এলাকায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের ৫০০ বছরের প্রাচীন শ্রীশ্রীগোপীনাথ মন্দিরের নির্মানাধীন প্রাচীর ভেঙ্গে ফেললো কতিপয় মুসলিম দুর্বৃত্ত। গত ৪ দিন পূর্বে মন্দির কমিটি ১৫০ ফুট প্রাচীর নির্মান করে। ওই দিন গভীর রাতে দুর্বৃত্তরা প্রাচীর ভেঙ্গে দেয়। খবর পেয়ে অতিরিক্ত(পুলিশ সুপার জিয়াউল হাসান তালুকদার, এএসপি আনোয়া(ল হক, ইউ এন ও ফারাহগুল নিঝুম ও ওসি এমদাদুল হক ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● ২২ জুন ২০১৩ রাত্রি ৩ টায় ঢাকা শহরে, সাভার থানার অন্তর্গত আশুলিয়া দ(িণ গাজীর চট এলাকায় ধর্মীয় সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বীদের সাভার বনবিহার বৌদ্ধ মন্দিরে হামলা চালালো একদল সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত। হামলাকারীরা দান বাক্সের টাকা, স্বর্ণ ও রৌপ্যলংকার সহ পূজার জন্য র(িত তামা, পিতল, কাসার আসবাবপত্র লুট করে নিয়ে যায়। দুর্বৃত্তদের ছুরিকাঘাতে ধর্ম আনন্দ নামে এক সন্ন্যাসী গু(তর আহত হয়েছেন। জেলা পুলিশের উচ্চ পদস্থ কর্মকর্ত্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● ১৪ জুন ২০১৩ গভীর রাতে, মাদারীপুর জেলা উপজেলার কালীর বাজার এলাকায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের মন্দিরে হামলা চালালো এলাকার কুখ্যাত সন্ত্রাসী মোঃ আবুল সরদার। ওই দিন বিকালে মন্দিরে প্রাচীর ভেঙ্গে দেয়, রাতে মন্দিরে ঢুকে পূজিত দুর্গা, গণেশ, সরস্বতী মূর্তি ভাংচুর করে। প্রতিবাদে ও অপরাধীকে গ্রেপ্তারের দাবিতে সমস্ত হিন্দু ব্যবসায়ীরা দোকান বন্ধ রাখে। পুলিশ অভিযুক্ত(কে গ্রেপ্তার করেছে। এলাকায় উত্তেজনা রয়েছে।

● ১৪ জুন ২০১৩ গভীর রাতে, শেরপুর জেলার নকলা উপজেলার চান্দেরকান্দা গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দু নাগরিক নিহার চন্দ্রের অর্দ্ধশত বছরের প্রাচীন কালী মন্দিরে হামলা চালিয়ে পূজিত কালীমাতার মূর্তি ভাংচুর করলো কতিপয় মুসলিম দুর্বৃত্ত। এ খবর পেয়ে নকলা থানার ও সি একে এম ফসিউর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেছেন। স্থানীয় সংখ্যালঘুদের মধ্যে আতংক ছড়িয়ে পড়েছে।

● ১ জুলাই ২০১৩ গভীর রাতে, নেত্রকোনা জেলার দুর্গাপুর পৌর এলাকায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের কালী মন্দিরে হামলা করলো কতিপয় মুসলিম দুর্বৃত্ত। হামলাকারীরা পূজিত কালী মূর্তি ভাংচুর করেছে। এ খবর পেয়ে, দুর্গাপুর থানার ওসি আলমগীর হোসেন ঘটনাস্থল পরিদর্শন করেন।

● ২ জুলাই ২০১৩ মধ্যরাতে, সিরাজগঞ্জ জেলার তারাশ উপজেলা সদরে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের ১৬ শতাব্দী ঐতিহ্যবাহী রাধাগোবিন্দ মন্দিরে হামলা করলো একদল সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত। হামলাকারীরা ৮টি কস্টি পাথরের পূজিত দেব মূর্তি, স্বর্ণালংকার, তামা, পিতল, কাসার আসবাব পত্র এবং বিপুল পরিমান রৌপ্যলংকার লুট করে নিয়ে গেছে। লুণ্ঠিত দ্রব্যের আনুমানিক মুল্য এক কোটি টাকা বলে জানা গেছে। এ খবর পেয়ে উপজেলা অফিসার শরীফ রায়হান কবীর ও স্থানীয় থানার ওসি আব্দুর রফিক ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

● ১৬ জুলাই ২০১৩ রাতে, ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলার টিউকান্দা গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের কালী মন্দিরে হামলা করলো একদল সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত। হামলাকারীরা পূজিত কালী মূর্তি মন্দির থেকে রাস্তায় বের করে নিয়ে ভাংচুর করে ফেলে রেখে যায়। তারাকান্দা থানার ওসি আব্দুল ওদুদ এখবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন।

● ২০ জুলাই ২০১৩ দিনের বেলা, খাগড়াছড়ি জেলার মাটিরংগা উপজেলার গোমতি এলাকায় ধর্মীয় সংখ্যালঘু বৌদ্ধ ধর্মাবলম্বী আদিবাসীদের ওপর হামলা চালালো একদল সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত। হামলাকারীরা আদিবাসীদের ঘর-বাড়ি ব্যাপক লুটপাটের পর এক পর্যায়ে আগুন লাগিয়ে দেয়। ৪০টি আদিবাসী পরিবার তাদের মহিলা ও শিশুদের নিয়ে পালিয়ে বেড়াচ্ছে। এ ঘটনায় আদিবাসী সংগঠন ইউ পি এফ গোমতি বাজারে তীব্র বিে ভ প্রদর্শন করতে গেলে প্রশাসন ১৪৪ ধারা বলবৎ করে বিে ভ বন্ধ করে দেয়।

● ৯ জুলাই ২০১৩ রাতে, নোয়া খালী জেলার চন্দ্রগঞ্জ এলাকায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দু পরিবারের ওপর হামলা চালালো একদল আগ্নেয়াস্ত্রধারী মুসলিম দুর্বৃত্ত। হামলাকারীরা বাড়ি-ঘর লুটপাট শেষে ওই পরিবারের সদস্যা স্কুল ছাত্রী সীমা রানী দাস (১৫) আগ্নেয়াস্ত্রে মুখে অপহরণ করে নিয়ে, গণসভ্রম লুটের পর তাকে হত্যা করে মৃতদেহ বাড়ির পাশে ফেলে রেখে যায়। ওই এলাকার হিন্দুরা বাংলাদেশ ত্যাগের সিদ্ধান্ত নিয়েছে বলে খবর এসেছে।

● ২৭ জুলাই ২০১৩ সন্ধ্যায়, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার মান্দারী বাজার এলাকা থেকে নেসলে কোং জেলা বিপনন প্রতিনিধি ধর্মীয় সংখ্যালঘু হিন্দু তমালচন্দ্র দেবনাথকে (৪৬) আগ্নেয়াস্ত্রের মুখে জামায়াত বি এন পি সমর্থিত মুসলিম দুর্বৃত্ত বাবুল বাহিনী অপহরণ করে নিয়ে যায়। তমালের পিতা জমি বিক্রি(করে চারলাখ টাকা মুক্তি(পণ দিয়ে তমালকে উদ্ধার করে নিয়ে আসে।

● ৩১ মে ২০১৩ দিনের বেলা, নরসিংদি জেলার ভৈরব উপজেলার গাছতলাঘাট এলাকায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দু কিষানা দেবনাথের বাকপ্রতিবন্ধী কিশোরী কন্যা সভ্রম লুটের শিকার হলো। এলাকার দুর্ধষ মৌলবাদী মোঃ রবীন আহমেদ রকি ও মোঃ বুলবুল আহামেদ তাকে অপহরণ করে নিয়ে আগ্নেয়াস্ত্রের মুখে ভিতি প্রদর্শন করে সম্ভ্রম লুট করে। এঘটনায় কিশোরীর মা কাকলী দেবনাথ বাদী হয়ে স্থানীয় থানায় একটি মামলা দায়ের করেছেন। পুলিশ দুই ধর্ষককে গ্রেপ্তার করেছে।

● ১৫ জুন ২০১৩ রাতে, চট্টগ্রাম জেলা শহরে আকবর শাহ থানাধীন কৈবল্য ধাম এলাকা থেকে ধর্মীয় সংখ্যালঘু হিন্দু প্রিয়ম আচার্য নামে এক যুবককে আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে পিটিয়ে হত্যা করলো। হাজারী লেনের মিয়া শপিং কমপে-ক্সের নিকট এ ঘটনা ঘটেছে।

● ২৩ জুন ২০১৩ রাতে, নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার ভগবানপুর গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু আদিবাসী, কৃষ(মহাতোকে (২৮) অপহরণ করে নিয়ে, ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে নির্মমভাবে হত্যা করলো কতিপয় মুসলিম দুর্বৃত্ত।

● সম্প্রতি সাতি(রা জেলা সদর উপজেলার গাঙনিয়া গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দু কিশোরী তপতী মণ্ডলের ওপর শারীরিক নির্যাতনের বি(দ্ধে উত্তাল হলো সাতি(রা। কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণে ব্যর্থ হয়ে কিশোরীর শরীরে কেরসিন ঢেলে আগুন লাগিয়ে দেয়। আগুনে দগ্ধ হয়ে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। দুর্বৃত্তরা থানার ওসিও বিএনপি নেতার মদত পুষ্ঠ। এ ঘটনার বি(দ্ধে ১২ টি মানবাধিকার সংগঠন আন্দোলনে সাতি(রা উত্তাল হয়ে উঠছে।

● সম্প্রতি খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলার ডেউয়াতলা মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ধর্মীয় সংখ্যালঘু হিন্দু ছাত্রী, রাখী রায়কে (১২) কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে গেছে। আব্দুর রহিম, শাকির সেখ, সালাম মিয়াও হাফিজুর রহমান আগ্নেয়াস্ত্রের মুখে ওই ছাত্রীকে অপহরণ করে নিয়েছে।

● ২৮ জুন ২০১৩ রাত ৯টায়, রাঙামাটি আধুনিক হাসপাতালের চিকিৎসক ধর্মীয় সংখ্যালঘু তুষার কান্তি নাথকে রাস্তা থেকে অপহরণ করে নিয়ে বেধরক পিটিয়ে আহত করলো কতিপয় মুসলিম দুর্বৃত্ত। তাকে অজ্ঞান অবস্থায় রাস্তায় ফেলে দিয়ে চলে যায়।

● সম্প্রতি নড়াইল জেলার লোহাগড়া উপজেলার এড়েন্দা গ্রামের ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের জমি এখন হরিলুটের মাল হিসাবে গণ্য হচ্ছে। ওই গ্রামের ১৫টি হিন্দু পরিবারের ১৭ একর জমি, বর্তমান বাজার মূল্য প্রায় ৫০ কোটি টাকা। এলাকার কতিপয় মুসলিম দুর্বৃত্ত জাল দলিলের মাধ্যমে জমি দখলের পায়তারা করছে। প্রশাসন, রাজনৈতিক নেতা সবার কাছে আর্জি জানিয়ে কোন প্রতিকার পাওয়া যাচ্ছে না। বাধ্য হয়ে ওই সমস্ত পরিবার বাংলাদেশ ত্যাগ করে ভারতে চলে আসার সিদ্ধান্ত নিয়েছে।

● ৩ জুন ২০১৩ রাতে, বগুড়া জেলা সদর উপজেলার শেখের কোলা পালপাড়ায় ধর্মীয় সংখ্যালঘু হিন্দু মৃৎশিল্পি রমেশ চন্দ্র পালকে নির্মম ভাবে হত্যা করেছে কতিপয় মুসলিম দুর্বৃত্ত। তার গলা কেটে (জবাই করে) হত্যা করা হয়।

● ২ জুন ২০১৩ গভীর রাতে, চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার ইডেন ভট্যরহাট শিংকুরে ব্রজহরি দাসের বাড়ি শীল পাড়ায় বিমল শীলের বাড়িও আচার্য্য পাড়ার সুশীল আচার্য্যের বাড়িতে সশস্ত্র মুসলিম দুর্বৃত্তরা হামলা চালিয়ে পাঁচ লাখ টাকার মালপত্র লুট করে নিয়ে গেছে। (তিগ্রস্ত তিন হিন্দু পরিবার আতংকে রয়েছে।

● ৫ জুন ২০১৩ বেলা দশটায়, বগুড়া জেলার আদমদিঘী উপজেলা হাউসপুর গ্রামে ধর্মীয় সংখ্যালঘু সুগত দেবনাথের স্ত্রী হিন্দু গৃহবধু পিংকি দেবনাথ তার জায়ের ৯ বছরের মেয়েকে নিয়ে স্থানীয় চাপাপুর বাজারে ওষুধ কেনার জন্য যাচ্ছিলেন। এ সময় প্রকাশ্য রাস্তায় চিহি(ত পাঁচ মুসলিম দুর্বৃত্ত ওই গৃহবধুর (ীলতাহানী করে। তার শাড়ি টেনে খুলে উল্লাস করে ও জাপটে ধরে স্বর্ণালংকার লুট করে। গৃহবধুর আর্ত চিৎকার লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে। মোঃ রহিদ, (২৪), মোঃ (বেল (২২) ও মোঃ মজিবর (২৭) আসামী করে স্থানীয় থানার একটি (ীলতাহানির মামলা দায়ের করা হয়েছে।

● ১ জুন ২০১৩ বেলা একটায়, মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার কোটগাঁও গ্রামে ধর্মীয় সংখ্যালঘু লিটন ঘোষ (৪৬) ও গোবিন্দ ঘোষ (৩৮) প্রতিবেশী মুসলিম দুর্বৃত্ত দেলোয়ার হোসেনের সশস্ত্র আত্র(মণে গু(তর আহত হয়েছেন।

● স্কুল থেকে বাড়ি ফেরার পথে, ১৩ বছর বয়সী ধর্মীয় সংখ্যালঘু হিন্দু ছাত্রীকে অপহরণ করে নিয়ে গেল ৩ মুসলিম দুর্বৃত্ত। এ ঘটনা ঘটেছে ঢাকা শহরে টঙ্গী থানার সিরাজ উদ্দিন সরকার উচ্চ বিদ্যালয়ের গেটের সম্মুখে। অপহৃতার মা কৃষ(া মণ্ডল থানায় অভিযোগ জানায়। ওই ছাত্রীকে কক্সবাজার এলাকায় নিয়ে ধর্মান্তরিত করে নাম রাখা হয় আয়েশা আক্ত(ার। মোঃ মানিক নামে এক (২০) বছরের যুবকের সাথে নিকা দেওয়া হয়। পুলিশ অপহরণ কারীদের মোবাইল ট্রেকিং করে দুই মাস পর ওই ছাত্রীকে উদ্ধার করেছে।

● ৮ জুন ২০১৩ গভীর রাতে, নওগাঁ জেলার মান্দা উপজেলার মধ্য মদনচক গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দু রবীন্দ্র

সরকারের বাড়িতে হামলা চালালো সশস্ত্র মুসলিম দুর্বৃত্তরা। রনজিৎ সরকার ও সনজিত সরকার সহ পরিবারের সব সদস্যদের বেধরক মারপিট করে প্রায় তিন লাখ টাকার মালপত্র লুট করে নিয়ে গেছে।

● ২ মে ২০১২, সুনামগঞ্জ জেলার দ(িণ সুনামগঞ্জ উপজেলার জয়কলস গ্রামের সংখ্যালঘু হিন্দু বাসিন্দা বাবুল বি(্বাসের ১৩ বছর বয়স্ক ছেলে টিটু বি(্বাসকে কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে। তাকে (্বাস(দ্ধ করে হত্যার পর মৃতদেহ স্থানীয় নাইন্দা নদীতে ফেলে দিয়ে দুর্বৃত্তরা চলে যায়।

● ২২ এপ্রিল ২০১২, গভীর রাতে, বরিশাল জেলার উজিরপুর উপজেলার কালাবিলা গ্রামে সংখ্যালঘু হিন্দু বাসিন্দা হিমান্ত বেপারির বাড়িতে আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হিমান্ত ও তার স্ত্রী বাসন্তীকে বেদম প্রহার করে গু(তর আহত করে। স্বর্ণালংকার, নগদ টাকা সহ ল(াধিক টাকা ও জমিজমার দলিলপত্র দুর্বৃত্তরা লুট করে নিয়ে গেছে।

● সম্প্রতি সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর এলাকায় সংখ্যালঘু হিন্দু বাসিন্দাদের বাড়িতে চুরির ফলে রাতের ঘুম বন্ধ হয়ে গেছে। সংঘবদ্ধ চোরেরা বাবুল দেবনাথ, শশীকান্ত গোপ, সাধন চন্দ্র দাস, মানিক চন্দ্র চন্দ ও শি(িকা মাধবী রানী নাথের বাড়ি থেকে ১৫ লাখ টাকার মালপত্র চুরি করে নিয়েছে।

● ২৫ এপ্রিল ২০১২ গভীর রাতে, দিনাজপুর জেলার বিরল উপজেলার মাগুড়াবান গ্রামে সংখ্যালঘু হিন্দু বাসিন্দা ঋষিকেশ রায়ের বাড়িতে আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা ওই বাড়ির নৈশ প্রহরী আদিবাসী লম্ব মুর্মুকে লোহার রড দিয়ে পিটিয়ে হত্যা করে তিন লাখ টাকার মালপত্র লুট করে নিয়েছে।

● ১৩ মে ২০১২ বেলা ১২টার সময়, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর বাজারে স্বর্ণ ব্যবসায়ী সংখ্যালঘু হিন্দু চৈতন্য বসাকের 'নিলা স্বর্ণ নিকেতনে' আগ্নেয়াস্ত্রধারী কতিপয় মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। দোকান মালিককে বেদম পিটিয়ে গু(তর আহত করে ৫ লাখ টাকার সোনা ও রূপা নিয়ে চম্পট দিয়েছে।

● ৫ মে ২০১২, বরিশাল জেলার আগৈলঝাড়া কাঠিয়া মাধ্যমিক বিদ্যালয়ের দুই সংখ্যালঘু ছাত্রী হিন্দু কেয়া কির্ত্তনীয়া (১৫) ও খ্রীস্টান ডলি বাইনকে (১৪) কতিপয় আগ্নেয়াস্ত্রধারী মুসলিম দুর্বৃত্ত বলপূর্বক অপহরণ করে নিয়ে গেছে। স্থানীয় থানায় অভিযোগ জানানো সত্বেও পুলিশ অপহৃতদের এখনও পর্যন্ত উদ্ধার করতে পারেন নাই।

● ৯ মে ২০১২, রাঙ্গামাটি জেলার সংগদু উপজেলার সাদাছড়া গ্রামের সংখ্যালঘু বৌদ্ধধর্মাবলম্বী আদিবাসী চাকমা কিশোরী সুজাতা চাকমাকে (১০) কতিপয় মুসলিম দুর্বৃত্ত নির্মমভাবে হত্যা করেছে। তার দেহের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্(রয়েছে। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তে পাঠিয়েছে। সুজাতা উল্টাছড়ি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর ছাত্রী বলে জানা গেছে।

● ৭ মে ২০১২, বরিশাল জেলার উজিরপুর উপজেলার তারাবাড়ি গ্রামের স্কুল শি(িকা সংখ্যালঘু খ্রীস্টান ধর্মাবলম্বী মেরি মিস্ত্রীর (৩৫) ওপর এ্যাসিড ছুড়ে তার দেহ ঝলসে দেওয়া হয়েছে। এলাকার চিহ্নি(ত দুর্বৃত্ত মোঃ সাকিল মাহমুদ বাচ্চু স্কুলে যাবার পথে এ ঘটনা ঘটায়। দুর্বৃত্তদের বি(দ্ধে থানায় মামলা করায় তারা ওই সংখ্যালঘু পরিবারের ওপর আবার হামলা করা হবে বলে হুমকি দিয়েছে। পুলিশ অভিযুক্ত(দের এখনও গ্রেপ্তার করে নাই।

● ৯ মে ২০১২, নরসিংদী জেলার বেলাব উপজেলার পোড়াদিয়া বাজারে সংখ্যালঘু হিন্দু পরিবারের জমি দখলে ব্যর্থ হয়ে দুই হিন্দু যুবককে বেদম পিটিয়ে গু(তর আহত করা হয়েছে। প্রদীপ সরকার ও রতন সরকার তাদের নিজ জমিতে টিনের ঘর নির্মাণ করতে গেলে স্থানীয় মুসলিম দুর্বৃত্ত মোঃ আব্দুল খালেক ও তার দলবল হামলা চালায়। নির্মিত ঘরটি ভেঙ্গে দেয়। শতশত লোকের সামনে ওই দুই যুবককে প্রহার করে গু(তর আহত করেছে।

● ৭ মে ২০১২ সন্ধ্যায়, ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগর উপজেলার জিন্দপুর গ্রামের সংখ্যা লঘু হিন্দু স্বর্ণ ব্যবসায়ী রঞ্জিত কর্মকারকে (৩৮) অপহরণ করে নিয়ে কতিপয় মুসলিম দুর্বৃত্ত হত্যা করেছে। তার মৃতদেহ গোমতি নদীর জল থেকে উদ্ধার করে পুলিশ ময়না তদন্তে পাঠিয়েছে।

১১ মে ২০১২, ইংরাজি দৈনিক ইণ্ডিপেন্ডেন্টের সিনিয়র সাংবাদিক সংখ্যালঘু হিন্দু বিভাস চন্দ্র সাহা ও মতবাদ পত্রিকার ফটো সাংবাদিক শহীদুজ্জামান টিটুকে ঢাকা শহরে ধানমণ্ডি ও শাহাবাগ এলাকায় পরিকল্পিতভাবে বাসের চাকার তলায় পিস্ট করে হত্যা করা হয়েছে।

● ১২ মে ২০১২, নরসিন্দী জেলার পলাশ উপজেলার বড়িবাড়ি গ্রামের সংখ্যালঘু হিন্দু পরিতোষ রায়ের কলেজ পাঠরত ছাত্রী, বাড়ি থেকে কলেজ হোস্টেলে ফেরার পথে, ছাত্রী জুঁই রায়কে (১৯) কতিপয় মুসলিম দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে নির্মমভাবে হত্যা করেছে। পুলিশ জানিয়েছে জুঁই-এর দেহে একাধিক আঘাতের চিহ্(রয়েছে। চিনিশপুরস্থ বাসাইল রেলগেট থেকে ওই ছাত্রীর মৃতদেহ উদ্ধার করা হয়।

● অপহরণের চার মাস পরও উদ্ধার হয় নাই সংখ্যালঘু হিন্দু কিশোরী অষ্টম শ্রেণীর ছাত্রী ফুলবালা সরদার। রাজনৈতিক নেতা, সাংবাদিক, প্রশাসনিক কর্মকর্ত্তার 'পায়ে ধরে' কান্নাকাটি করে মেয়ের কোন সন্ধান পায়নি অপহৃতার মা-বাবা। থানায় অভিযোগ জানালে পুলিশ পরামর্শ দিয়েছে 'আপনাদের ভারতে চলে যাওয়া ভালো—এদেশে থাকলে এমন ঘটনা ঘটতেই পারে।' ১৩ জানুয়ারী ২০১২, প্রতিবেশী মুসলিম দুর্বৃত্ত হাসান সরদার ও তার দলবল ফুলবালার মুখ বেধে অপহরণ করে। সাতী(রা জেলার শ্যামনগর উপজেলার পূর্ব কালিনগর গ্রামের বাসিন্দা খগেন্দ্র নাথ সরদার অশ্রুসজল চোখে মানবাধিকার সংস্থা স্বদেশ কার্যালয়ে তার মেয়ে ফেরত দেবার দাবি জানিয়ে সাংবাদিক সম্মেলন করেন।

● ১৪ মে ২০১২, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া পৌর এলাকার ঝিকিড়া মহল্লার সংখ্যালঘু হিন্দু বাসিন্দা ব্যবসায়ী আশীষ কুণ্ডুকে কতিপয় মুসলিম দুর্বৃত্ত আগ্নেয়াস্ত্রের মুখে অপহরণ করেছে। অপহরণ-কারীরা মোবাইল ফোন যোগে মুক্তি(পণ বাবদ দশ লাখ টাকা দাবি করেছে।

● ১৮ মে ২০১২ সন্ধ্যায়, নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার ভিংরাবো গ্রামে সংখ্যালঘু হিন্দু বাসিন্দা সন্তোষ কুমার মল্লিকের বাড়িতে কতিপয় সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা অর্দ্ধ শতাধিক মানুষের সম্মুখে সন্তোষের বিবাহিতা কন্যা স্মৃতি মল্লিককে (২০) গলা টিপে শ্বাস(দ্ধ করে হত্যা করেছে। অভিযুক্ত(দুর্বৃত্ত মোঃ জামান মিয়া, মোঃ শরীফ হোসেন, মোঃ (বেল মিয়া, মোঃ বাচ্চু মিয়াও আশরাফুল ইসলামের বি(দ্ধে থানায় হত্যা মামলা দায়ের করলেও স্থানীয় থানার একাংশ পুলিশ আত্মহত্যা মামলা বলে প্রকৃত ঘটনা আড়াল করতে চাইছে।

● সম্প্রতি বরিশাল পৌর এলাকার ৩০ নং ওয়ার্ডে গণপাড়া এলাকায় সংখ্যালঘু হিন্দু বাসিন্দা স্বপন কুমার বিশ্বাস, নিমাই চন্দ্র বিশ্বাস, সুমন চন্দ্র বিশ্বাস, সুব্রত চন্দ্র বিশ্বাস, আভারানী বিশ্বাস, পুষ্প রানী বিশ্বাস ও উজ্জ্বল বিশ্বাসদের চার একর ২০ শতক জমি, আনুমানিক মূল্য সাড়ে তিন কোটি টাকা। উক্ত(সম্পত্তি জাল দলিলের মাধ্যমে বাংলাদেশ ন্যাশনাল পার্টির (বিএনপির) সংসদ সদস্য মুজিবর রহমান সরোয়ার এমপির ছোট ভাই মিজানুর রহমান ওয়াহিদ বলপূর্বক দখলের চেষ্টা করছে বলে জানা গেছে। ওই জমিতে বংশাত্র(মে কালী ও শিতলা মন্দির রয়েছে। ২০ এপ্রিল ২০১২ গভীর রাতে দুর্বৃত্ত মিজানুর শতাধিক সশস্ত্র দলবল নিয়ে মন্দির ভাংচুর করার অপচেষ্টা পুলিশ (খে দিয়েছে।

● সম্প্রতি মাদারীপুর সদর উপজেলার কেন্দুয়ায় অবস্থিত ৬৮ বছর পূর্বে প্রতিষ্ঠিত সংখ্যালঘু হিন্দুদের শ্রীশ্রী প্রণব মঠ ও মন্দিরের ৯ শতক জমি স্থানীয় মুসলিম দুর্বৃত্ত আব্দুল সামাদ মোল্লা জবর দখল করে নিয়ে গৃহ নির্মাণ করেছে। মন্দিরের সন্ন্যাসীরা জমি দখল মুক্ত(করার জন্য প্রশাসনের সর্বত্র আবেদন নিবেদন করেও প্রতিকার পাচ্ছে না।

● ২৭ এপ্রিল ২০১২, বন্দর নগরী চট্টগ্রামের পাঁচলাইশ এলাকায়, ফরহাদ ম্যানশনের ছাদে নিয়ে নির্মমভাবে এক ধর্মীয় সংখ্যালঘু হিন্দু ছাত্রকে হত্যা করা হয়েছে। সংখ্যালঘু ছাত্র হিমু মজুমদারকে তার সহপাঠী মুসলিম ছাত্ররা ওই বাড়ির ছাদে নিয়ে যায়, এরপর শারীরিক নির্যাতনের পর হিংস্র প্রকৃতির ৫টি জার্মানি ডোবারম্যান কুকুর লেলিয়ে দেয়া হয়। কুকুরের এলোপাতাড়ি কামড়ে গু(তর আহত হলে, হিমুকে ছাদ থেকে নিচের দিকে ছুড়ে ফেলা হয়। হিমুর বাবা প্রবীর

মজুমদার ও মামা প্রকাশ দাস একটি খুনের মামলা দায়ের করেছেন। অভিযুক্ত(শাহ সেলিম, জুনায়েদ আহমেদ, রিয়াদ, মোঃ সাজু মিয়া, মোঃ ডেনি মিয়া ও মোঃ শাওন মিয়া। পুলিশ অভিযুক্ত(দের এখন গ্রেপ্তার করে নাই।

● ২৪ মে ২০১২ গভীর রাতে, বগুড়া জেলার আদমদীঘি উপজেলার কুসুম্বী গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হিন্দু বাসিন্দা গৌরচন্দ্র ঘোষের বাড়িতে আগ্নেয়াস্ত্রধারী ১৪/১৫ জন সশস্ত্র মুসলিম দুর্বৃত্ত হামলা চালিয়েছে। হামলাকারীরা গৃহকর্তা গৌরচন্দ্র ঘোষ, স্ত্রী মিনতি ঘোষও ছেলে অপু ঘোষকে হাত পা বেঁধে এলোপাতাড়ি ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গু(তর আহত করা হয়। এরপর পারিবারিক মন্দিরে হামলা চালিয়ে দেবীপ্রতিমা ভাংচুর করে ৯ লাখ টাকার সোনা, রূপাসহ বিভিন্ন মূল্যবান সম্পদ লুট করে নিয়ে চলে যায়।

● ২২ মে ২০১২ গভীর রাতে, নড়াইল সদর উপজেলার হাতিয়ারা গ্রামে ধর্মীয় সংখ্যালঘু হতদরিদ্র হিন্দু গৃহবধু কল্পনা বি(াসকে (৪৮) ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে অজ্ঞাত পরিচয় দুর্বৃত্তরা হত্যা করেছে।

